ঐশ্বর্য্যং বিয়দাদিসৃষ্টিসামর্থ্যং ন বিদুঃ, তত্র হেতুঃ—অহমিতি। অয়ং ভাবঃ—দেহোৎপত্ত্যা-নন্তরং হি দেবাদীনাং বুদ্ধ্যাদিলাভো ন চার্ব্বাচীনৈর্বুদ্ধ্যাদিভিঃ। স্বোৎপত্তিপ্রাক্কালীনোঽর্থঃ পরিচ্ছেত্তুং শক্যত ইতি পদার্থঃ স্পষ্টঃ ॥২॥ কস্তর্হি ত্বাং বেত্তীত্যত আহ—য ইতি। যঃ অসংমূঢ়ঃ মাং বেত্তি স এব চ সর্বপাপৈঃ প্রমুচ্যত ইতি সম্বন্ধঃ। জড়াজড়য়োর্বুদ্ধ্যাত্মনো-রেকীভাবেনান্যোন্যাধ্যাসলক্ষণেন মূঢ়ঃ সম্মূঢ়স্তদ্বিপরীতোঽসম্মূঢ়স্তত্ত্বজ্ঞানেন বাধিতাধ্যাসঃ স এবাত্মবিদ্যাদিতরস্য জনিমনুভবন্ মাং প্রত্যগাত্মানং লোকমহেশ্বরমনাদিম্ আদিঃ কারণং তচ্ছূন্যমত এবাজমজাতং বেত্তি স সর্ব্বৈঃ কৃতৈঃ ক্রিয়মাণৈর্বা পাপৈঃ প্রমুচ্যতে। মর্ত্ত্যেষু মধ্যে ॥৩॥ মম মহেশ্বরত্বাদেব মত্তো বুদ্ধ্যাদয়ো ভবন্তীত্যাহ—বুদ্ধিরিতি। বুদ্ধিঃ অন্তঃকরণস্য সূক্ষ্মার্থাববোধনে সামর্থ্যম্। জ্ঞানম্ আত্মানাত্মাদিপদার্থাববোধঃ। অসম্মোহঃ প্রত্যুৎপন্নেষু বোদ্ধব্যেষব্যাকুলতয়া বিবেকপূর্ব্বিকা প্রতিপত্তিঃ। ক্ষমা আক্রুষ্টস্য তাড়িতস্য বা অবিকৃত-চিত্ততা। সত্যং প্রমাণেনাবগতস্যার্থস্য যথার্থত্বেন ভাষণম্। দমো বাহ্যেন্দ্রিয়নিয়মঃ। শমো

মানুষের মধ্যে মোহশূন্য যে মানুষ আদিবিহীন আমাকে জন্মরহিত এবং সর্ব্ব-লোকের নিয়ন্তা বলিয়া জানে, সেই মানুষ সমস্ত পাপ হইতে মুক্ত হয় ॥৩॥

তাৎপর্য্য—ভগবানের স্বরূপ জানাই তত্ত্বজ্ঞান; আবার সে তত্ত্বজ্ঞানে পাপ নষ্ট করে; সুতরাং যিনি ভগবান্‌কে অনাদি, জন্মহীন ও লোকনিয়ন্তা বলিয়া জানেন, তাঁহার পাপ থাকিতে পারে না ॥৩॥

বুদ্ধি, জ্ঞান, মোহশূন্যতা, ক্ষমা, সত্য, বহিরিন্দ্রিয়দমন, অন্তরিন্দ্রিয়দমন, সুখ, দুঃখ, উৎপত্তি, বিনাশ, ভয়, আশ্বাস, অহিংসা, মনের নির্বিকারতা, সন্তোষ, তপস্যা,

অহিংসা সমতা তুষ্টিস্তপো দানং যশোঽযশঃ ।
ভবন্তি ভাবা ভূতানাং মত্ত এব পৃথগ্‌বিধাঃ ॥৫॥ (যুগ্মকম্)
মহর্ষয়ঃ সপ্ত পূর্ব্বে চত্বারো মনবস্তথা ।
মদ্ভাবা মানসা জাতা যেষাং লোক ইমাঃ প্রজাঃ ॥৬॥

ভারতকৌমুদী

মনসঃ স্বস্থতা, তুষ্টিঃ যদৃচ্ছালাভে সন্তোষঃ, তপো দৈহক্লেশ, দানং প্রাপ্তদ্রব্যস্য পাত্রে সমর্পণম্, যশঃ সৎকর্ম্মজা প্রশংসা, অযশঃ দুষ্কর্ম্মজা নিন্দা চ, এতে পৃথগ্‌বিধা বিভিন্নপ্রকারাঃ ভূতানাং নরাণাম্, ভাবা অন্তঃকরণাদ্যবস্থাঃ, মত্তো মৎসকাশাদেব ভবন্তি ॥৪—৫॥

লোকমহেশ্বরত্বমন্যথাপি প্রকটয়তি মহর্ষয় ইতি। পূর্ব্বে প্রাচীনাঃ, সপ্ত মহর্ষয়ো ভৃগুপ্রভৃতয়ঃ, চত্বারঃ সনকাদয়ো মহর্ষয়ঃ, তথা মনবঃ স্বায়ম্ভুবাদয়শ্চতুর্দ্দশ, এতে ময়ি ভাবো ভাবনা ধ্যানং যেষাং তে মহাত্মানঃ, মানসা বিরিঞ্চিরূপস্য মে মনস ইতি মানসা জাতাঃ মনঃসঙ্কল্পমাত্রেণোৎপন্নাঃ, ন পুনর্যোনিজন্মানঃ, অতঃ শুদ্ধাঃ। লোকে জগতি, যেষামিমা ব্রাহ্মণাদয়ঃ প্রজা জনা বর্ত্তন্তে ॥৬॥

ভারতভাবদীপঃ

মনোনিগ্রহঃ। সুখমাহ্লাদঃ। দুঃখং তাপঃ। ভব উৎপত্তিঃ। ভাবঃ সত্তা। অভাবস্তদ্বিপর্য্যয়ঃ। ভয়ং ত্রাসঃ। অভয়মেব চ তদ্বিপরীতম্ ॥৪॥ অহিংসা প্রাণিনামপীড়া। সমতা মিত্রা-মিত্রাদৌ সমচিত্ততা। তুষ্টিঃ সন্তোষো লব্ধে পর্য্যাপ্তবুদ্ধিঃ। তপ ইন্দ্রিয়সংযমপূর্ব্বকং শরীর-পীড়নম্। দানং যথাশক্তি সংবিভাগঃ। যশো ধর্ম্মনিমিত্তা কীর্ত্তিঃ। অযশোঽধর্ম্মনিমিত্তা অকীর্ত্তিঃ। এতে বুদ্ধ্যাদয়ো বিংশতিভাবা মত্ত এব প্রাণিনাং ভবন্তি পৃথগ্‌বিধাঃ প্রত্যেকং নানাপ্রকারাঃ। তত উক্তগুণলাভায়াহমেব ত্বয়া শরণীকরণীয় ইতি ভাবঃ ॥৫॥ এতদেব

দান, যশ ও নিন্দা, মানুষগণের এই সকল নানাবিধ ভাব আমা হইতেই উৎপন্ন হইয়া থাকে ॥৪—৫॥

তাৎপর্য্য—বুদ্ধি, জ্ঞান, মোহশূন্যতা, ক্ষমা, সত্য, দম, শম, সুখ, উৎপত্তি, আশ্বাস, অহিংসা, মনের নির্বিকারতা, সন্তোষ, তপস্যা, দান ও যশ—এই ভাবগুলি মানুষগণের সৎকর্ম্ম অনুসারে আমি দিয়া থাকি, আবার দুঃখ, বিনাশ, ভয় এবং নিন্দা—এই ভাবগুলিও মানুষ-গণের অসৎকর্ম্ম অনুসারে আমিই দান করিয়া থাকি ॥৪—৫॥

ভৃগুপ্রভৃতি সাত জন এবং সনকপ্রভৃতি চারিজন—এই এগার জন প্রাচীন মহর্ষি, আর স্বায়ম্ভুবপ্রভৃতি চৌদ্দজন মনু, মৎপরায়ণ এই মহাত্মারা ব্রহ্মরূপী আমারই মন হইতে জন্মিয়াছিলেন ; জগতের এই সকল লোক যাঁহাদের সন্তান ॥৬॥

তাৎপর্য্য—ভৃগু, মরীচি, অত্রি, পুলস্ত্য, পুলহ, ক্রতু ও বশিষ্ঠ—এই সাত জন এবং সনক, সনন্দ, সনাতন ও সনৎকুমার—এই চারিজন, মোট এগারজন আদিম মহর্ষি ; আর

এতাং বিভূতিং যোগঞ্চ মম যো বেত্তি তত্ত্বতঃ।
সোঽবিকম্পেন যোগেন যুজ্যতে নাত্র সংশয়ঃ ॥৭॥
অহং সর্ব্বস্য প্রভবো মত্তঃ সর্ব্বং প্রবর্ত্ততে।
ইতি মত্বা ভজন্তে মাং বুধা ভাবসমন্বিতাঃ ॥৮॥

ভারতকৌমুদী

সোপাধিকস্য ভগবতো বিভূতিজ্ঞানফলমাহ—এতামিতি। যো জনঃ, এতাং বুদ্ধ্যাদি-মহর্ষ্যাদিরূপাং মম বিভূতিং সম্পদম্, যোগঞ্চ এভিঃ সহ জন্যজনকত্বসম্বন্ধঞ্চ, তত্ত্বতো যথার্থতো বেত্তি; স জনঃ, অবিকম্পেন অবিচলিতেন, যোগেন মদ্বিষয়সমাধিনা যুজ্যতে। অত্র সংশয়ো নাস্তি, বিস্ময়াকুলত্বাৎ ॥৭॥

অবিকম্পযোগযুক্তৌ কারণমাহ চতুর্ভিঃ। অহমিতি। অহম্, সর্ব্বস্য জগতঃ, প্রভবত্যস্মাদিতি প্রভব উৎপত্তের্নিমিত্তমুপাদানঞ্চ কারণম্; সর্ব্বং প্রাগুক্তং বুদ্ধিজ্ঞানাদিকঞ্চ, মত্তো মৎসকাশাদেব প্রবর্ত্ততে; ইতি মত্বা অবগম্য, বুধাস্তত্ত্বজ্ঞানিনঃ, ভাবসমন্বিতা মদ্ভাবনা-যুক্তাঃ সন্তঃ, মাং ভজন্তে সেবন্তে ॥৮॥

ভারতভাবদীপঃ

শিষ্টাচারপ্রদর্শনেন দ্রঢ়য়তি—মহর্ষয় ইতি। সপ্ত ভৃগ্বাদ্যাশ্চত্বারঃ সনকাদয়শ্চ পূর্ব্বে প্রসিদ্ধা মহর্ষয় ইতি সম্বন্ধঃ। তথা মনবশ্চতুর্দ্দশ প্রসিদ্ধাঃ তে সর্ব্বে মানসা হিরণ্যগর্ভরূপস্য মম মনস এবোদ্ভূতা অযোনিজা জাতা উৎপন্না ইমাঃ প্রজাশ্চতুর্বিধা অয়ং লোকশ্চ তদাধারভূতঃ তদুভয়ং যেষাং যৎসম্বন্ধি সন্ততির্যেষাং সন্ততিরিত্যর্থঃ। যদ্বা যেষামিতি ষষ্ঠী পঞ্চম্যর্থে। যেভ্য ইমাঃ প্রজা অয়ং লোকশ্চ জাতা ইত্যর্থঃ। তেঽপি মদ্ভাবা ময্যেব ভাবো মনো যেষাং তে। প্রসিদ্ধমহিমানোঽপ্যেতে যতো মামেবোপাসতেঽতস্ত্বমপি মামুপাস্বেতি ভাবঃ ॥৬॥ উপাস্ত্যা-বধিকারিণমাহ—এতামিতি। এতাং বক্ষ্যমাণাং বিভূতিং যোগঞ্চ বিশ্বতোমুখে ভগবতি মনঃসমাধানং যস্তত্ত্বতো বেত্তি সম্যগনুষ্ঠাতুং জ্ঞাতুঞ্চ সমর্থো ভবতি সোঽবিকম্পেনাচলেন নির্ব্বিকল্পকেন ষষ্ঠাধ্যায়োক্তেন যোগেন মদ্বিষয়েণ সমাধিনা যুজ্যতে ততশ্চ কৃতকৃত্যো ভবতি নাত্র সংশয় ইতি প্রবৃত্ত্যতিশয়ার্থমুচ্যতে ভগবত্যপি সংশয়াসম্ভবাৎ ॥৭॥ উপাসনাস্বরূপমাহ—

স্বায়ম্ভুব, স্বারোচিষ, উত্তম, তামস, রৈবত, চাক্ষুষ, বৈবস্বত, সাবর্ণি, দক্ষসাবর্ণি, ব্রহ্মসাবর্ণি, ধর্ম্মসাবর্ণি, রুদ্রসাবর্ণি, দেবসাবর্ণি, ইন্দ্রসাবর্ণি, এই চৌদ্দ জন মনু ॥৬॥

যে লোক আমার এই সম্পদ্ এবং ইহাদের সহিত আমার সম্বন্ধ যথার্থরূপে জানে, সে লোক অবিচলিত-যোগ-যুক্ত হয়; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৭॥

তাৎপর্য্য—মানুষ আমার এই সকল প্রভাব জানিয়া বিস্ময়ে আকুল হইয়া সর্ব্বদাই আমার ধ্যান করিতে থাকে ॥৭॥

আমি সমগ্র জগতের উৎপত্তির কারণ এবং আমা হইতেই বুদ্ধিপ্রভৃতি সমস্ত ভাব প্রবৃত্ত হয়, ইহা বুঝিয়া জ্ঞানীরা সর্ব্বদা আমার ধ্যানপরায়ণ হইয়া আমার সেবা করিতে থাকেন ॥৮॥

মচ্চিত্তা মদ্গতপ্রাণা বোধয়ন্তঃ পরস্পরম্।
কথয়ন্তশ্চ মাং নিত্যং তুষ্যন্তি চ রমন্তি চ ॥৯॥
তেষাং সততযুক্তানাং ভজতাং প্রীতিপূর্ব্বকম্।
দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে ॥১০॥

ভারতকৌমুদী

ভাবসমন্বয়পূর্ব্বকং ভজনমেব দর্শয়তি—মদিতি। ময়ি পরব্রহ্মণি চিত্তং যেষাং তে, মাং গতাঃ প্রাপ্তাঃ প্রাণা যেষাং তে মদুপাসনার্থজীবনা ইত্যর্থঃ, তে বুধাঃ, পরস্পরং মাং বোধয়ন্তঃ সভাদৌ জ্ঞাপয়ন্তঃ, শিষ্যাদৌ কথয়ন্তশ্চ সন্তঃ, নিত্যং তুষ্যন্তি চ, রমন্তি রমন্তে চ নিবৃতিং লভন্তে চ ॥৯॥

তদ্ভজনফলমাহ—তেষামিতি। প্রীতিপূর্ব্বকং ময়ি প্রেমপূর্ব্বকমেব, ন তু কিঞ্চিৎকামপূর্ব্বকং ভজতাম্, অতএব সততযুক্তানাং সর্ব্বদা ময্যাসক্তচিত্তানাম্, তেষাং বুধানাম্, তং বুদ্ধিযোগং জ্ঞানরূপমুক্ত্যুপায়ম্, অহং দদামি; যেন বুদ্ধিযোগেন, তে বুধাঃ, মামেব উপযান্তি ঘটাকাশা মহাকাশমিব প্রাপ্নুবন্তি ময়ি লীয়ন্ত ইত্যর্থঃ ॥১০॥

ভারতভাবদীপঃ

দ্বাভ্যাম্ অহমিতি। বুধা মাং প্রত্যগাত্মানমিতি মত্বা ভজন্তে ইতি কথম্ অহমেব সর্ব্বস্য জগতঃ প্রভব উৎপত্তিঃ মত্তো মদনুগ্রহং প্রাপ্যৈব সর্ব্বং বুদ্ধ্যাদিকং স্বস্বকার্য্যায় প্রবর্ত্ততে অহমেব জগতঃ কর্ত্তান্তর্যামী চেত্যহং গ্রহেণাত্মানমুপাসীতেতি ভাবঃ। ভাবসমন্বিতাঃ ভাবনাযুক্তাঃ এতচ্চোত্তরার্থম্ ॥৮॥ এবং ধ্যানে ভাবনাপ্রকারমুক্ত্বা বুদ্ধ্যানে তমাহ—মচ্চিত্তা ইতি। অহমেব চিত্তে যেষাং তে মচ্চিত্তাঃ, তথাহমেব গতো বিদ্যমানো যেষু তে মদ্গতাস্তথাবিধাঃ প্রাণা ইন্দ্রিয়াণি যেষাং তে মদ্গতপ্রাণাঃ। চিত্তেনেন্দ্রিয়ৈর্ব্বা যদ্গৃহ্যতে তৎসর্ব্বং প্রত্যগাত্মা বাসুদেব ইতি ভাবয়ন্ত ইত্যর্থঃ। ইমমেবার্থং পরস্পরং বোধয়ন্তঃ শাস্ত্রযুক্তিপ্রদর্শনেন সমানানাং সমুদায়ং জ্ঞাপয়ন্তঃ কথয়ন্তশ্চ শিষ্যান্ প্রতি তুষ্যন্তি তেনৈব জ্ঞানেন ন তু মিষ্টান্নাদিনা রমন্তি চ তত্রৈব ন তু স্ত্র্যাদাবিত্যর্থঃ ॥৯॥ উপাসনায়াঃ ফলমাহ—তেষামিতি।

তাৎপর্য্য—জ্ঞানীরা উক্তরূপ বুঝিতে পারেন বলিয়াই সর্ব্বদা আমার ধ্যান এবং আমার প্রতি ভক্তি করিতে থাকেন ॥৮॥

জ্ঞানীরা সর্ব্বদাই আমার উপরে চিত্ত সমর্পণ করিয়া রাখেন, আমার উপাসনার জন্যই তাঁহাদের জীবন—এইরূপ মনে করেন এবং সভাপ্রভৃতি স্থানে আমার বিষয়ই পরস্পর বুঝাইয়া থাকেন, আর শিষ্যদের নিকটেও আমার বিষয়ই বলেন; এইভাবে তাঁহারা সর্ব্বদাই সন্তুষ্ট ও নির্বৃত থাকেন ॥৯॥

তাৎপর্য্য—একমাত্র আমিই জ্ঞানীদের ধ্যেয় ও আলোচ্য বিষয় হইয়া থাকি ॥৯॥

প্রীতিপূর্ব্বক আমার সেবাকারী এবং আমাতে নিবেশিতচিত্ত সেই জ্ঞানিগণের সেইরূপ জ্ঞান আমি দিয়া থাকি, যাহাদ্বারা তাঁহারা আমাকে লাভ করিতে পারেন ॥১০॥

তেষামেবানুকম্পার্থমহমজ্ঞানজং তমঃ।
নাশয়াম্যাত্মভাবস্থো জ্ঞানদীপেন ভাস্বতা ॥১১॥

অর্জ্জুন উবাচ ;

পরং ব্রহ্ম পরং ধাম পবিত্রং পরমং ভবান্।
পুরুষং শাশ্বতং দিব্যমাদিদেবমজং বিভুম্ ॥১২॥

ভারতকৌমুদী

নমু তেষামপি মুক্তিপ্রতিবন্ধকমজ্ঞানং তিষ্ঠত্যেবেত্যাহ তেষামিতি। অহম্, আত্মভাবস্থঃ তেষামেব বুদ্ধিবৃত্তৌ স্থিতঃ সন্, ভাস্বতা বিষয়াসক্তিপবনেরণাভাবাৎ সুস্থতয়া উজ্জ্বলেন, জ্ঞানমেব দীপস্তেন, অনুকম্পার্থং মদ্ভক্ত্যতিশয়াদ্দয়াপ্রকাশার্থমেব, তেষাং বুধানাম্, অজ্ঞানজং ভ্রমোপাদানকম্, তমঃ স্বভাবাবরণকারণীভূতমন্ধকারম্, নাশয়ামি। ততশ্চ গৃহাগতো ঘট ইবাহং তেষাং প্রত্যক্ষীভবামীতি ভাবঃ ॥১১॥

সংক্ষেপেণ শ্রুতাং বিভূতিং বিস্তরেণ শ্রোতুং স্তবেন ভগবন্তমভিমুখীকুর্ব্বন্নর্জ্জুন উবাচ যুগ্মকেন। পরমিতি। হে বাসুদেব! ভবান্, পরং ব্রহ্ম পরমাত্মা, পরং ধাম অপ্রতিহতং

ভারতভাবদীপঃ

সততযুক্তানাং নিত্যোৎসাহবতাং প্রীতিঃ প্রেমা তৎপূর্ব্বকং ভজতাং সেবমানানাং তেভ্যো দদামি তং বুদ্ধিযোগং জ্ঞানরূপং যোগং সমাধিং জ্ঞাননিষ্ঠামিত্যর্থঃ। তং দদামি যেন যয়া নিষ্ঠয়া তে মামুপযান্তি সমুদ্রমিব নদ্যোঽভেদেন প্রবিশন্তি ॥১০॥ কিঞ্চ তেষাং ভক্তানামুপর্য্যনুকম্পার্থং ন স্বপ্রয়োজনসিদ্ধ্যর্থং রাজবৎ। বুদ্ধিযোগপ্রদানেনাজ্ঞানজমবিবেকাদুত্থিতং মিথ্যাপ্রত্যয়লক্ষণং মোহান্ধকারং তমোনামকং সর্ব্বানর্থনিদানমূলাজ্ঞাননাশেন নাশয়ামি আত্মভাবস্থঃ আত্মনো ভাবোঽন্তঃকরণগৃহং তৎস্থঃ জ্ঞানরূপেণ দীপেন ভাস্বতা প্রবলেন। অয়ং ভাবঃ—তত্ত্বমসীতিবাক্যজা ব্রহ্মাকারান্তঃকরণবৃত্তিঃ স্বোৎপত্তয়ে শ্রবণমননধ্যানানি শমাদীনি কর্ম্মাণি চাপেক্ষতে। যথা দীপঃ স্বোৎপত্তয়ে তৈলবর্ত্ত্যগ্ন্যাদীন্। উৎপন্না তু তমোনাশেন স্ববিষয়প্রকাশনার্থং প্রত্যয়াবৃত্তিলক্ষণং প্রসংখ্যানঞ্চ কর্ম্মভিরুপকারং বা নাপেক্ষতে। ন হি জাতে ঘটে তদাকারপ্রত্যয়া বৃত্তির্বা কর্ম্মাপেক্ষা বা তজ্জ্ঞানদার্ঢ্যায়াপেক্ষতে প্রমাণব্যাপ্তিমাত্রসাপেক্ষত্বাজ্জ্ঞানস্য। তস্মাদ্যে উৎপন্নজ্ঞানানামপি প্রসংখ্যানাপেক্ষাং কর্ম্মভিরুপকারাপেক্ষাঞ্চ বদন্তি তে বলাদেব মোক্ষস্য কৃতকতামনিত্যতাঞ্চ প্রার্থয়ন্ত ইতি দিক্ ॥১১॥ এবমেতাং

তাৎপর্য্য—তত্ত্বজ্ঞান ব্যতীত মুক্তি হইতে পারে না; সুতরাং আমার সেবার ফলে আমি সেবকদিগকে এমন তত্ত্বজ্ঞান দিয়া থাকি, যাহাতে তাঁহারা অনায়াসে মুক্ত হন ॥১০॥

আমি সেবকদিগের বুদ্ধিবৃত্তিতে থাকিয়া দয়া প্রকাশ করিবার জন্য উজ্জ্বল জ্ঞানরূপ দীপদ্বারা তাঁহাদের অজ্ঞানান্ধকার নষ্ট করিয়া থাকি” ॥১১॥

তাৎপর্য্য—অন্ধকার থাকিলে যেমন বস্তু দেখা যায় না, তেমন অজ্ঞান থাকিলে পরমাত্মাকে দেখা যায় না; অতএব আমি জ্ঞানরূপ প্রদীপদ্বারা সেবকদিগের অজ্ঞানরূপ অন্ধকার নষ্ট করিয়া থাকি; তাহাতেই তাঁহারা আমাকে দেখিতে পান ॥১১॥

আহুস্ত্বামৃষয়ঃ সর্ব্বে দেবর্ষির্নারদস্তথা ।
অসিতো দেবলো ব্যাসঃ স্বয়ঞ্চৈব ব্রবীষি মে ॥১৩॥ (যুগ্মকম্)
সর্ব্বমেতদৃতং মন্যে যন্মাং বদসি কেশব ! ।
ন হি তে ভগবন্ ! ব্যক্তিং বিদুর্দেবা ন দানবাঃ ॥১৪॥

ভারতকৌমুদী

তেজঃ, পরমং পবিত্রঞ্চ বিষয়াসংস্পর্শাদিতি মন্ত ইতি শেষঃ। যেন হি বশিষ্ঠাদয়ঃ সর্ব্ব ঋষয়ঃ, তথা দেবর্ষির্নারদঃ, অসিতো দেবলো ব্যাসশ্চ, ত্বাম্, পুরুষং সাংখ্যসম্মতং চিৎস্বরূপম্, শাশ্বতং নিত্যম্, দিব্যমলৌকিকম্, আদিশ্চাসৌ দেবো দ্যোতনাত্মকশ্চেতি তম্, অজং জন্মরহিতম্, বিভুং সর্ব্বব্যাপকঞ্চ, আহুর্ব্বদন্তি ; ত্বং স্বয়ঞ্চ, মে মহ্যং তথৈব ব্রবীষি ॥১২—১৩॥

সর্ব্বমিতি। হে কেশব ! ত্বং মাং যৎ "ন মে বিদুঃ সুরগণাঃ প্রভবং ন মহর্ষয়ঃ" ইত্যাদিকং বদসি, তদেতৎ সর্ব্বম্, ঋতং সত্যমেব মন্যে। হি যস্মাৎ, হে ভগবন্ ! প্রশস্তৈশ্বর্য্যশালিন্ ! প্রভাবশালিনো দেবাঃ ন, শক্তিশালিনো দানবাশ্চ ন, তে তব, ব্যক্তিম্ অনুগ্রহায় নিগ্রহায় বাবির্ভাবম্, বিদুর্জানন্তি ॥১৪॥

ভারতভাবদীপঃ

বিভূতিং যোগং চেত্যাদিনা বিভূতিজ্ঞানস্য ফলোদর্কং শ্রুত্বা তৎপ্রাপ্ত্যুৎসুকঃ প্রথমং স্তুত্যা ভগবন্তমার্জবয়ন্নর্জ্জুন উবাচ—পরমিতি। পরং ব্রহ্ম ন ত্বপরমুপাস্যম্। "তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসত" ইতি শ্রুতেঃ। পরং ধাম জ্যোতির্ন ত্বপরং বৃত্তিরূপং জ্ঞানম্। "এতস্য ত্রৌর্যৌর্ভীরিত্যেতৎ সর্ব্বং মন এব" ইতি শ্রুতের্বৃত্তিরূপত্বাৎ পরমং পবিত্রং ন তু তীর্থাদিবদপরমং ভবান্। তত্র মানমাহ—পুরুষমিতি সার্দ্ধেন। পুরুষং দেহান্তরস্থং শাশ্বতং নিত্যং দিব্যং দিবি হার্দ্দাকাশে আবিভূর্তম্ আদিদেবং স্বপ্রাত্মনোঽপ্যাদ্যম্ অতএব অজং বিভুং ব্যাপকং ত্বাম্ ঋষয় আহুরিতি সম্বন্ধঃ ॥১২—১৩॥ ব্যক্তিং প্রভবম্ ॥১৪॥ হে ভূতভাবন ! ভূতানাং ভাবক !

অর্জ্জুন বলিলেন—"দেব ! আপনি—পরব্রহ্ম, পরম তেজ এবং অত্যন্ত পবিত্র। কেন না, ঋষিরা সকলে, দেবর্ষি নারদ, অসিত, দেবল ও বেদব্যাস আপনাকে—পুরুষ, নিত্য, অলৌকিক, আদিদেব, জন্মহীন ও সর্ব্বব্যাপক বলিয়া থাকেন এবং আপনি নিজেও তাহাই বলিতেছেন ॥১২—১৩॥

তাৎপর্য্য—গুরুতর ভক্তি ও শ্রদ্ধা উপস্থিত হওয়ায় অর্জ্জুন এখানে 'ত্বং' না বলিয়া 'ভবান্' বলিয়াছেন। অন্য তাৎপর্য্য পরে বলা হইবে ॥১২—১৩॥

কেশব ! তুমি আমার নিকট যাহা বলিলে, সে সমস্তই আমি সত্য বলিয়া মনে করি। কারণ, হে ভগবন্ ! দেবগণ বা দানবগণও আপনার আবির্ভাবের কারণ জানেন না ॥১৪॥

তাৎপর্য্য—অর্জ্জুন, সখিজ্ঞানে 'তুমি' আর ব্রহ্মজ্ঞানে 'আপনি' প্রয়োগ করিয়াছেন। ঋষিরা বলিয়াছেন, তুমি বলিয়াছ এবং আমিও কিছু কিছু অনুভব করি ; এই সকল কারণে তোমার উক্তিগুলিকে সত্য বলিয়াই মনে করি ॥১৪॥

স্বয়মেবাত্মনাত্মানং বেত্থ ত্বং পুরুষোত্তম!।
ভূতভাবন! ভূতেশ! দেবদেব! জগৎপতে! ॥১৫॥
বক্তুমর্হস্যশেষেণ দিব্যা হ্যাত্মবিভূতয়ঃ।
যাভির্বিভূতিভির্লোকানিমাংস্ত্বং ব্যাপ্য তিষ্ঠসি ॥১৬॥
কথং বিদ্যামহং যোগিন্! ত্বাং সদা পরিচিন্তয়ন্।
কেষু কেষু চ ভাবেষু চিন্ত্যোঽসি ভগবন্! ময়া ॥১৭॥

ভারতকৌমুদী

তর্হি কোঽপি কিং ন বেত্তীত্যাহ—স্বয়মিতি। হে পুরুষোত্তম! যেন হি ভূতানি ভাবয়তি উৎপাদয়তীতি সঃ, হে তাদৃশ!। উৎপাদয়িতাপি উৎপাদিতেষু নেষ্টে ইত্যাহ—ভূতেশেতি। হে ভূতনিয়ন্তঃ!। অথ নিয়ন্তাপি কদাচিদারাধ্যো ন স্যাদিত্যাহ—দেবদেবেতি। হে দেবানামপ্যারাধ্য!। আরাধ্যোঽপি ন পাতীত্যাহ—জগৎপত ইতি। হে জগৎপালয়িতঃ! ত্বং স্বয়মেব নান্যঃ, আত্মনা যেনৈব ন পুনঃ সাধনান্তরেণ, আত্মানম্, বেত্থ জানাসি। ইতি সাধীয়ান্ স্তবঃ ॥১৫॥

ইদানীং স্বাশয়মাহ—বক্তুমিতি। হে ভগবন্! ত্বং যাভির্বিভূতিভিঃ সম্পদ্ভিঃ, ইমান্ লোকান্ ব্যাপ্য তিষ্ঠসি, তাঃ, আত্মনস্তব বিভূতয়ঃ, দিব্যা হি অলৌকিক্য এব। অতএব ত্বমেব তা বিভূতীঃ অশেষেণ সাকল্যেন বক্তুমর্হসি ॥১৬॥

হে পুরুষোত্তম! হে সমস্ত ভূতের উৎপাদক! হে সকল ভূতের অধীশ্বর! হে দেবগণেরও আরাধ্য! হে বিশ্বপালক। আপনি নিজেই নিজেকে জানেন ॥১৫॥

তাৎপর্য্য—কেহ কেহ উৎপাদক হইয়াও উৎপাদিতের নিয়ন্তা হন না; এই জন্যই ভূতেশ অর্থাৎ ভূতনিয়ন্তা বলিলেন। কেহ কেহ নিয়ন্তা হইয়াও আরাধ্য হন না; এই জন্যই দেবদেব অর্থাৎ দেবগণেরও আরাধ্য বলিলেন। কেহ কেহ আরাধ্য হইয়াও পালন করেন না; এই জন্যই জগৎপতি অর্থাৎ বিশ্বপালক বলিলেন। এই সকল কারণে আপনি পুরুষোত্তম। আপনি ভিন্ন আপনাকে কেহ জানে না। কারণ, আপনি অন্যের বাক্য-মনের অগোচর ॥১৫॥

আপনি যে সকল বিভূতি-(সম্পদ্) দ্বারা এই ব্রহ্মাণ্ড ব্যাপিয়া রহিয়াছেন, আপনার সে বিভূতিগুলি অলৌকিকই বটে; অতএব আপনি আপনার সেই বিভূতি সকল আমার নিকট বলিতে পারেন ॥১৬॥

তাৎপর্য্য—অর্জ্জুন এখানে অনুমান করিয়া বলিলেন যে, আপনি যে সকল বিভূতিদ্বারা ব্রহ্মাণ্ড ব্যাপিয়া রহিয়াছেন, সেগুলি অলৌকিক। না হইলে, জানা থাকিলে জানিতে চাহিতেন না ॥১৬॥

বিস্তরেণাত্মনো যোগং বিভূতিঞ্চ জনার্দ্দন!।
ভূয়ঃ কথয় তৃপ্তির্হি শৃণ্বতো নাস্তি মেঽমৃতম্ ॥১৮॥
শ্রীভগবানুবাচ।
হন্ত তে কথয়িষ্যামি দিব্যা হ্যাত্মবিভূতয়ঃ।
প্রাধান্যতঃ কুরুশ্রেষ্ঠ! নাস্ত্যন্তো বিস্তরস্য মে ॥১৯॥

ভারতকৌমুদী

বিভূতিকথনপ্রয়োজনমাহ শ্লোকদ্বয়েন। কথমিতি। যোগো নিরতিশয়ৈশ্বর্য্যসম্বন্ধোঽস্যাস্তীতি যোগী। হে যোগিন্! অতিস্থূলবুদ্ধিরহম্, সদা পরিচিন্তয়ন্ ধ্যায়ন্নপি, কথং কেন প্রকারেণ, ত্বাং দেবাদিভিরপি জ্ঞাতুমশক্যং ভবন্তম্, বিদ্যাং জানীয়াং জ্ঞাতুং শক্নুয়াম্, অপি তু কথমপি নেত্যর্থঃ। কিঞ্চ হে ভগবন্! নিরতিশয়শক্তিশালিন্! ময়া কেষু কেষু ভাবেষু পদার্থেষু, চিন্ত্যোঽসি জ্ঞাতুং ধ্যেয়োঽসি ॥১৭॥

বিস্তরেণেতি। জনান্ দুষ্টলোকানর্দ্দয়তি পীড়য়তীতি জনার্দ্দনঃ, জনৈর্মুমুক্ষুভিঃ অর্দ্দ্যতে মুক্তয়ে যাচ্যত ইতি বা জনার্দ্দনঃ। হে জনার্দ্দন! ত্বং সপ্তমে নবমে চাধ্যায়ে সংক্ষেপেণোক্তবান্, ইদানীন্তু ভূয়ঃ পুনর্বিস্তরেণ, আত্মনো যোগং সর্ব্বভূতেষু সম্বন্ধং বিভূতিং সম্পদঞ্চ, কথয়। হি যস্মাৎ, অমৃতম্ অমৃততুল্যং ত্বদ্বাক্যম্, শৃণ্বতঃ শ্রোত্রাভ্যাং পিবতো মে, তৃপ্তিঃ নিষ্প্রয়োজনত্ববোধনেচ্ছাবিচ্ছেদো নাস্তি ॥১৮॥

ভারতভাবদীপঃ

॥১৫॥ এবং স্বস্বাত্মনো বুভুৎসিতমাহ—বক্তুমিতি ॥১৬॥ যোগম্ ঐশ্বর্য্যং তদ্বন্ হে যোগিন্! ত্বাং কথং চর্ম্মচক্ষুষা বিদ্যাং ন কথমপীতি বিশ্বরূপদর্শনস্য দৌর্লভ্যং মত্বানঃ কতিপয়েষ্বেব স্থানেষু ভগবন্তং চিন্তয়িষ্যামি বিশ্বরূপদর্শনেঽধিকারসিদ্ধ্যর্থমিত্যাশয়েনাহ—কেষ্বিতি ॥১৭॥ যোগং বৈশ্বরূপ্যং বিভূতিং ধ্যানালম্বনম্ অমৃতমমৃতস্য মোক্ষস্য সাধনম্ ॥১৮॥ অত্রোত্তরং শ্রীভগবানু-

---

মহাপ্রভাবশালিন্।' আমি সর্ব্বদা ধ্যান করিয়াও আপনাকে কি প্রকারে জানিতে পারিব? ভগবন্! আমি কোন্ কোন্ পদার্থে আপনাকে চিন্তা করিব? ॥১৭॥

তাৎপর্য্য—ভগবন্! আমার বুদ্ধি অত্যন্ত স্থূল, ওদিকে আপনি দেবতাপ্রভৃতিরও অজ্ঞেয়। এ অবস্থায় আমি ত কোন প্রকারেই আপনাকে জানিতে পারিব না। তা'র পর, কোন্ কোন্ পদার্থে আপনাকে চিন্তা করিব, তাহা বলিয়া দিন ॥১৭॥

জনার্দ্দন! আপনি আবার বিস্তরক্রমে সর্ব্বভূতের সহিত আপনার সম্বন্ধ ও সম্পদের কথা বলুন। কারণ, আপনার অমৃতময় বাক্য শুনিয়া আমার তৃপ্তি হইতেছে না" ॥১৮॥

তাৎপর্য্য—আপনি সপ্তম ও নবম অধ্যায়ে আপনার সম্বন্ধ ও সম্পদের কথা সংক্ষেপে বলিয়াছেন; সুতরাং এখানে আবারও তাহা বিস্তরক্রমে বলুন। কেন না, আপনার অমৃততুল্য বাক্য শুনিয়া আমার আকাঙ্ক্ষা মিটিতেছে না ॥১৮॥

অহমাত্মা গুড়াকেশ! সর্ব্বভূতাশয়স্থিতঃ।
অহমাদিশ্চ মধ্যঞ্চ ভূতানামন্ত এব চ ॥২০॥

ভারতকৌমুদী

অথোত্তরং শ্রীভগবানুবাচ—হন্তেতি। হন্তেতি হর্ষে। হর্ষশ্চ ভক্তাগ্রহদর্শনাৎ। হে কুরুশ্রেষ্ঠ! আত্মনো মম বিভূতয়ঃ সম্পদঃ, দিব্যা হি অলৌকিক্য এব। তাশ্চ তে তব সমীপে, প্রাধান্যতঃ প্রাধান্যেন কথয়িষ্যামি তাসাং মধ্যে প্রধানা এব কথয়িষ্যামীত্যর্থঃ। যেন হি মে বিভূতীনাং বিস্তরস্য অন্তঃ শেষো নাস্তি। অতস্তা বক্তুং বর্ষশতেনাপি ন শক্যন্ত ইত্যাশয়ঃ ॥১৯॥

"বিস্তরেণাত্মনো যোগং বিভূতিঞ্চ জনার্দ্দন!। ভূয়ঃ কথয়" ইত্যর্জ্জুনপ্রশ্নক্রমেণাদাবাত্মনঃ সর্ব্বভূতসম্বন্ধমাহ—অহমিতি। গুড়াকা নিদ্রা তস্যা ঈশো নিয়ন্তা জিতনিদ্রঃ সর্ব্বদা সতর্ক ইত্যর্থঃ। তৎসম্বোধনম্। তেন চ ত্বং সর্ব্বথৈব মে ধ্যানকরণযোগ্য ইতি সূচিতম্। অহম্, সর্ব্বেষামেব ভূতানাং প্রাণিনাম্ আশয়ে হৃদয়ে স্থিতঃ, আত্মা জীবঃ, দর্পণে প্রতিবিম্ব ইব। তথাহম্, ভূতানাং জন্যপদার্থানাম্, আদির্জন্মকারণম্, মধ্যং স্থিতিঃ স্থিতিকারণঞ্চ, অন্ত এব চ নাশকারণঞ্চ, "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" ইত্যাদিশ্রুতেঃ "জন্মাদ্যস্য যতঃ" ইতি বেদান্তসূত্রাচ্চ। এতদ্ভূতত্রয়রূপেণৈবাহং যথাশক্তি ধ্যেয় ইতি ভাবঃ। এবং সর্ব্বত্র ॥২০॥

ভারতভাবদীপঃ

বাচ হন্তেতি। হন্ত ইদানীং হন্তেত্যনুমতৌ বা দিব্যাঃ পুরাণান্তরেষপি শ্রেষ্ঠত্বেন প্রসিদ্ধা যাঃ আত্মবিভূতয়স্তাঃ কথয়ামীতি যোজনা। প্রাধান্যত ইতি যোগোপকারিত্বেন বিভূতয় ইহ প্রাধান্যেন। যোগস্তু সংক্ষেপেণৈবোচ্যতে তস্যাগ্রে বক্ষ্যমাণত্বাদিতি ভাবঃ। অন্যথা যোগং বিভূতিঞ্চ কথয়েতি পৃষ্টে বিভূতিমাত্রকথনেনানবহিতচিত্তত্বং ভগবতঃ স্যাৎ। নাস্ত্যন্তো বিস্তরস্য মে বিভূতীনামিতি বিপরিণামেনানুষঙ্গনীয়ম্ ॥১৯॥ সংক্ষেপেণ যোগমাহ—অহমিতি। হে গুড়াকেশ! হে জিতনিদ্র! ঘনকেশেতি বা, অহং বাসুদেব আত্মা অততীত্যাত্মা ব্যাপকঃ অতএব সর্ব্বেষাং ভূতানামাশয় একীভাবস্থানং জলানামিব কাসারো জলাশয়স্তদ্বদহং সর্ব্বভূতাশয়ঃ স্থিতোঽচলঃ। "খর্পরে শরি বা বিসর্গলোপো বক্তব্য" ইতি বার্ত্তিকেন পক্ষে বিসর্গলোপঃ। ভাষ্যে তু সর্ব্বেষাং ভূতানামাশয়েঽন্তর্হৃদি স্থিত ইতি ব্যাখ্যাতম্। সর্ব্বভূতাশয়ত্বাদেবাহং আদির্জন্মকারণম্। মধ্যং স্থিতিকারণম্। ভূতানামন্তো লয়স্থানম্। সর্ব্বমিদং ব্রহ্মাণ্ড

কৃষ্ণ বলিলেন—"কৌরবশ্রেষ্ঠ! আমার বিভূতি সকল অলৌকিকই বটে। তবে তাহার মধ্যে প্রধান প্রধান বিভূতিই তোমার নিকট বলিব। কারণ, আমার বিস্তৃত বিভূতির অন্ত নাই ॥১৯॥

তাৎপর্য্য—পরমভক্ত অর্জ্জুন জ্ঞানলাভের জন্য আকুল হইয়া ভগবানের বিভূতি শুনিবার নিমিত্ত আগ্রহ প্রকাশ করিলেন দেখিয়া ভগবান্‌ও আনন্দিত হইলেন এবং 'হন্ত'-শব্দদ্বারা সেই আনন্দের সূচনা করিলেন। যুদ্ধ সন্নিহিত, অধিক সময় নাই; তাই সংক্ষেপে বলিবার জন্যই প্রধান বিভূতিগুলি বলিবার অঙ্গীকার করিলেন ॥১৯॥

আদিত্যানামহং বিষ্ণুর্জ্যোতিষাং রবিরংশুমান্।
মরীচির্মরুতামস্মি নক্ষত্রাণামহং শশী ॥২১॥
বেদানাং সামবেদোঽস্মি দেবানামস্মি বাসবঃ।
ইন্দ্রিয়াণাং মনশ্চাস্মি ভূতানামস্মি চেতনা ॥২২॥

ভারতকৌমুদী

এবং যোগাখ্যং সর্ব্বভূতসম্বন্ধমুক্তা দশমাধ্যায়সমাপ্তিং যাবদাত্মনো বিভূতিমাহ—আদিত্যানামিতি। অহম্, দ্বাদশানামাদিত্যানাং মধ্যে বিষ্ণুর্নামাদিত্যঃ, জ্যোতিষাং তেজসাং মধ্যে, অংশুমান্ সাতিশয়কিরণশালী, রবিঃ সূর্য্যঃ। মরুতাম্ ঊনপঞ্চাশদ্বায়ূনাং মধ্যে, মরীচির্নাম বায়ুরস্মি, তথা নক্ষত্রাণাং রাত্রৌ গগনে প্রকাশমানানাং মধ্যে, শশী চন্দ্রঃ। পূর্ব্বোক্তধ্যানাশক্তৌ এতদেতদ্রূপেণ ধ্যেয় ইত্যাশয়ঃ ॥২১॥

বেদানামিতি। চতুর্ণাং বেদানাং মধ্যে গানমধুরঃ সামবেদোঽস্মি; দেবানাং মধ্যে তদধিপতির্বাসব ইন্দ্রোঽস্মি। ইন্দ্রিয়াণাং মধ্যে চ তৎসর্ব্বপ্রবর্ত্তকং মনোঽস্মি। "মনঃ ষষ্ঠানীন্দ্রিয়াণি" ইতি বক্ষ্যমাণবচনান্মনসোঽপীন্দ্রিয়ত্বম্। ভূতানাং প্রাণিনাং সম্বন্ধে চেতনা বুদ্ধিবৃত্তিরস্মি ॥২২॥

ভারতভাবদীপঃ

মধ্যেবাস্তীতি ভাবঃ ॥২০॥ যোগমুক্ত্বা বিভূতীরাহ—আদিত্যানামিত্যাদিনা যাবদধ্যায়সমাপ্তি। আদিত্যানাং দ্বাদশানাং মধ্যে বিষ্ণুনামাদিত্যোঽহং বামনাবতারো বা। জ্যোতিষামগ্ন্যাদীনাং মধ্যে রবিরংশুমান্ অত্যন্তং প্রতপনশীলো নিদাঘমধ্যাহ্নে তীব্রাতপবান্ রবিরহমেবেত্যর্থঃ। মরুতাং সপ্তসপ্তকানাং মধ্যে মরীচিরহম্। নক্ষত্রাণাং তারাণাং তত্র প্রায়েণ নির্দ্ধারণে ষষ্ঠী, ভূতানামস্মি চেতনেত্যাদৌ সম্বন্ধেঽপি। শশী চন্দ্রমাঃ ॥২১॥ সামবেদো গানেন রমণীয়ত্বাৎ, বাসবো দেবরাজত্বাৎ, মন ইন্দ্রিয়ান্তরপ্রবর্ত্তকত্বাৎ, চেতনা ধীবৃত্তিঃ

অর্জ্জুন। আমি সমস্ত প্রাণীর হৃদয়স্থিত জীবাত্মা এবং আমি সকল জন্য পদার্থের উৎপত্তি, স্থিতি ও বিনাশের কারণ ॥২০॥

তাৎপর্য্য—দর্পণে যেমন প্রতিবিম্ব থাকে, তেমন আমি প্রাণিগণের হৃদয়ে জীবরূপে থাকি এবং আমা হইতেই সমস্ত জন্য পদার্থের উৎপত্তি, স্থিতি ও প্রলয় হইয়া থাকে। অর্জ্জুন! তুমি এই দুইরূপে আমাকে ধ্যান করিবে ॥২০॥

দ্বাদশ আদিত্যের মধ্যে আমি 'বিষ্ণু'-নামক আদিত্য, তেজোময় পদার্থের মধ্যে আমি ব্যাপি-কিরণশালী সূর্য্য, ঊনপঞ্চাশৎ বায়ুর মধ্যে আমি 'মরীচি'-নামক বায়ু এবং রাত্রিতে আকাশে দীপ্তিশালী পদার্থগুলির মধ্যে আমি চন্দ্র ॥২১॥

তাৎপর্য্য—'এক এক শ্রেণীর পদার্থের মধ্যে যে যে পদার্থ প্রধান, সেই সেই পদার্থই আমি'—এইরূপ মোট কথা বুঝিতে হইবে এবং সেই সেই রূপে ভগবান্‌কে ধ্যান করিবে। ইহাই প্রকৃত উপদেশ ॥২১॥

রুদ্রাণাং শঙ্করশ্চাস্মি বিত্তেশো যক্ষরক্ষসাম্।
বসূনাং পাবকশ্চাস্মি মেরুঃ শিখরিণামহম্ ॥২৩॥
পুরোধসাঞ্চ মুখ্যং মাং বিদ্ধি পার্থ! বৃহস্পতিম্।
সেনানীনামহং স্কন্দঃ সরসামস্মি সাগরঃ ॥২৪॥

ভারতকৌমুদী

রুদ্রাণামিতি। একাদশানাং রুদ্রাণাং মধ্যে অহং শঙ্করঃ শিবশ্চাস্মি, যক্ষাশ্চ রক্ষাংসি রাক্ষসাশ্চ তেষাং মধ্যে অহং বিত্তেশো ধনপতিঃ কুবেরোঽস্মি। অষ্টানাং বসূনাং মধ্যে পাবকঃ অগ্নিশ্চাস্মি, শিখরিণামুচ্চানাং গিরীণাং মধ্যে মেরুঃ সুমেরুরস্মি ॥২৩॥

পুরোধসামিতি। হে পার্থ! মাম্, পুরোধসাং রাজপুরোহিতানাং মধ্যে মুখ্যং প্রধানং বৃহস্পতিম্, বিদ্ধি জানীহি, দেবরাজপুরোহিতত্বাৎ। অহম্, সেনানীনাং সেনাপতীনাং মধ্যে স্কন্দঃ কার্ত্তিকেয়োঽস্মি, সরসাং জলাশয়ানাং মধ্যে সাগরোঽস্মি ॥২৪॥

ভারতভাবদীপঃ

চিদভিব্যক্তিহেতুত্বাৎ, এতে বেদাদীনাং মধ্যে শ্রেষ্ঠাঃ ॥২২॥ রুদ্রাণামেকাদশানাং বসূনামষ্টানাং শিখরাণি রত্নবিশেষাস্তদ্বতাং মধ্যে মেরুরহম্ ॥২৩॥ পুরোধসাং পুরোহিতানাং বৃহস্পতিং দেবরাজপুরোহিতত্বাৎ। সেনানীনাং সেনাপতীনাং স্কন্দঃ কার্ত্তিকেয়ঃ। সরসাং জলাশয়ানাম্ ॥২৪॥

আমি চারি বেদের মধ্যে সামবেদ, দেবগণের মধ্যে ইন্দ্র, ইন্দ্রিয়ের মধ্যে মন এবং প্রাণিগণের মধ্যে চেতনা ॥২২॥

তাৎপর্য্য—চারি বেদের মধ্যে গানযোগ্য বলিয়া সামবেদ প্রধান, রাজা বলিয়া দেবগণের মধ্যে ইন্দ্র প্রধান, প্রবর্ত্তক বলিয়া ইন্দ্রিয়ের মধ্যে মন প্রধান এবং দেহের জড় অঙ্গ-প্রত্যঙ্গ অপেক্ষা চেতনা প্রধান ॥২২॥

একাদশ রুদ্রের মধ্যে আমি শিব, যক্ষ ও রাক্ষসগণের মধ্যে আমি কুবের, অষ্টবসুর মধ্যে আমি অগ্নি এবং উচ্চ পর্ব্বতের মধ্যে আমি সুমেরু ॥২৩॥

তাৎপর্য্য—শিব অধিক প্রভাবশালী বলিয়া একাদশ রুদ্রের মধ্যে প্রধান; কুবের রাজা বলিয়া যক্ষরাক্ষসের মধ্যে শ্রেষ্ঠ; অগ্নি তেজস্বী বলিয়া অষ্টবসুর মধ্যে প্রধান এবং সুমেরুপর্ব্বত অধিক উচ্চ বলিয়া পর্ব্বতের মধ্যে শ্রেষ্ঠ ॥২৩॥

অর্জ্জুন! তুমি আমাকে রাজপুরোহিতগণের মধ্যে শ্রেষ্ঠ বৃহস্পতি বলিয়া অবগত হও; সেনাপতিগণের মধ্যে আমি কার্ত্তিক এবং জলাশয়সমূহের মধ্যে আমি সমুদ্র ॥২৪॥

তাৎপর্য্য—বৃহস্পতি দেবরাজের পুরোহিত বলিয়া রাজপুরোহিতদিগের মধ্যে শ্রেষ্ঠ; কার্ত্তিক মহাশক্তির পুত্র বলিয়া সেনাপতিগণের মধ্যে প্রধান এবং সমুদ্র অতিশয় বিশাল বলিয়া জলাশয়সমূহের মধ্যে শ্রেষ্ঠ ॥২৪॥

মহর্ষীণাং ভৃগুরহং গিরামস্ম্যেকমক্ষরম্।
যজ্ঞানাং জপযজ্ঞোঽস্মি স্থাবরাণাং হিমালয়ঃ ॥২৫॥
অশ্বত্থঃ সর্ব্ববৃক্ষাণাং দেবর্ষীণাঞ্চ নারদঃ।
গন্ধর্ব্বাণাং চিত্ররথঃ সিদ্ধানাং কপিলো মুনিঃ ॥২৬॥
উচ্চৈঃশ্রবসমশ্বানাং বিদ্ধি মামমৃতোদ্ভবম্।
ঐরাবতং গজেন্দ্রাণাং নরাণাঞ্চ নরাধিপম্ ॥২৭॥

ভারতকৌমুদী

মহর্ষীণামিতি। অহং মহর্ষীণাং মধ্যে ভৃগুঃ অধিকতেজস্বিত্বাৎ, গিরাং পদরূপাণাং বাক্যানাং মধ্যে একমক্ষরং প্রণবোঽস্মি, ব্রহ্মবাচকত্বাৎ "তস্য বাচকঃ প্রণবঃ" ইতি পাতঞ্জলসূত্রাৎ। যজ্ঞানাং মধ্যে জপযজ্ঞোঽস্মি, হিংসাদিদোষশূন্যত্বেন প্রাধান্যাৎ, স্থাবরাণাং মধ্যে হিমালয়োঽস্মি, অতিবিস্তারাদিতি মেরোর্ভেদঃ ॥২৫॥

অশ্বত্থ ইতি। অহং সর্ব্ববৃক্ষাণাং মধ্যে অশ্বত্থোঽস্মি, ছায়য়াধিকস্বাস্থ্যদত্বাৎ; দেবর্ষীণাঞ্চ মধ্যে নারদোঽস্মি, বৈষ্ণবত্বাজ্জীবন্মুক্তত্বাচ্চ। গন্ধর্ব্বাণাং মধ্যে চিত্ররথোঽস্মি, তদধিপতিত্বাৎ; সিদ্ধানাং মধ্যে কপিলো মুনিরস্মি, আজন্মসিদ্ধজ্ঞানত্বাৎ "ঋষিং প্রসূতং কপিলং যস্তমগ্রে জ্ঞানৈর্বিভর্ত্তি জায়মানঞ্চ পশ্যেৎ" ইতি শ্রুতেঃ ॥২৬॥

উচ্চৈরিতি। হে অর্জ্জুন! মাম্, অশ্বানাং মধ্যে অমৃতে অমৃতোদ্ভবকালে উদ্ভবঃ ক্ষীরোদসাগরাদুৎপত্তির্যস্য তম্ উচ্চৈঃশ্রবসং তদাখ্যমশ্বম্, গজেন্দ্রাণাং মধ্যে অমৃতোদ্ভবমৈরাবতম্, নরাণাং মধ্যে চ নরাধিপং রাজানং বিদ্ধি জানীহি ॥২৭॥

আমি মহর্ষিদের মধ্যে ভৃগু; পদরূপ বাক্যের মধ্যে প্রণব; যজ্ঞের মধ্যে জপযজ্ঞ এবং স্থাবরসমূহের মধ্যে হিমালয় ॥২৫॥

তাৎপর্য্য—ভৃগু অত্যন্ত তেজস্বী বলিয়া মহর্ষিদের মধ্যে প্রধান; প্রণব (ওঙ্কার) পরব্রহ্মবাচক বলিয়া সমস্ত শব্দের মধ্যে শ্রেষ্ঠ; জপযজ্ঞে হিংসা নাই বলিয়া তাহা যজ্ঞের মধ্যে প্রধান এবং হিমালয় অতিবিস্তৃত বলিয়া স্থাবরের মধ্যে শ্রেষ্ঠ ॥২৫॥

আমি সমস্ত বৃক্ষের মধ্যে অশ্বত্থবৃক্ষ; দেবর্ষিগণের মধ্যে নারদ; গন্ধর্ব্বদিগের মধ্যে চিত্ররথ এবং সিদ্ধগণের মধ্যে কপিলমুনি ॥২৬॥

তাৎপর্য্য—অশ্বত্থবৃক্ষের ছায়া অত্যন্ত স্বাস্থ্যকর বলিয়া অশ্বত্থবৃক্ষ বৃক্ষের মধ্যে প্রধান; নারদ বৈষ্ণবপ্রধান ও জীবন্মুক্ত বলিয়া দেবর্ষিদের মধ্যে শ্রেষ্ঠ; চিত্ররথ গন্ধর্ব্বদের রাজা বলিয়া গন্ধর্ব্বদের মধ্যে শ্রেষ্ঠ এবং কপিল আজন্ম জ্ঞানী বলিয়া সিদ্ধদিগের মধ্যে প্রধান ॥২৬॥

অর্জ্জুন! তুমি আমাকে অশ্বের মধ্যে ক্ষীরোদসাগরোৎপন্ন উচ্চৈঃশ্রবা, হস্তিশ্রেষ্ঠমধ্যে ঐরাবত এবং মানুষের মধ্যে রাজা বলিয়া জানিও ॥২৭॥

তাৎপর্য্য—মানুষ ভগবানের অধিক অংশ পাওয়াতেই রাজা হয়, তাই সে ভগবৎস্বরূপ ॥২৭॥

আয়ুধানামহং বজ্রং ধেনূনামস্মি কামধুক্।
প্রজনশ্চাস্মি কন্দর্পঃ সর্পাণামস্মি বাসুকিঃ ॥২৮॥
অনন্তশ্চাস্মি নাগানাং বরুণো যাদসামহম্।
পিতৃণামর্য্যমা চাস্মি যমঃ সংযমতামহম্ ॥২৯॥
প্রহ্লাদশ্চাস্মি দৈত্যানাং কালঃ কলয়তামহম্।
মৃগাণাঞ্চ মৃগেন্দ্রোঽহং বৈনতেয়শ্চ পক্ষিণাম্ ॥৩০॥

ভারতকৌমুদী

আয়ুধানামিতি। অহম্ আয়ুধানামস্ত্রাণাং মধ্যে বজ্রমস্মি, ধেনূনাং মধ্যে কামধুক্ সর্ব্বাভীষ্টদাত্রী কামধেনুরস্মি। কামানাং মধ্যে প্রজনঃ প্রজোৎপত্তিহেতুঃ কন্দর্পঃ ন তু সুখার্থমৈথুনহেতুরিত্যাশয়ঃ, সর্পাণাং মধ্যে বাসুকিরস্মি ॥২৮॥

অনন্ত ইতি। অহং নাগানাং মধ্যে চ অনন্তোঽস্মি। সর্পনাগয়োর্জাতিভেদাৎ পৃথক্ত্বম্। যাদসাং জলজন্তূনাং মধ্যে বরুণঃ। পিতৃণামগ্নিষ্বাত্তাদীনাং মধ্যে চ অর্য্যমা নাম পিতাস্মি, অহং সংযমতাং শিষ্টানুগ্রহদুষ্টনিগ্রহাদিরূপং নিয়মং কুর্ব্বতাং মধ্যে যমো ধর্ম্মরাজোঽস্মি ॥২৯॥

প্রহ্লাদ ইতি। দৈত্যানাং দিতিসন্তানানাং মধ্যে চ প্রহ্লাদোঽস্মি কলয়তাং সংখ্যানং কুর্ব্বতাং মধ্যে কালোঽহম্। অহং মৃগাণাং পশূনাং মধ্যে চ মৃগেন্দ্রঃ সিংহঃ, পক্ষিণাং মধ্যে চ বৈনতেয়ো বিনতাপুত্রো গরুড়ঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

একমক্ষরম্ ওঙ্কারাখ্যম্, জপযজ্ঞং হিংসাশূন্যত্বাৎ, স্থাবরাণাং স্থিতিমতাম্ ॥২৫—২৬॥ অমৃতোদ্ভবম্ অমৃতমথনাবসরে উদ্ভবো যস্য তম্ ॥২৭॥ প্রজনোঽপত্যজনয়িতা কন্দর্পঃ কামঃ ন তু বৃথামৈথুনরূপঃ ॥২৮॥ নাগানাং সর্পাবান্তরভেদানাম্, যাদসাং জলচরাণাম্, সংযমতাং নিয়মন-

---

আমি অস্ত্রের মধ্যে বজ্র, ধেনুর মধ্যে কামধেনু, কামের মধ্যে সন্তান উৎপত্তির হেতু কাম এবং সর্পের মধ্যে বাসুকি ॥২৮॥

তাৎপর্য্য—স্ত্রীসংসর্গাভিলাষের নাম—'কাম' তাহা নানাবিধ; কখনও সন্তানোৎপাদনের জন্য, কখনও সুখের জন্য এবং কখনও ধর্ম্মরক্ষার জন্য হইয়া থাকে। তন্মধ্যে সন্তানোৎপাদনহেতুভূত কাম প্রধান বলিয়া তাহা ভগবানের অংশ ॥২৮॥

আমি নাগের মধ্যে অনন্ত, জলজন্তুর মধ্যে বরুণ, পিতৃলোকের মধ্যে অর্য্যমা এবং নিয়মকারিগণের মধ্যে যম ॥২৯॥

তাৎপর্য্য—সর্প ও নাগ বিভিন্ন জাতীয় বলিয়া পৃথক্ নির্দ্দেশ করিয়াছেন। শিষ্টের প্রতি অনুগ্রহ এবং দুষ্টের প্রতি নিগ্রহপ্রভৃতি বহুবিধ নিয়ম আছে; তাহা রাজারাও করেন, ধর্ম্মরাজও করেন; সুতরাং তাঁহাদের মধ্যে ধর্ম্মরাজ আমি ॥২৯॥

আমি দৈত্যগণের মধ্যে প্রহ্লাদ, সংখ্যাকারিগণের মধ্যে কাল, পশুগণের মধ্যে সিংহ এবং পক্ষিসমূহের মধ্যে গরুড় ॥৩০॥

পবনঃ পবতামস্মি রামঃ শস্ত্রভৃতামহম্।
ঝষাণাং মকরশ্চাস্মি স্রোতসামস্মি জাহ্নবী ॥৩১॥
সর্গাণামাদিরন্তশ্চ মধ্যঞ্চৈবাহমর্জ্জুন।।
অধ্যাত্মবিদ্যা বিদ্যানাং বাদঃ প্রবদতামহম্ ॥৩২॥

ভারতকৌমুদী

পবন ইতি। অহম্, পবতাং পরিষ্করণপূর্ব্বকবেগগামিনাং মধ্যে পবনো বায়ুরস্মি, শস্ত্রভৃতাং মধ্যে রামো দাশরথিরস্মি জগদ্বিজয়িরাবণহন্তৃত্বাৎ। ঝষাণাং মৎস্যানাং মধ্যে চ "পৃথুরোমা ঝষো মৎস্যঃ" ইত্যমরঃ মকরোঽস্মি, গঙ্গাবাহনত্বাৎ, স্রোতসাং চলজ্জলানাং মধ্যে জাহ্নবী গঙ্গাস্মি মৎপাদসম্ভূতত্বেন প্রাধান্যাৎ ॥৩১॥

সর্গাণামিতি। হে অর্জ্জুন! অহম্, সর্গাণাং ভৌতিকসৃষ্টীনাম্, আদিঃ কারণম্, মধ্যং স্থিতিহেতুশ্চ, অন্তো নাশকারণঞ্চ। পূর্ব্বম্ "অহমাদিশ্চ মধ্যঞ্চ ভূতানামন্ত এব চ" ইতি ভূতানামাদিপ্রভৃতয় উক্তা অত্র তু ভৌতিকানামিত্যপৌনরুক্ত্যম্। শিক্ষাষ্টাদশানাং বিদ্যানাং মধ্যে অধ্যাত্মবিদ্যা উপনিষদাত্মতত্ত্ববিদ্যা মোক্ষোপযোগিত্বেন তস্যাঃ প্রাধান্যাৎ; তথা অহম্, প্রবদতাং তত্ত্বনির্ণয়ায় প্রকর্ষেণ বিচারং কুর্ব্বতাং সম্বন্ধে বাদঃ তদাখ্যঃ কথাবিশেষঃ। অয়ময়ং বিস্তরঃ—বাদো বিতণ্ডা জল্পশ্চেতি ত্রিস্রঃ কথাঃ প্রসিদ্ধাঃ। তত্র তত্ত্বনির্ণয়ানুকূলা কথা বাদঃ "প্রমাণতর্কসাধনোপালম্ভঃ সিদ্ধান্তাবিরুদ্ধঃ পঞ্চাবয়বোপপন্নঃ পক্ষপ্রতিপক্ষপরিগ্রহো বাদঃ" ইতি ন্যায়দর্শনে গৌতমসূত্রতাৎপর্য্যাৎ, স্বপক্ষস্থাপনপরপক্ষনিরাকরণোপযোগিনী কথা বিতণ্ডা, তদুভয়শূন্যা শক্তিমাত্রপ্রদর্শনফলা কথা জল্পঃ। এতয়োঃ প্রমাণন্তু খণ্ডনাদিগ্রন্থেষু দ্রষ্টব্যম্। তত্র চ বাদস্য তত্ত্বনির্ণয়ফলত্বাৎ প্রাধান্যম্। "ভূতানামস্মি চেতনা" ইতি প্রাগুক্তবদত্র প্রবদতামিতি সম্বন্ধে ষষ্ঠী ॥৩২॥

ভারতভাবদীপঃ

কর্ত্তৄণাম্ ॥২৯॥ কলয়তাং গণনং কুর্ব্বতাম্ ॥৩০॥ পবতাং পাবয়িতৄণাং বেগবতাং বা, রামো দাশরথিঃ, রামাদীনাং পরমেশ্বরাণামপি বিভূতিমধ্যে গণনং ধ্যানার্থম্। ঝষাণাং মৎস্যাদীনাং মকরো জাতিভেদঃ, স্রোতসাং নদীনাম্ ॥৩১॥ সর্গাণাং ভৌতিকানাং ভূতানামাদিরন্ত ইতি

তাৎপর্য্য—প্রহ্লাদ বৈষ্ণবশ্রেষ্ঠ বলিয়া দৈত্যগণের মধ্যে প্রধান। কাল বয়সপ্রভৃতির সংখ্যা করে এবং অবস্থা প্রভৃতিও করে; যাহারা সেই সকল করে, তাহার মধ্যে কাল প্রধান; সুতরাং তাহা ভগবানের অংশ ॥৩০॥

আমি বেগগামীদিগের মধ্যে বায়ু, অস্ত্রধারিগণের মধ্যে দাশরথি রাম, মৎস্যের মধ্যে মকর এবং নদীর মধ্যে গঙ্গা ॥৩১॥

তাৎপর্য্য—বায়ু সর্ব্বাপেক্ষা অধিক বেগে গমন করে বলিয়া বেগগামীদিগের মধ্যে প্রধান; দশরথনন্দন রাম জগদ্বিজয়ী রাবণকে বধ করিয়াছিলেন বলিয়া অস্ত্রধারিগণের মধ্যে শ্রেষ্ঠ; মকর গঙ্গাদেবীর বাহন বলিয়া মৎস্যের মধ্যে প্রধান এবং গঙ্গা বিষ্ণুপাদোদ্ভূত পরম পবিত্র বলিয়া নদীর মধ্যে শ্রেষ্ঠ ॥৩১॥

অক্ষরাণামকারোঽস্মি দ্বন্দ্বঃ সামাসিকস্য চ।
অহমেবাক্ষয়ঃ কালো ধাতাহং বিশ্বতোমুখঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

অক্ষরাণামিতি। অহম্, অক্ষরাণাং বর্ণানাং মধ্যে অকারোঽস্মি সর্ব্বমুখস্থানত্বেন প্রাধান্যেন চ প্রাধান্যাৎ "অকারো বৈ সর্ব্বা বাক্ সৈষ স্পর্শোষ্মভির্ব্যজ্যমানা বহ্বী নানারূপা ভবতি" ইতি শ্রুতেশ্চ। সামাসিকস্য সমাসসমূহস্য মধ্যে চাহং দ্বন্দ্বঃ সর্ব্বপদার্থপ্রধানো দ্বন্দ্বসমাসঃ, কৃষ্ণার্জ্জুনৌ গচ্ছত ইত্যাদিবৎ সর্ব্বপদার্থপ্রাধান্যেনৈব প্রাধান্যাৎ "পূর্ব্বমধ্যান্তসর্ব্বান্যপদপ্রাধান্যতঃ পুনঃ। প্রাচ্যৈঃ পঞ্চবিধঃ প্রোক্তঃ সমাসো বাতটাদিভিঃ॥" ইতি শব্দশক্তিপ্রকাশিকাধৃতবচনাৎ। এতেন "কেচন পিত্র্যস্যার্থস্যেতি নির্দ্ধারণে ষষ্ঠীং বর্ণয়ন্তি দ্বন্দ্বঃ সামাসিকস্য চেতিবৎ" ইতি দায়ভাগটীকায়ামেকনির্দ্ধারণাভিপ্রায়া শ্রীকৃষ্ণতর্কালঙ্কারোক্তির্হেয়া সামাসিকস্যেতি সমূহার্থকতদ্ধিতপ্রত্যয়েনৈব বহুত্ববোধনাৎ। অহমেব, অক্ষয়ঃ অবিনশ্বরঃ, ক্ষণাদ্যপরিচ্ছিন্নঃ কালঃ। অত্রাক্ষয়পদেন "কালঃ কলয়তামহম্" ইতি প্রাগুক্তস্য ক্ষণাদিপরিচ্ছিন্নস্য ক্ষয়িণঃ কালস্য ভেদো দর্শিতঃ। তথা অহম্, বিশ্বতোমুখঃ সর্ব্বব্যাপী, ধাতা কর্ম্মফলনিয়ন্তা বিধাতা ॥৩৩॥

ভারতভাবদীপঃ

প্রাগেবোক্তত্বাৎ। বিদ্যানাং চতুর্দ্দশসংখ্যানাং মধ্যে অধ্যাত্মবিদ্যা বন্ধচ্ছেদহেতুত্বাৎ। প্রবদতাং প্রবক্তৃদ্বারেণ বদনভেদা এব বাদজল্পবিতণ্ডা ইহ গৃহ্যন্তে, তেষাং মধ্যে বাদস্তত্ত্বনির্ণয়ার্থত্বাদহম্ ॥৩২॥ অক্ষরাণাং মধ্যে অকারঃ। "অকারো বৈ সর্ব্বা বাক্" ইতি শ্রুতেঃ। সামাসিকস্য সমাসসমুদায়স্য মধ্যেঽহং দ্বন্দ্বোঽস্মি উভয়পদার্থপ্রধানত্বাদিতি প্রাঞ্চঃ; সমম্ একত্রাসনং সমাসো বিদুষাং বা গুরুশিষ্যাণাং বা মন্ত্রার্থকথনার্থং বা একত্রাবস্থানম্, তত্র বিদিতমর্থজাতং সামাসিকম্। চাতুরর্থিকষ্ঠক্ ঠস্যেক ইতীকাদেশঃ যস্যেতি চেত্যালোপঃ। তস্য মধ্যে দ্বন্দ্বো রহস্যোঽর্থোঽহম্। দ্বন্দ্বং রহস্যেতি সূত্রে দ্বন্দ্বশব্দস্য রহস্যবাচিত্বং শাব্দিক-

---

অর্জ্জুন! আমি ভৌতিক সৃষ্টির আদি, মধ্য ও অন্ত; বিদ্যার মধ্যে অধ্যাত্মবিদ্যা এবং বাদ, বিতণ্ডা ও জল্প—এই তিন প্রকার কথার মধ্যে বাদ ॥৩২॥

তাৎপর্য্য—পূর্ব্বে বিংশ শ্লোকে ক্ষিতিপ্রভৃতি ভূতের আদি, মধ্য ও অন্তের বিষয় বলিয়াছেন; আর এখানে মনুষ্য-পশু-পক্ষিপ্রভৃতি ভৌতিকপদার্থের আদি, মধ্য ও অন্তের বিষয় বলিলেন; সুতরাং পুনরুক্তি বা বিরোধ হইল না। শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দ, জ্যোতিষ, সাম, ঋক্, যজু, অথর্ব্ব, মীমাংসা, ন্যায়, ধর্ম্মশাস্ত্র, পুরাণ, আয়ুর্ব্বেদ, ধনুর্ব্বেদ, গন্ধর্ব্ববেদ ও অর্থশাস্ত্র—এই অষ্টাদশ প্রকার বিদ্যা; তাহার মধ্যে যে যে স্থানে অধ্যাত্মবিদ্যা আছে, তাহাই প্রধান। কেন না, তাহা মুক্তির উপযোগী। তত্ত্বনির্ণায়ক বিচারের নাম—বাদ, স্বপক্ষস্থাপক ও পরপক্ষনিরাসক বিচারের নাম—বিতণ্ডা, এবং শক্তিমাত্রপ্রদর্শক বিচারের নাম—জল্প। এই ত্রিবিধ বিচারের মধ্যে তত্ত্বনির্ণয়কারী বলিয়া বাদবিচারই শ্রেষ্ঠ ॥৩২॥

আমি অক্ষরসমূহের মধ্যে অকার, সমাসসমূহের মধ্যে দ্বন্দ্বসমাস, অক্ষয় কাল এবং সর্ব্বব্যাপী কর্ম্মফলদাতা বিধাতা ॥৩৩॥

মৃত্যুঃ সর্ব্বহরশ্চাহমুদ্ভবশ্চ ভবিষ্যতাম্।
কীর্ত্তিঃ শ্রীর্বাক্ চ নারীণাং স্মৃতির্মেধা ধৃতিঃ ক্ষমা ॥৩৪॥
বৃহৎ সাম তথা সাম্নাং গায়ত্রী ছন্দসামহম্।
মাসানাং মার্গশীর্ষোঽহমৃতূনাং কুসুমাকরঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

মৃত্যুরিতি। অহং হারিণাং চৌরাদীনাং মধ্যে চ সর্ব্বহরো মৃত্যুঃ; ভবিষ্যতাং ভাবিসম্পদাং সম্বন্ধে, উদ্ভবঃ সম্পদুৎপত্তিহেতুঃ। তথা নারীণাং মধ্যে, কীর্ত্তিঃ ধর্ম্মবিদ্যাদিনিমিত্তা লোকপ্রশংসা তদভিমানিনী দেবতেত্যর্থঃ। এবমন্যত্রাপি। শ্রীঃ সম্পৎ, বাক্ মনোভাবব্যঞ্জিকা বাণী, স্মৃতিঃ প্রাগনুভূতার্থস্যাত্মন্যুপস্থিতিঃ, মেধা আত্মনি গ্রন্থাদিধারণশক্তিঃ, ধৃতির্ধৈর্য্যম্, ক্ষমা সহিষ্ণুতা চাহমেব; আসাং স্পর্শমাত্রেণ মানুষস্য চরিতার্থতালাভেন প্রাধান্যাৎ ॥৩৪॥

বৃহদিতি। তথা সাম্নাং সামবেদানামপি মধ্যে বৃহৎ সাম "ত্বামিদ্ধি হবামহে" ইত্যাদিগীতিবিশেষোঽহম্। "বেদানাং সামবেদোঽস্মি" ইত্যনেন সামবেদে স্ববিভূতিত্বমাত্রং দর্শিতম্, অনেন তু তত্রাপি বৃহৎসাম্নি স্ববিভূতিত্বাতিশয়ো দর্শিত ইতি বিশেষঃ। অস্য চ মধুরগীতিযোগ্যত্বাৎ প্রাধান্যম্। অহম্, ছন্দসাং ছন্দোবদ্ধানাং মন্ত্রাণাং মধ্যে গায়ত্রী তন্নামা মন্ত্রঃ, তস্যা ব্রহ্মার্থকত্বাৎ "গায়ত্রী বা ইদং সর্ব্বম্" ইতি ছান্দোগ্যশ্রুতেঃ। অহং দ্বাদশানাং মাসানাং মধ্যে মার্গশীর্ষঃ অগ্রহায়ণঃ, হায়নাগ্রত্বাৎ শীতাতপশূন্যত্বেন সুখদত্বাচ্চ। ষন্নাম্ ঋতূনাং মধ্যে কুসুমাকরো বসন্তঃ কুসুমাকরত্বেন সৌরভময়ত্বাৎ ॥৩৫॥

ভারতভাবদীপঃ

প্রসিদ্ধম্। অক্ষয়ঃ ক্ষয়হীনঃ কালঃ ক্ষণাদিঃ পরো বা ঈশ্বরঃ কালস্যাপি কালোঽস্মি ধাতা কর্ম্মফলপ্রদঃ বিশ্বতোমুখঃ সর্ব্বপ্রাণিতৃপ্তা তৃপ্যামীত্যর্থঃ ॥৩৩॥ সর্ব্বহরঃ প্রলয়কালিকো মৃত্যুরস্মি ভবিষ্যতাং ভাবিকল্যানামুদ্ভব ঐশ্বর্য্যোৎকর্ষোঽহং কীর্ত্ত্যাদি সপ্তকমপ্যহং যাসাং সংশ্রয়মাত্রেণ মনুষ্যেষু কৃতার্থতা বুদ্ধির্ভবতি ॥৩৪॥ বৃহৎ সাম "ত্বামিদ্ধি হবামহ" ইত্যস্যামৃচি গীয়মানং সামপৃষ্ঠ্যস্তোত্রে বিনিযুক্তমিন্দ্রদৈবত্যং তৎ সাম্নাং মধ্যেঽহমস্মি। ছন্দসাং

তাৎপর্য্য—অকার সর্ব্বমূর্দ্ধস্থান ও বর্ণের প্রথম বলিয়া বর্ণের মধ্যে প্রধান; দ্বন্দ্বসমাসে সকল পদের অর্থই প্রধান থাকে বলিয়া সমাসের মধ্যে তাহা শ্রেষ্ঠ; অবিশ্রান্তপ্রবাহী কালের ক্ষয় নাই বলিয়া কালের মধ্যে তাহা প্রধান এবং বিধাতা সকলেরই নিয়ন্তা বলিয়া সর্ব্বপ্রধান ॥৩৩॥

আমি সর্ব্বহারী মৃত্যু, উন্নতিশীল লোকদিগের উন্নতির কারণ এবং নারীজাতির মধ্যে কীর্ত্তি, শ্রী, বাণী, স্মৃতি, মেধা, ধৃতি ও ক্ষমা ॥৩৪॥

তাৎপর্য্য—দস্যু ও তস্করপ্রভৃতি হরণ করে বলিয়া হারী এবং মৃত্যুও হরণ করে বলিয়া হারী; তাহার মধ্যে মৃত্যু সমস্ত হরণ করে বলিয়া হারীদের মধ্যে প্রধান। উন্নতির কারণ অবনতির কারণ অপেক্ষা প্রধান এবং মানুষ কীর্ত্তিপ্রভৃতির মধ্যে কোনটিকে পাইলেই কৃতার্থ হয় বলিয়া সেই সাতটীই নারীদের মধ্যে প্রধান ॥৩৪॥

দ্যূতং ছলয়তামস্মি তেজস্তেজস্বিনামহম্।
জয়োঽস্মি ব্যবসায়োঽস্মি সত্ত্বং সত্ত্ববতামহম্ ॥৩৬॥
বৃষ্ণীনাং বাসুদেবোঽস্মি পাণ্ডবানাং ধনঞ্জয়ঃ।
মুনীনামপ্যহং ব্যাসঃ কবীনামুশনা কবিঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

দ্যূতমিতি। অহম্, ছলয়তাং ছলং কুর্ব্বতাম্, সম্বন্ধে দ্যূতমস্মি, সংস্বিবাসংস্বপি প্রধানানাং মধ্বিভূতিত্বস্য খ্যাপ্যত্বাদিত্যাশয়ঃ। অহং তেজস্বিনাং প্রভাববতাম্, তেজঃ প্রভাবঃ। জেতৄণাং জয়োঽস্মি, উদ্যমিনাং ব্যবসায় উদ্যমোঽস্মি, তথাহম্, সত্ত্ববতাং সাত্ত্বিকানাং জনানাং সম্বন্ধে, সত্ত্বং সত্ত্বগুণকার্য্যং ধর্ম্মজ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যলক্ষণমস্মি ॥৩৬॥

বৃষ্ণীনামিতি। বৃষ্ণীনাং যাদবানাং মধ্যে, বাসুদেবঃ কৃষ্ণোঽস্মি। এতেনাত্র সর্ব্বত্র কৃষ্ণোক্তাবস্মচ্ছব্দঃ পরব্রহ্মপর ইতি স্পষ্টং প্রতিপাদিতম্। পাণ্ডবানাং মধ্যে, ধনঞ্জয়ঃ ত্বমেবাস্মি, বীরত্বধার্ম্মিকত্বাদিনা প্রাধান্যাৎ। অহং মুনীনামপি মধ্যে ব্যাসোঽস্মি, প্রাধান্যাৎ। কবীনাং বর্ণয়িতৄণাং মধ্যে চ, কবিঃ কবিত্বেন প্রসিদ্ধঃ, উশনা শুক্রোঽস্মি প্রাধান্যাদেব ॥৩৭॥

ভারতভাবদীপঃ

মধ্যে গায়ত্রী দ্বিজত্বসম্পাদনাৎ সোমাহরণাচ্চ শ্রেষ্ঠাহমস্মি। কুসুমাকরো বসন্তঃ ॥৩৫॥ ব্যবসায়ো নিশ্চয় উদ্যমো বা ॥৩৬॥ বৃষ্ণীনাং যাদবানাম্। উশনা শুক্রঃ ॥৩৭॥ দময়তাং রাজাদীনাং

সামবেদের মধ্যে আমি বৃহৎ সাম, ছন্দোবদ্ধ মন্ত্রের মধ্যে আমি গায়ত্রী, বারটা মাসের মধ্যে আমি অগ্রহায়ণ মাস এবং ছয়টা ঋতুর মধ্যে আমি বসন্ত ঋতু ॥৩৫॥

তাৎপর্য্য—আমি বেদের মধ্যে সামবেদ বটি, আবার তাহার মধ্যেও বৃহৎসাম আমি। কারণ, বৃহৎসাম মধুর গানের উপযোগী। গায়ত্রী পরব্রহ্মপ্রকাশ করে বলিয়া মন্ত্রের মধ্যে শ্রেষ্ঠ। বৎসরের প্রথম এবং শীত ও গ্রীষ্ম না থাকায় সুখজনক হয় বলিয়া বারটা মাসের মধ্যে অগ্রহায়ণমাস প্রধান; আর পুষ্পের সৌরভে আমোদিত থাকে বলিয়া বসন্ত ঋতু ঋতুর মধ্যে শ্রেষ্ঠ ॥৩৫॥

আমি—প্রতারণাকারিগণের দ্যূতক্রীড়া, প্রভাবশালিগণের প্রভাব, জেতাদিগের জয়, উদ্যমীদের উদ্যম এবং সাত্ত্বিকগণের ধর্ম্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্বর্য্য ॥৩৬॥

তাৎপর্য্য—উত্তমের মধ্যে প্রধানগুলি যেমন আমার বিভূতি, অধমের মধ্যে প্রধানগুলিও তেমনি আমার বিভূতি। তাই প্রতারণার উপায়ের মধ্যে প্রধান দ্যূতও আমি ॥৩৬॥

আমি—যদুবংশীয়গণের মধ্যে কৃষ্ণ, পাণ্ডবগণের মধ্যে অর্জ্জুন, মুনিগণের মধ্যে বেদব্যাস এবং কবিগণের মধ্যে শুক্রাচার্য্য ॥৩৭॥

তাৎপর্য্য—এই শ্লোকে 'আমি যদুবংশীয়গণের মধ্যে কৃষ্ণ' এইরূপ বলিয়া কৃষ্ণ ইহাই বুঝাইয়া দিলেন যে, এই প্রকরণে যেখানে যেখানে 'আমি' বা 'আমার' বলা হইয়াছে, সেই-

দণ্ডো দময়তামস্মি নীতিরস্মি জিগীষতাম্।
মৌনং চৈবাস্মি গুহ্যানাং জ্ঞানং জ্ঞানবতামহম্ ॥৩৮॥
যচ্চাপি সর্ব্বভূতানাং বীজং তদহমর্জ্জুন।।
ন তদস্তি বিনা যৎ স্যান্ময়া ভূতং চরাচরম্ ॥৩৯॥
নান্তোঽস্তি মম দিব্যানাং বিভূতীনাং পরন্তপ।।
এষ তূদ্দেশতঃ প্রোক্তো বিভূতের্বিস্তরো ময়া ॥৪০॥

ভারতকৌমুদী

দণ্ড ইতি। দময়তাং দুষ্টদমনং কুর্ব্বতাং সম্বন্ধে দণ্ডোঽস্মি। জিগীষতাং জেতুমিচ্ছতাং সম্বন্ধে নীতিঃ কার্য্যপরিচালনাকৌশলমস্মি। গুহ্যানাং গোপ্যানাং মধ্যে চ মৌনং মুনিভাবোঽস্মি। তথাহম্, জ্ঞানবতাং তত্ত্বজ্ঞানিনাং সম্বন্ধে জ্ঞানং তত্ত্বজ্ঞানমস্মি।৩৮।

যদিতি। হে অর্জ্জুন। সর্ব্বভূতানাং যদ্বীজং প্ররোহকারণম্, তদপি চাহমেব। কিঞ্চ ময়া বিনা মদ্বর্জ্জিতং যৎ স্যাৎ, তৎ তাদৃশম্, চরাচরং জঙ্গমং স্থাবরঞ্চ, ভূতং প্রাণী নাস্তি; চৈতন্যরূপেণ ময়া সর্ব্বব্যাপনাদিত্যাশয়ঃ।৩৯।

অর্জ্জুনস্য শ্রাবণাকাঙ্ক্ষাং জানন্ প্রবোধয়তি—নেতি। হে পরন্তপ! শত্রুতাপন! অর্জ্জুন! দিব্যানামুত্তমানাং মম বিভূতীনামৈশ্বর্য্যাণাম্, অন্তঃ শেষো নাস্তি। অতএব ময়া তু এষ বিভূতের্মমৈশ্বর্য্যস্য বিস্তরঃ সপ্তমনবমাধ্যায়োক্তাপেক্ষয়া আধিক্যম্, উদ্দেশতঃ সংক্ষেপেণ প্রোক্তঃ।৪০।

ভারতভাবদীপঃ

দমনসাধনং দণ্ডোঽহমস্মি। জিগীষতাং জেতুমিচ্ছতাং জয়সাধনং নীতিরস্মি। মৌনং বাচো নিগ্রহঃ।৩৮। সর্ব্বভূতানাং বীজমিত্যনেন সর্ব্বভূতানি মদ্বিভূতিরিতি দর্শিতম্। তদেবোপপাদয়তি—ন তদস্তীতি। ময়া বিনা ভূতং কিমপি নাস্তি উপাদেয়স্যোপাদানমন্তরেণ স্থিত্যসম্ভবাৎ

থানে সেইখানেই পরব্রহ্ম বুঝিতে হইবে। কৃষ্ণ বুদ্ধি ও বীর্য্যপ্রভৃতিদ্বারা যদুবংশীয়গণের মধ্যে প্রধান; অর্জ্জুন বীরত্ব ও ধার্ম্মিকতাপ্রভৃতি গুণে পাণ্ডবদিগের মধ্যে শ্রেষ্ঠ; বেদব্যাস জ্ঞান ও তপস্যাদ্বারা মুনিগণের মধ্যে প্রধান এবং শুক্রাচার্য্য অসাধারণ কবিত্বদ্বারাই সাধারণ কবিগণের মধ্যে শ্রেষ্ঠ।৩৭।

আমি দমনকারিগণের দণ্ড, জয়াভিলাষীদিগের নীতি, গোপনীয় বিষয়ের মধ্যে মুনিভাব এবং তত্ত্বজ্ঞানীদিগের তত্ত্বজ্ঞান ॥৩৮॥

তাৎপর্য্য—দমনকারিগণের দমনের প্রধান উপায় দণ্ড, জিগীষুগণের জয়ের শ্রেষ্ঠ উপায় নীতি, গোপনীয় বিষয়ের মধ্যে মৌন—মুনির ভাব অর্থাৎ আত্মদর্শনই প্রধান এবং তত্ত্বজ্ঞানিগণের তত্ত্বজ্ঞানই অন্যান্য জ্ঞান অপেক্ষা শ্রেষ্ঠ।৩৮।

অর্জ্জুন! সমস্ত ভূতের যে কিছু বীজ, সে সকলই আমি। আমা ব্যতীত যাহা থাকিতে পারে, এমন স্থাবর বা জঙ্গম কোন ভূতই নাই ॥৩৯॥

তাৎপর্য্য—আমা হইতে এই জগৎ উৎপন্ন হইয়াছে; সুতরাং আমিই ইহার কারণ। আর আমি সর্ব্বব্যাপক বলিয়া আমা ছাড়া কিছুই নাই।৩৯।

যদ্‌যদ্বিভূতিমৎ সত্ত্বং শ্রীমদূর্জ্জিতমেব বা।
তত্তদেবাবগচ্ছ ত্বং মম তেজোঽংশসম্ভবম্ ॥৪১॥
অথবা বহুনৈতেন কিং জ্ঞাতেন তবার্জ্জুন!।
বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগৎ ॥৪২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভগবদ্‌গীতাপর্ব্বণি চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥
গীতায়াস্তু দশমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

তথাপ্যাকাঙ্ক্ষাং পশ্যন্ সাধারণ্যেনাহ—যদিতি। হে অর্জ্জুন! জগতি বিভূতিমৎ ঐশ্বর্য্যশালি, শ্রীমৎ শোভাযুক্তম্, ঊর্জ্জিতমেব বা বলবদ্বা, যদ্‌যৎ সত্ত্বং বস্তু, বর্ত্ততে; তত্তদেব বস্তু, মম তেজসঃ শক্তেরংশেন সম্ভবতীতি তত্তাদৃশম্, ত্বমবগচ্ছ জানীহি ॥৪১॥

প্রকারান্তরেণ বিভূতিসাধারণ্যং ক্রবন্নুপসংহরতি—অথবেতি। অথবা হে অর্জ্জুন! এতেন বহুনা জ্ঞাতেন তব কিং ফলম্, কিমপি নেত্যর্থঃ সাধারণ্যেনাপি সংক্ষেপেণ জ্ঞানসম্ভবাদিতি ভাবঃ। অহম্, একাংশেন মায়াবচ্ছিন্নেন আত্মন একদেশেন, ইদং কৃৎস্নং সর্ব্বং জগৎ, বিষ্টভ্য আশ্রিত্য স্থিতঃ। তদ্রূপেণৈব ভাবয়েত্যাশয়ঃ ॥৪২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভগবদ্‌গীতায়াং চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥
গীতায়াস্তু দশমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

॥৩৯॥ নান্তোঽস্তীতি। উদ্দেশত একদেশেন বিভূতের্বিস্তরো বিস্তারো ময়া প্রোক্তঃ ॥৪০॥ সর্ব্বভূতানাং বীজমহমিত্যুক্ত্যা যস্য সার্ব্বাত্ম্যোক্তেঃ সর্ব্বং স্ববিভূতিরিত্যুক্তমেব। তথাপি তদ্-গ্রহণাশক্তং প্রতি প্রাহ—যদ্‌যদিতি। যদ্‌যৎসত্ত্বং প্রাণিবিভূতিমদৈশ্বর্য্যযুক্তং শ্রীর্লক্ষ্মীঃ শোভা বা তদ্‌যুক্তম্ ঊর্জ্জিতং বলাত্যতিশয়যুক্তং তত্তৎ সর্ব্বং মম তেজসশ্চিচ্ছক্তেরংশসম্ভবম্ অংশাৎ সম্ভূতং ত্বমবগচ্ছ জানীহি। লোকে যদতিরমণীয়ং তদ্‌ভগবতো রূপমিতি ধ্যায়েদিত্যর্থঃ ॥৪১॥

পরন্তপ অর্জ্জুন! আমার উত্তম বিভূতিগুলির শেষ নাই; কিন্তু পূর্ব্ব অপেক্ষা বিস্তৃত হইলেও ইহা তোমার নিকট সংক্ষেপেই বলিলাম ॥৪০॥

তাৎপর্য্য—আমি অসীম বলিয়া আমার বিভূতিও অসীম। তবে সপ্তম ও নবম অধ্যায়ে যাহা বলিয়াছি, তদপেক্ষা ইহা বিস্তৃত; তথাপি বিভূতিসাকল্য অপেক্ষায় সংক্ষেপেই বলিলাম ॥৪০॥

অর্জ্জুন! জগতে ঐশ্বর্য্যশালী, শোভাযুক্ত, কিংবা প্রবল যে যে বস্তু আছে, সেই সেই বস্তুকেই তুমি আমার তেজের অংশসম্ভূত বলিয়া অবগত হও ॥৪১॥

তাৎপর্য্য—মোট কথা—জগতে যে কিছু শ্রেষ্ঠ বস্তু আছে, সে সমস্তই আমার শক্তিসম্ভূত বলিয়া জানিয়া রাখ ॥৪১॥

একাদশোঽধ্যায়ঃ।

—:*:—

অর্জ্জুন উবাচ।

মদনুগ্রহায় পরমং গুহ্যমধ্যাত্মসংজ্ঞিতম্।
যত্ত্বয়োক্তং বচস্তেন মোহোঽয়ং বিগতো মম ॥১॥

ভারতকৌমুদী

অথ দশমোঽধ্যায়ে ভগবতঃ কিয়তীর্বিভূতীরাকর্ণ্য তদ্বচনবৃন্দমভিনন্দন্ "বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগৎ" ইত্যাকর্ণনমাত্রমেব তৎ পারমেশ্বরং রূপং দ্রষ্টুমিচ্ছন্নর্জ্জুন উবাচ—মদনুগ্রহায়েতি। হে ভগবন্! ত্বয়া, মযি অনুগ্রহায় ভ্রমনিরাসেনানুগ্রহপ্রকাশায়, যৎ, পরমং মুক্ত্যুপযোগিতয়া উত্তমম্, গুহ্যম্ অজেযুক্তিনৈরর্থক্যাজ্ঞেষু গোপ্যম্, অধ্যাত্মসংজ্ঞিতম্ আত্মবিষয়নামকম্, বচ উক্তম্, তেন বচসা, অয়ম্ অহং হন্মি এতে চ হন্যন্তে ইত্যাদিরূপঃ, মম মোহো ভ্রমঃ, বিগতস্তিরোহিতঃ। প্রথমচরণে অক্ষরাধিক্যমার্ষম্ ॥১॥

ভারতভাবদীপঃ

উত্তমাধিকারিণমুদ্দিশ্যাহ—অথবেতি। মূঢ়ান্ প্রত্যেতদুক্তং ত্বন্তু এতাবদেব বিদ্ধি একাংশেন একদেশেনাহমিদং বিষ্টভ্য ব্যাপ্য স্থিতোঽস্মি। "পাদোঽস্য বিশ্বা ভূতানি" ইতি শ্রুতেঃ। তস্মাৎ পরিচ্ছিন্নং দর্শনং ত্যক্ত্বা সর্ব্বত্র ব্রহ্মবুদ্ধিমেব কুর্ব্বিত্যাশয়ঃ ॥৪২॥

ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৪॥

ইতি নৈলকণ্ঠীয়ে গীতায়াং দশমোঽধ্যায়ঃ ॥১০॥

—:০:—

অথবা অর্জ্জুন! এত বহু জানিয়া তোমার কি হইবে; (এই টুকুমাত্র জানিয়া রাখ যে,) আমি আমার এক অংশদ্বারা এই জগৎ ব্যাপিয়া রহিয়াছি" ॥৪২॥

তাৎপর্য্য—অনন্ত আকাশের এক এক অংশে যেমন বহু বহু মেঘ ভাসিয়া বেড়ায়, সেইরূপ অসীম ব্রহ্মের (আমার) মায়াযুক্ত অংশসমূহে এই বহু কোটি ব্রহ্মাণ্ড ভাসিয়া বেড়াইতেছে; সুতরাং এইরূপে ধ্যান করিলেই আমার ধ্যান করা হইবে ॥৪২॥

—:০:—

অর্জ্জুন বলিলেন—"ভগবন্! আপনি আমার প্রতি অনুগ্রহ প্রকাশ করিবার জন্য গোপনীয় ও উত্তম আত্মবিষয়ে যে কথাগুলি বলিয়াছেন, তাহাতে আমার এই ভ্রম দূরীভূত হইয়াছে ॥১॥

ভবাপ্যয়ৌ হি ভূতানাং শ্রুতৌ বিস্তরশো ময়া।
ত্বত্তঃ কমলপত্রাক্ষ! মাহাত্ম্যমপি চাব্যয়ম্ ॥২॥

ভারতকৌমুদী

অপি চ ভবেতি। কমলস্য পদ্মস্য পত্রে দলে ইব অক্ষিণী নয়নদ্বয়ং যস্য সঃ। হে তাদৃশ!। এতেন ভগবতি প্রেমাতিশয়ো ব্যজ্যতে। ময়া, ত্বত্তস্তব সকাশাৎ, ভূতানাং ভবাপ্যয়ৌ উৎপত্তিপ্রলয়ৌ, বিস্তরশো হি বিস্তৃতভাবেনৈব শ্রুতৌ "অহং কৃৎস্নস্য জগতঃ প্রভবঃ প্রলয়স্তথা" ইত্যাদিকথনাবসরে আকর্ণিতৌ; তথা অব্যয়ম্ অক্ষয়ম্, মাহাত্ম্যং প্রভাবোঽপি চ শ্রুতম্। তচ্চ বিশ্বসৃষ্ট্যাদিকর্তৃত্বেঽপি বিকাররাহিত্যাদিকমিত্যাশয়ঃ ॥২॥

ভারতভাবদীপঃ

পূর্ব্বস্মিন্নধ্যায়ে যোগো বিভূতিশ্চ ব্যাখ্যেয়ত্বেন প্রতিজ্ঞাতৌ এতাং বিভূতিং যোগঞ্চ মম যো বেত্তীতি। আত্মনো যোগং বিভূতিঞ্চ জনার্দ্দন ভূয়ঃ কথয়েতীতরেণ চ শ্রোতব্যত্বেন প্রার্থিতৌ। তত্রাহমাত্মা গুড়াকেশ সর্ব্বভূতাশয়স্থিত ইতি সংক্ষেপেণ যোগো ভগবতঃ সর্ব্বভূতাধারত্বলক্ষণ উক্তঃ প্রাগ্ বিভূতিকথনাৎ। তদন্তে চ "বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগ"দিতি কুসুলেন ধান্যমিব ময়েদং জগদ্বিষ্টব্ধমিত্যুক্ত্যা স এব স্বারিতত্ত্বদেব ভগবতঃ সর্ব্বভূতাধারত্বং সাক্ষাৎকর্ত্তুকামোঽর্জ্জুন উবাচ—মদনুগ্রহায়েতি। ময়ি অনুগ্রহোঽনুকম্পা তদর্থং মদনুগ্রহায় পরমং সত্তঃ শোকমোহনিবর্ত্তকত্বেনোৎকৃষ্টং গুহ্যং গোপ্যম্ অধ্যাত্ম-সংজ্ঞিতমাত্মানাত্মবিবেকার্থং শাস্ত্রমধ্যাত্মং তৎসংজ্ঞিতম্ যত্ত্বয়া বচঃ "অশোচ্যানন্বশোচ" ইত্যাদিনা ষষ্ঠাধ্যায়পর্য্যন্তং ত্বংপদার্থশুদ্ধিপ্রধানং "নায়ং হন্তি ন হন্যত" ইত্যাত্মনোঽকর্তৃত্বাভোক্তৃত্ব-প্রতিপাদকং তেন মম মোহঃ অবিবেকোঽয়ং বিশেষেণ গতো নষ্টঃ। অত্র প্রথমে পাদেঽক্ষরাধিক্য-মার্ষম্ ॥১॥ ভবেতি। তথা সপ্তমাধ্যায়মারভ্য দশমপর্য্যন্তং ত্বয়া ভূতানাং ভবাপ্যয়াবপ্যুক্তৌ। "অহং সর্ব্বস্য প্রভবো মত্তঃ সর্ব্বং প্রবর্ত্তত" ইতি তাবপি ময়া বিস্তরশস্ত্বত্তঃ শ্রুতৌ হে কমল-পত্রাক্ষ! অব্যয়ং মাহাত্ম্যমপি। "ন চ মাং তানি কর্ম্মাণি লিম্পন্তী"তি। বিষমসৃষ্টিকর্তৃত্বেঽপি বৈষম্যনৈর্ঘৃণ্যদোষো নাস্তি, জগৎকর্তৃত্বেঽপি বিকারগন্ধো নাস্তীত্যেবমাদিরূপতৎপদার্থশুদ্ধি-

তাৎপর্য্য—মূঢ় লোকেরা এই সকল কথা বুঝিতে পারে না বলিয়া তাহাদের নিকটে ইহা গোপনীয় এবং একথাগুলি মুক্তির উপযোগী বলিয়া উত্তম; সুতরাং ইহা আমার নিকট বলায় আমার প্রতি অনুগ্রহই করা হইয়াছে। তা'র পর এযাবৎ আমি স্থির করিয়াছিলাম যে, আমি ভীষ্মপ্রভৃতিকে বধ করিব না; ইহাতে 'আমি হন্তা এবং ভীষ্মপ্রভৃতি হন্তব্য' এইরূপ ভ্রমই আমার হইয়াছিল। এখন বুঝিলাম—'আমি'-শব্দের অর্থ—আত্মা, সে আত্মা কাহাকেও বধ করে না, বা তাহাকে কেহ বধ করিতে পারে না; সুতরাং এখন আমার সে ভ্রম দূর হইয়াছে ॥১॥

হে পদ্মপলাশলোচন! আমি আপনার নিকট হইতে বিস্তরক্রমে জগতের উৎপত্তি ও বিনাশের কথা শ্রবণ করিলাম এবং আপনার অক্ষয় মাহাত্ম্যের কথাও শুনিলাম ॥২॥

এবমেতদ্যথাত্থ ত্বমাত্মানং পরমেশ্বর ! ।
দ্রষ্টুমিচ্ছামি তে রূপমৈশ্বরং পুরুষোত্তম ! ॥৩॥
মন্যসে যদি তচ্ছক্যং ময়া দ্রষ্টুমিতি প্রভো ! ।
যোগেশ্বর ! ততো মে ত্বং দর্শয়াত্মানমব্যয়ম্ ॥৪॥

ভারতকৌমুদী

ইদানীং স্ববিশ্বাসং নিরস্য প্রার্থয়তে এবমিতি। হে পরমেশ্বর ! ত্বম্, আত্মানম্, যথা, আত্থ ব্রবীষীত্যতীতসামীপ্যে বর্ত্তমানা, তদেতৎ, এবং যথার্থমেব "ময়া ততমিদং সর্ব্বম্" ইত্যাদিরূপং সত্যমেবেত্যর্থঃ, তব সত্যরূপস্য সত্যবাদিত্বাৎ সর্ব্বথা সত্যবাক্যেতি ভাবঃ। অতএব হে পুরুষোত্তম ! তে তব, তৎ ঐশ্বরং নিরতিশয়ৈশ্বর্য্যসম্পন্নং রূপমহং দ্রষ্টুমিচ্ছামি ॥৩॥

নমু তদ্দর্শনে তব কিং যোগ্যতাস্তীত্যাহ—মন্যস ইতি। হে প্রভো ! সর্ব্বশক্তিসম্পন্ন ! ময়া তৎ রূপং দ্রষ্টুং শক্যম্, ইতি যদি ত্বং মন্যসে সম্ভাবয়সি ; ততস্তদা, হে যোগেশ্বর ! যোগিনাং যোগনিয়ন্তঃ ! ত্বং মে মহ্যম্, অব্যয়মবিনশ্বরম্, আত্মানং স্বরূপং দর্শয় ॥৪॥

ভারতভাবদীপঃ

প্রধানং প্রকৃতমিত্যন্বয়ঃ ॥২॥ এবমিতি। যচ্চ ত্বং "বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগ"দিতি আত্মানং জগদাধারমাত্থ তদপি ইত্থমেব ন মমাত্রাসম্ভাবনাস্তি। হে পরমেশ্বর ! তে তব রূপম্ ঐশ্বরমীশ্বরস্যেদং বিশ্বাত্মকং মায়াময়মিত্যর্থঃ। হে পুরুষোত্তম ! ক্ষরাক্ষরাতীত ! বিশ্বরূপং মায়াময়ং বাস্তবন্তু রূপং মায়াতীতমিত্যৈশ্বরমিতি পুরুষোত্তমেতি চ পদাভ্যাং লভ্যতে ; তথা চ বক্ষ্যতি—"মায়া হ্যেষা ময়া সৃষ্টা যন্মাং পশ্যসি নারদ ! । সর্ব্বভূতগুণৈর্যুক্তং নৈবং মাং জ্ঞাতুমর্হসি ॥" ইতি। উক্তঞ্চ শুদ্ধং রূপমভিপ্রেত্য "অব্যক্তোঽয়মচিন্ত্যোঽয়"মিতি ॥৩॥ মন্যস ইতি। হে যোগেশ্বর !। যোগানাং যোগিনামীশ্বর ! তদ্রূপং যদি ময়া দ্রষ্টুং শক্যমিতি মন্যসে যদি ময়ি তদ্দর্শনাধিকারং পশ্যসি ততস্তর্হি মে মহ্যমব্যয়ং মায়াময়মাত্মানং দর্শয়। মায়াময়ত্বাদেবাস্যাব্যয়ত্বং মায়ায়াং হি সর্ব্বং সর্ব্বাত্মকং সর্ব্বদাস্তীতি প্রসিদ্ধম্ ; যথোক্তং

তাৎপর্য্য—'কমলপত্রাক্ষ' এই সম্বোধনটীদ্বারা অর্জ্জুন কৃষ্ণের উপরে নিজের গাঢ় প্রণয় প্রকাশ করিয়াছেন। ভগবন্ ! আপনার মাহাত্ম্য অচিন্তনীয়। কেন না, আপনি জগতের সৃষ্টি, স্থিতি ও প্রলয় করেন, অথচ আপনার বিকার নাই ; আপনি সকলের সুখ ও দুঃখ দিয়া থাকেন, অথচ আপনার বৈষম্য নাই এবং আপনি সর্ব্বত্র রহিয়াছেন, অথচ আপনার সঙ্গ নাই। ইত্যাদি কত বলিব ॥২॥

হে পরমেশ্বর ! আপনি আপনার সম্বন্ধে যাহা বলিলেন, তাহা সত্য। (সে যাহা হউক,) হে পুরুষোত্তম ! আমি আপনার পরমেশ্বররূপ দেখিতে ইচ্ছা করি ॥৩॥

তাৎপর্য্য—ভগবন্ ! আপনি সত্যস্বরূপ ; সুতরাং সত্যবাদী ; অতএব আপনার কথার উপরে আমি সর্ব্বপ্রকারেই বিশ্বাস করি, ঈশ্বরের সে রূপ সত্যপরও বটে ॥৩॥

শ্রীভগবানুবাচ।

পশ্য মে পার্থ! রূপাণি শতশোঽথ সহস্রশঃ।
নানাবিধানি দিব্যানি নানাবর্ণাকৃতীনি চ ॥৫॥
পশ্যাদিত্যান্ বসূন্ রুদ্রানশ্বিনৌ মরুতস্তথা।
বহূন্যদৃষ্টপূর্বাণি পশ্যাশ্চর্য্যাণি ভারত! ॥৬॥

ভারতকৌমুদী

উক্তার্থে সম্মতঃ সন্ শ্রীভগবানুবাচ পশ্যেতি। হে পার্থ! শতশঃ অথ সহস্রশশ্চ অসংখ্যানীত্যর্থঃ, নানাবিধানি বহুপ্রকারাণি, দিব্যানি অলৌকিকানি, নানা বহবো বর্ণা নীলপীতাদয়ঃ আকৃতয় আকারাশ্চ যেষাং তানি, মে রূপাণি পশ্য ॥৫॥

নন্থ নানাবিধত্বাদিকমেব কুতস্তব রূপাণামিত্যাহ—পশ্যেতি। হে ভারত! দ্বাদশ আদিত্যান্, অষ্টৌ বসূন্, একাদশ রুদ্রান্, দ্বাবশ্বিনৌ অশ্বিনীকুমারৌ, তথা উনপঞ্চাশৎসংখ্যকান্ মরুতো বায়ূংশ্চ পশ্য। কিঞ্চ বহূনি অদৃষ্টপূর্ব্বাণি পূর্ব্বমদৃষ্টানি আশ্চর্য্যাণি চ মে রূপেষু পশ্য। দর্শনেঽবধান-দানায়ায়মুপদেশঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

বসিষ্ঠেন—"বর্ত্তমানমতীতঞ্চ ভবিষ্যৎ স্থূলমণ্বপি। তথা দূরমদূরঞ্চ নিমেষঃ কল্প ইত্যপি। চিদাত্মনি স্থিতান্যেব পশ্য মায়াবিজৃম্ভিত"মিতি। নহি মরুমরীচিসরসী ক্রমশঃ শুষ্যতি অতো মায়ামযত্বাদেবাস্যৈশ্বরস্য রূপস্যাপ্যব্যয়ত্বম্ ॥৪॥ এবং প্রার্থিতঃ সন্ ভগবানুবাচ—পশ্যেতি। শতশ ইত্যাদিনা অনন্তানীত্যুক্তম্, নানাবর্ণানি নানাকৃতীনি চ ॥৫॥ দিব্যানি তাবদাহ—পশ্যাদিত্যানিতি। অদৃষ্টপূর্ব্বাণ্যাশ্চর্য্যাণ্যদ্ভুতানি চতুর্ম্মুখপঞ্চমুখষণ্মুখাদীনি ॥৬॥ হে গুড়াকেশ!

প্রভু! আমি আপনার সেইরূপ দেখিবার যোগ্য—ইহা যদি আপনি মনে করেন, তবে হে যোগেশ্বর! আপনি আমাকে আপনার সেই অবিনশ্বর রূপ দর্শন করান" ॥৪॥

তাৎপর্য্য—এই শ্লোকদ্বারা অর্জ্জুন নিজের বিনয় প্রকাশ করিলেন ॥৪॥

কৃষ্ণ বলিলেন—"অর্জ্জুন! তুমি আমার শত শত ও সহস্র সহস্র রূপ দর্শন কর; সেগুলি নানাপ্রকার, অলৌকিক, বহুবর্ণ এবং বহুবিধ আকৃতি-বিশিষ্ট ॥৫॥

তাৎপর্য্য—ঈশ্বর সর্ব্বময়; সুতরাং তাঁহার রূপও সর্ব্বপ্রকার। তাহাতেই কৃষ্ণ এইরূপ বলিলেন ॥৫॥

ভরতনন্দন! তুমি আমার রূপে দ্বাদশ আদিত্য, অষ্ট বসু, একাদশ রুদ্র, দুই অশ্বিনীকুমার এবং উনপঞ্চাশৎ বায়ু দর্শন কর, আর পূর্ব্বে যাহা দেখ নাই, সেইরূপ অনেক আশ্চর্য্য অবলোকন কর ॥৬॥

তাৎপর্য্য—ঈশ্বর সর্ব্বময় বলিয়া তাঁহার রূপে দেব, দানব, মনুষ্য, পশু, পক্ষী, স্থাবর ও জঙ্গমপ্রভৃতি সমস্ত পদার্থই থাকিবে। তাহারই কতকগুলির কথা এখানে বলিলেন ॥৬॥

ইহৈকস্থং জগৎ কৃৎস্নং পশ্যাদ্য সচরাচরম্।
মম দেহে গুড়াকেশ! যচ্চান্যদ্দ্রষ্টুমিচ্ছসি ॥৭॥
ন তু মাং শক্যসে দ্রষ্টুমনেনৈব স্বচক্ষুষা।
দিব্যং দদামি তে চক্ষুঃ পশ্য মে যোগমৈশ্বরম্ ॥৮॥

ভারতকৌমুদী

ন কেবলমুক্তমাত্রমেব সর্ব্বং পশ্যেঃ অপি তু অপরমপি সর্ব্বমিত্যাহ—ইহেতি। হে গুড়াকেশ! পূর্ব্বব্যাখ্যানাজ্জিতনিদ্র! সর্ব্বকর্ম্মণি সতর্ক! অর্জ্জুন! অদ্য ইদানীমেব, ইহ মম দেহে, একস্মিন্নেব অংশে তিষ্ঠতীতি একস্থম্, "বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগৎ" ইত্যুক্তত্বাৎ, চরৈর্জ্জঙ্গমৈঃ অচরৈঃ স্থাবরৈশ্চ সহেতি সচরাচরম্, কৃৎস্নং সর্ব্বং জগৎ পশ্য। কিঞ্চ "যদ্বা জয়েম যদি বা নো জয়েয়ুঃ" ইত্যুক্ত্যা সন্দিগ্ধং জয়পরাজয়াদিকম্ অন্যদ্যদপি দ্রষ্টুমিচ্ছসি, তদপি পশ্য ॥৭॥

নন্বনেনৈব ভাবেন পশ্যামি ভাবান্তরেণ বেত্যাহ—নতি। অনেনৈব চর্ম্মময়েনৈব স্বচক্ষুষা স্বাভাবিকনয়নেন, মাং দ্রষ্টুং ন তু শক্যসে, মদীয়তদ্রূপস্যালৌকিকত্বাৎ। শক্যস ইতি "শক বিভাষিতো মর্ষণে" ইতি দৈবাদিকোভয়পদিনঃ শকে রূপম্। কিং তর্হি ময়া কর্ত্তব্যমিত্যাহ—দিব্যমিতি। তে তব, দিব্যম্ অলৌকিকবস্তুদর্শনযোগ্যং চক্ষুর্দদামি; তেন চ মে ঐশ্বরমীশ্বরসম্বন্ধিনম্, যুজ্যত ইতি যোগং রূপং পশ্য ॥৮॥

ভারতভাবদীপঃ

জিতনিদ্র! ইহ মম দেহে একস্থমেকস্মিন্নেবাবয়বে নখাগ্রমাত্রে স্থিতং কৃৎস্নং বর্ত্তমানং জগৎ পশ্য, যচ্চান্যৎ অতীতমনাগতং বিপ্রকৃষ্টং ব্যবহিতং স্থূলং সূক্ষ্মং বা তৎ সর্ব্বমিহ পশ্য ॥৭॥ যত্তু ত্বং মন্যসে যদি তচ্ছক্যং ময়া দ্রষ্টুমিতি তত্রাহ—ন ত্বিতি। শক্যসে শক্নোষি পদবিকরণ-ব্যত্যয় আর্ষঃ। অনেন প্রাকৃতেন দিব্যমপ্রাকৃতম্। ঐশ্বরমীশ্বরসম্বন্ধিনং যোগং বিশ্বাশ্রয়ত্ব-

---

অর্জ্জুন! তুমি এখনই আমার এই শরীরের এক অংশে স্থিত সমস্ত স্থাবর-জঙ্গমসমন্বিত সমগ্র জগৎ দর্শন কর এবং অন্য যাহা কিছু দর্শন করিতে ইচ্ছা কর, তাহাও দর্শন কর ॥৭॥

তাৎপর্য্য—কৃষ্ণ পূর্ব্বে বলিয়াছেন যে, "আমি আমার এক অংশদ্বারা এই জগৎ ব্যাপিয়া রহিয়াছি;" সুতরাং এখানেও তাহা স্মরণ করিয়াই বলিলেন—'আমার এই শরীরে এক অংশে স্থিত সমগ্র জগৎ'। তা'র পর অর্জ্জুন পূর্ব্বে সন্দেহ করিয়া বলিয়াছিলেন—"আমরা কৌরবদিগকে জয় করি, কিংবা তাহারা আমাদিগকে জয় করে" এই জয়-পরাজয়ের নির্ণয়ও বিশ্বরূপের মধ্যে দেখা যাইবে বলিয়া ইঙ্গিত করিলেন। কেন না, ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান সমস্তই বিশ্বরূপের অন্তর্গত ॥৭॥

মদস্রাবী ও সুশিক্ষিত হস্তিগণ এবং মহাহস্তিগণ ঋষ্টি, তোমর ও নারাচে বিদ্ধ ও বিদীর্ণহৃদয় হইয়া নিনাদ করিতে লাগিল, কতকগুলি প্রাণ ত্যাগ করিয়া পতিত হইতে থাকিল, আর কতকগুলি ভয়ঙ্কর গর্জ্জন করিয়া নানাদিকে পলায়ন করিতে লাগিল ॥১১—১২॥

---

(১১) সম্যক্ প্রণীতাশ্চ তথা—পি। (১২) প্রণেদুর্ভিন্নমর্ম্মাণঃ—রা নি,...প্রধাবন্তি দিশঃ কেচিৎ—পি।

প্রগৃহীতৈঃ সুসংরব্ধা দ্রবমাণাস্ততস্ততঃ।
ব্যদৃশ্যন্ত মহারাজ! পরস্পরজিঘাংসবঃ ॥১৫॥ (বিশেষকম্)
ভ্রাজমানাশ্চ নিস্ত্রিংশাঃ সংসিক্তা নরশোণিতৈঃ।
প্রত্যদৃশ্যন্ত শূরাণামন্যোন্যমভিধাবতাম্ ॥১৬॥
অবক্ষিপ্তাবধূতানামসীনাং বীরবাহুভিঃ।
সংজজ্ঞে তুমুলঃ শব্দঃ পততাং পরমর্ম্মসু ॥১৭॥
গদামুষলভগ্নানাং ভিন্নানাঞ্চ বরাসিভিঃ।
দন্তিদন্তাবভিন্নানামর্দ্দিতানাঞ্চ দন্তিভিঃ ॥১৮॥

ভারতকৌমুদী

গজানামিতি। পাদরক্ষাঃ পাদরক্ষকাঃ, ব্যূঢোরস্কা বিশালবক্ষসঃ, প্রহারিণো যোদ্ধারঃ। আয়সৈর্লৌহময়ৈঃ, নিস্ত্রিংশৈরসিভিঃ, প্রগৃহীতৈর্ধৃতৈঃ, সুসংরব্ধা অতীবক্রুদ্ধাঃ ॥১৩—১৫॥

ভ্রাজেতি। ভ্রাজমানা উজ্জ্বলাঃ, নিস্ত্রিংশা অসয়ঃ ॥১৬॥

অবেতি। অবক্ষিপ্তা নিক্ষিপ্তাশ্চ অবধূতাঃ সঞ্চালিতাশ্চ তেষাম্ ॥১৭॥

ভারতভাবদীপঃ

শরাঃ ॥১১—১২॥ পরশ্বধৈঃ কুঠারৈঃ ॥১৩॥ ভিন্দিপালৈঃ পরশবৈঃ মহারাষ্ট্রাণাং 'গোফণ' ইতি প্রসিদ্ধৈঃ, পরিঘৈর্দণ্ডৈঃ, নিস্ত্রিংশৈঃ খড়্গৈঃ ॥১৪॥ দ্রবমাণা ধাবন্তঃ ॥১৫—১৬॥ অবক্ষিপ্তাবধূতানাম্ অধোমুখং পতিতানাং পরেষাং মর্ম্মসু পততামসীনামিতি সম্বন্ধঃ ॥১৭॥

মহারাজ! হস্তিগণের পাদরক্ষক বিশালবক্ষা যোদ্ধারা ঋষ্টি, ধনু, নির্ম্মল পরশু, গদা, মুষল, ভিন্দিপাল, তোমর, লৌহপরিঘ এবং শিলাশাণিত নির্ম্মল তরবারি ধারণ করিয়া অত্যন্ত ক্রুদ্ধ ও পরস্পরজিঘাংসু হইয়া নানাদিকে ধাবিত হইতে থাকিল—দেখিলাম ॥১৩—১৫॥

পরস্পরের প্রতি ধাবিত বীরগণের তরবারিগুলিকে উজ্জ্বল ও মানুষরক্তে সংসিক্ত অবস্থায় দেখা যাইতে লাগিল ॥১৬॥

বীরগণ যে সকল তরবারি নিক্ষেপ ও সঞ্চালন করিতেছিলেন, সেগুলি যাইয়া বিপক্ষগণের মর্ম্মদেশে পতিত হইতে থাকিলে, তুমুল শব্দ হইতে লাগিল ॥১৭॥

ভরতনন্দন! কোন কোন স্থানে সৈন্যগণ বিপক্ষগণের গদা ও মুষলের আঘাতে চূর্ণবিচূর্ণ হইতে লাগিল, কোথাও বিশাল তরবারির প্রহারে বিদীর্ণ হইতে থাকিল, অন্যান্য স্থানে হস্তীর দন্তাঘাতে ক্ষত-বিক্ষত হইতে লাগিল

---

(১৬) রাজমানাশ্চ নিস্ত্রিংশাঃ—রা নি। (১৮)···মৃদিতানাঞ্চ দন্তিভিঃ—বা ব রা নি।

তত্র তত্র নরৌঘানাং ক্রোশতামিতরেতরম্।
শুশ্রুবুর্দারুণা বাচঃ প্রেতানামিব ভারত ! ॥১৯॥ (যুগ্মকম্)
হয়ৈরপি হয়ারোহাশ্চামরাপীড়ধারিভিঃ।
হংসৈরিব মহাবেগৈরন্যোন্যমভিবিদ্রুতাঃ ॥২০॥
তৈর্বিমুক্তা মহাপ্রাসা জাম্বূনদবিভূষণাঃ।
আশুগা বিমলাস্তীক্ষ্ণা সংপেতুর্ভুজগোপমাঃ ॥২১॥
অশ্বৈরগ্র্যজবৈঃ কেচিদাপ্লুত্য মহতো রথাৎ।
শিরাংস্যাদদিরে বীরা রথিনামশ্বসাদিনঃ ॥২২॥
বহূনপি হয়ারোহান্ ভল্লৈঃ সন্নতপর্ব্বভিঃ।
রথী জঘান সংপ্রাপ্য বাণগোচরমাগতান্ ॥২৩॥

ভারতকৌমুদী

পদেতি। ভগ্নাশ্চূর্ণিতাঃ, ভিন্না বিদারিতাঃ, অবভিন্নাঃ ক্ষতাঃ, অর্দ্দিতা মর্দ্দিতাঃ। ক্রোশতাং গালিং দদতাম্। প্রেতানাং বীভৎসদেবযোনিবিশেষাণাম্ ॥১৮—১৯॥

হয়ৈরিতি। হয়ৈরশ্বৈঃ, চামরাপীড়ধারিভিঃ স্বলোম্নামেব চামরশেখরযুক্তৈঃ ॥২০॥

তৈরিতি। তৈর্হয়ারোহৈঃ, মহাপ্রাসা বিশালকুন্তাঃ। আশুগা দ্রুতগামিনঃ ॥২১॥

অশ্বৈরিতি। অগ্র্যজবৈর্মহাবেগৈঃ। অশ্বসাদিনঃ অশ্বারোহিণঃ সন্তঃ ॥২২॥

ভারতভাবদীপঃ

ক্ষুণ্ণস্তীব্রাঘাতার্ত্তঃ, ভিন্নো নিকৃত্তাঙ্গঃ, অবভিন্নঃ ক্ষতাঙ্গঃ ॥১৮॥ প্রেতানাং নারকাণাম্ ॥১৯॥ হয়ৈঃ করণভূতৈঃ চামরাপীড়াশ্চামরকলাপাস্তদ্ধারিভিঃ অতএব হংসৈরিব অভিবিদ্রুতাঃ সম্মুখমুপাগতাঃ ॥২০॥ প্রাসা হস্তক্ষেপ্যা ভল্লাঃ 'সৈন্তী'তি প্রসিদ্ধাঃ, কুন্তা ইত্যপরে।

এবং কোন কোন স্থানে হাস্তগণের চরণের নিষ্পেষণে মর্দ্দিত হইতে থাকিল; তখন তাহারা পরস্পরের প্রতি গালি দিতে লাগিল; সুতরাং প্রেতের উক্তির ন্যায় সেই দারুণ উক্তিগুলি শুনা যাইতে থাকিল ॥১৮—১৯॥

অশ্বারোহী সৈন্যেরা আপন আপন লোমেরই চামর ও শেখরধারী, মহাবেগশালী ও হংসের ন্যায় শুভ্রবর্ণ অশ্বে আরোহণ করিয়া পরস্পরের প্রতি ধাবিত হইল ॥২০॥

ক্রমে তাহারা সর্পের তুল্য দীর্ঘ, স্বর্ণভূষণে ভূষিত, নির্ম্মল, তীক্ষ্ণ ও দ্রুতগামী কুন্তসমূহ নিক্ষেপ করিতে থাকিলে, সেগুলি যাইয়া বিপক্ষদের উপরে পতিত হইতে লাগিল ॥২১॥

কতকগুলি বীর আপনাদের বিশাল রথ হইতে লাফাইয়া পড়িয়া বেগবান্ অশ্বে আরোহণ করিয়া দ্রুত যাইয়া রথারোহী বীরগণের মস্তক ছেদন করিয়া লইতে লাগিল ॥২২॥

নবমেঘপ্রতীকাশাশ্চাক্ষিপ্য তুরগান্ গজাঃ।
পাদৈরেব বিমৃদ্নন্তি মত্তাঃ কনকভূষণাঃ ॥২৪॥
পাট্যমানেষু কুম্ভেষু পার্শ্বেম্বপি চ বারণাঃ।
প্রাসৈর্বিমথিতাঃ কেচিদ্বিনেদুঃ পরমাতুরাঃ ॥২৫॥
সাশ্বারোহান্ হয়ান্ কেচিদুন্মথ্য বরবারণাঃ।
সহসা চিক্ষিপুস্তত্র সঙ্কুলে ভৈরবে সতি ॥২৬॥
সাশ্বারোহান্ বিষাণাগ্রৈরুৎক্ষিপ্য তুরগান্ গজাঃ।
রথৌঘানভিমৃদ্নন্তঃ সধ্বজানভিচক্রমুঃ ॥২৭॥

ভারতকৌমুদী

বহ্বিতি। হয়ারোহান্ অশ্বারোহিণঃ। বাণগোচরং বাণপাতস্থানম্ ॥২৩॥
নবেতি। আক্ষিপ্য উত্তোল্য ভূমৌ পাতয়িত্বা। বিমৃদ্নন্তি মর্দ্দয়ন্তি স্ম ॥২৪॥
পাট্যমানেম্বিতি। বারণা হস্তিনঃ। প্রাসৈঃ কুন্তৈঃ। বিনেদুশ্চীৎকারং চক্রুঃ ॥২৫॥
সাশ্বেতি। উন্মথ্য নিষ্পিষ্য। তত্র সমরে, সতি প্রবর্ত্তমানে ॥২৬॥
সাশ্বেতি। বিষাণাগ্রৈর্দন্তাগ্রৈঃ। অভিচক্রমুর্বিচেরুঃ ॥২৭॥

ভারতভাবদীপঃ

আশুগাঃ শীঘ্রগাঃ ॥২১॥ অগ্র্যাজবৈরুত্তমবেগৈঃ ॥২২॥ ভল্লৈর্দীর্ঘফলকৈর্বাণৈঃ ॥২৩—২৫॥ সহসা বলেন অতর্কিতং বা সতি বিদ্যমানে ॥২৬॥ অভিচক্রমুঃ অভিতো বভ্রমুঃ ॥২৭॥

রথীরা নতপর্ব্ব ভল্লদ্বারা বাণপতনস্থানে আগত বহুতর অশ্বারোহীকে বধ করিতে লাগিল ॥২৩॥

নূতন মেঘের ন্যায় নীলবর্ণ ও স্বর্ণভূষণে ভূষিত মত্ত হস্তিগণ শুণ্ডদ্বারা অশ্বগুলিকে উত্তোলনপূর্ব্বক ভূতলে নিক্ষেপ করিয়া চরণদ্বারা নিষ্পেষণ করিতে থাকিল ॥২৪॥

আবার বীরেরা কুন্তদ্বারা কুম্ভদেশ ও পার্শ্বদেশ বিদারণ করিলে কতকগুলি হস্তী অত্যন্ত পীড়িত হইয়া চীৎকার করিতে লাগিল ॥২৫॥

সেই ভয়ঙ্কর সঙ্কুল যুদ্ধ চলিতে থাকিলে কতকগুলি বিশাল হস্তী, আরোহীর সহিত অশ্বগুলিকে উত্তোলন করিয়া তৎক্ষণাৎ নিক্ষেপ করিতে থাকিল ॥২৬॥

অনেক হস্তী, আরোহীর সহিত অশ্বগুলিকে দন্তাগ্রে তুলিয়া লইয়া ধ্বজের সহিত বহুতর রথ মর্দ্দন করিতে থাকিয়া বিচরণ করিতে লাগিল ॥২৭॥

(২৪)…স্বপাদৈরবমৃদ্নন্তো মত্তাঃ—পি,…স্বপাদৈরবমৃদ্নন্তি—বা। (২৫)…প্রাসৈর্বিনিহতাঃ—রা নি। (২৬)…কাংশ্চিদুন্মথ্য—রা নি।

পুংস্ত্বাদতিমদত্বাচ্চ কেচিত্তত্র মহাগজাঃ।
সাশ্বারোহান্ হয়ান্ জঘ্নুঃ করৈঃ সচরণৈস্তথা ॥২৮॥
প্রতিমানেষু গাত্রেষু পার্শ্বেষ্বপি চ বারণান্।
আশুগা বিমলাস্তীক্ষ্ণাঃ সংপেতুর্ভুজগোপমাঃ ॥২৯॥
নরাশ্বকায়ান্ নির্ভিদ্য লৌহানি কবচানি চ।
নিপেতুর্বিমলাঃ শক্ত্যো বীরবাহুভিরর্পিতাঃ।
মহোল্কাপ্রতিমা ঘোরাস্তত্র তত্র বিশাংপতে! ॥৩০॥
দ্বীপিচর্ম্মাবনদ্ধৈশ্চ ব্যাঘ্রচর্ম্মচ্ছদৈরপি।
বিকোষৈর্বিমলৈঃ খড়্গৈরভিজঘ্নুঃ পরান্ রণে ॥৩১॥

ভারতকৌমুদী

পুংস্ত্বাদিতি। পুংস্ত্বাৎ পুংস্ত্বেন মহাবলত্বাৎ। করৈঃ শুণ্ডাভিঃ ॥২৮॥

প্রতীতি। প্রতিমানেষু ললাটেষু, "প্রতিমানমধোঽস্য যৎ" ইত্যমরঃ। আশুগা বাণাঃ ॥২৯॥

নরেতি। শক্ত্যঃ শক্তয়ঃ। অর্পিতা নিক্ষিপ্তাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

দ্বীপীতি। দ্বীপিনো বিচিত্রা ব্যাঘ্রবিশেষাঃ। ব্যাঘ্রচর্ম্মাণ্যেব ছদা আবরণানি যেষাং তৈঃ ॥৩১॥

ভারতভাবদীপঃ

পুংস্ত্বাদ্বীর্য্যবত্ত্বাৎ অতিমদত্বাদুদ্ভিন্নমদত্বাৎ ॥২৮॥ প্রতিমানেষু ললাটেষু গাত্রেষু অঙ্গেষু বারণানভি গজানামভিতঃ, সপ্তম্যর্থে দ্বিতীয়া, আশুগা বাণাঃ অশ্বারোহাদিভিঃ প্রক্ষিপ্তা ইতি শেষঃ ॥২৯॥ শক্ত্যঃ শক্তয়ঃ রংহসা লোহদণ্ডাস্ত এব মহোল্কাপ্রতিমা ইত্যুত্তরেণ সম্বন্ধঃ ॥৩০॥ দ্বীপী চিত্রব্যাঘ্রঃ। বিকোষৈঃ প্রয়োগকালে। পঞ্চাভিজ্ঞাভিমুখেন সর্পণং স্যাদভিদ্রুতম্।

কতকগুলি মহাহস্তী পুরুষত্বনিবন্ধন মহাবল ও অত্যন্ত মত্ত বলিয়া শুণ্ড ও চরণদ্বারা আরোহীর সহিত অশ্বগুলিকে বধ করিতে থাকিল ॥২৮॥

আবার নির্ম্মল, তীক্ষ্ণ ও সর্পের তুল্য দীর্ঘ বাণ সকল যাইয়া হস্তিগণের ললাটে, গাত্রে ও পার্শ্বে পতিত হইতে লাগিল ॥২৯॥

নরনাথ! বিশাল উল্কার ন্যায় দীর্ঘ, নির্ম্মল ও ভয়ঙ্কর শক্তিসমূহ বীরগণের হস্তনিক্ষিপ্ত হইয়া মানুষ ও অশ্বের দেহ এবং লৌহকবচ ভেদ করিয়া সমরাঙ্গনের নানাস্থানে পতিত হইতে থাকিল ॥৩০॥

পূর্ব্বে যে সকল তরবারি বিচিত্র ব্যাঘ্রচর্ম্ম ও সাধারণ ব্যাঘ্রচর্ম্মের কোষের ভিতরে থাকিত, তৎকালে সেগুলিকে বাহির করিয়া তাহাদ্বারা বীরেরা যুদ্ধে বিপক্ষগণকে বধ করিতে লাগিলেন ॥৩১॥

(২৯) 'অশ্বারোহৈশ্চ সমরে হস্তিসাদিভিরেব চ' ইতি পাদদ্বয়ং পূর্ব্বমধিকম্—রা নি।

অভিপ্লুতমভিক্রুদ্ধমেকপার্শ্বাবদারিতম্।
বিদর্শয়ন্তঃ সংপেতুঃ খড়্গচর্ম্মপরশ্বধৈঃ ॥৩২॥
কেচিদাক্ষিপ্য করিণঃ সাশ্বানপি রথান্ করৈঃ।
বিকর্ষন্তো দিশঃ সর্ব্বাঃ সংপেতুঃ সর্ব্বশব্দগাঃ ॥৩৩॥
শঙ্কুভির্দারিতাঃ কেচিৎ সংভিন্নাশ্চ পরশ্বধৈঃ।
হস্তিভির্ম্মর্দিতাঃ কেচিৎ ক্ষুণ্ণাশ্চান্যে তুরঙ্গমৈঃ ॥৩৪॥
রথনেমিনিকৃত্তাশ্চ নিকৃত্তাশ্চ পরশ্বধৈঃ॥
ব্যাক্রোশন্ত নরা রাজন্! তত্র তত্র স্ম বান্ধবান্ ॥৩৫॥
পুত্ত্রানন্যে পিতৄনন্যে ভ্রাতৄংশ্চ সহ বন্ধুভিঃ।
মাতুলান্ ভাগিনেয়াংশ্চ পরানপি চ সংযুগে ॥৩৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

অভীতি। আভিমুখ্যেন গমনমভিপ্লুতম্, ওষ্ঠদংশনপূর্ব্বকং ধাবনমভিক্রুদ্ধম্, বামপার্শ্বে ধাবনমেকপার্শ্বাবদারিতম, বিদর্শয়ন্তো বীরাঃ, সংপেতুঃ আচক্রমুঃ ॥৩২॥

কেচিদিতি। করৈঃ শুণ্ডাভিঃ। সর্বান্ শব্দান্ বীরনাদান্ গচ্ছন্তি অনুসরন্তীতি তে ॥৩৩॥

শঙ্কুভিরিতি। শঙ্কুভির্লৌহকীলৈঃ। রথানাং নেমিভিশ্চক্রপ্রান্তৈঃ নিকৃত্তাশ্ছিন্নাঃ, নিকৃত্তাশ্ছিন্নাঃ। ব্যাক্রোশন্ত আর্ত্তনাদমকুর্ব্বন্। স্মশব্দঃ পাদপূরণে। সংযুগে যুদ্ধে ॥৩৪—৩৬॥

ভারতভাবদীপঃ

তদেব স্যাদভিক্রুদ্ধমোষ্ঠদংশাদিসংযুতম্। বামপক্ষাশ্রিতং যানমেকপার্শ্বাবদারিতম্। চর্ম্ম প্রহারবারণং 'ঢাল' ইতি প্রসিদ্ধং ভাষায়াম্ ॥৩১—৩২॥ আক্ষিপ্যাকৃষ্য। সর্ব্বশব্দগাঃ সর্ব্বেষামাক্ষেপ্তৄণাং শব্দমনুগচ্ছন্তি তে তথা, শঙ্কুভিঃ কীলৈঃ কণ্টকদণ্ডাদিগতৈঃ ॥৩৩—৩৪॥ ব্যাক্রোশন্ত ব্যাক্রোশং কৃতবন্তঃ, বন্ধুভিঃ সখিভিঃ ॥৩৫—৩৬॥ ভগ্নসক্থা ভগ্নোরবঃ ॥৩৭॥

অনেক বীর তরবারী, ঢাল ও পরশু লইয়া সম্মুখে গমন, ওষ্ঠদংশনপূর্ব্বক গমন ও পার্শ্বে গমন দেখাইতে থাকিয়া বিপক্ষদিগকে আক্রমণ করিতে থাকিলেন ॥৩২॥

সিংহনাদপ্রভৃতি সকল শব্দের অনুসরণকারী কতকগুলি হস্তী শুণ্ডদ্বারা অশ্বের সহিতই রথগুলিকে ধারণ করিয়া আকর্ষণ করতঃ সকল দিকে ধাবিত হইতে লাগিল ॥৩৩॥

রাজা! কেহ কেহ লৌহশঙ্কুদ্বারা বিদীর্ণ, কেহ কেহ পরশুদ্বারা খণ্ডিত, কেহ কেহ হস্তিচরণে মর্দ্দিত, কেহ কেহ অশ্বের খুরে ক্ষত-বিক্ষত, কেহ কেহ রথচক্রের আঘাতে ছিন্ন এবং কেহ কেহ পরশুদ্বারা আহত হইয়া সেই সেই

(৩৪) শক্তিভির্দারিতাঃ—পি। (৩৫)...বিক্রোশন্তি নরাঃ—পি।

বিকীর্ণান্ত্রাঃ সুবহবো ভগ্নসক্‌থাশ্চ ভারত!।
বাহুভিশ্চাপরে চ্ছিন্নৈঃ পার্শ্বেষু চ বিদারিতাঃ।
ক্রন্দন্তঃ সমদৃশ্যন্ত সুভৃশং জীবিতেপ্সবঃ ॥৩৭॥
তৃষা পরিগতাঃ কেচিদল্পসত্ত্বা বিশাংপতে!।
ভূমৌ নিপতিতাঃ সংখ্যে মৃগয়াঞ্চক্রিরে জলম্ ॥৩৮॥
রুধিরৌঘপরিক্লিন্নাঃ ক্লিশ্যমানাশ্চ ভারত!।
ব্যনিন্দন্ ভৃশমাত্মানং তব পুত্রাংশ্চ সঙ্গতান্ ॥৩৯॥
অপরে ক্ষত্রিয়াঃ শূরাঃ কৃতবৈরাঃ পরস্পরম্।
নৈব শস্ত্রং বিমুঞ্চন্তি নৈব ক্রন্দন্তি মারিষ! ॥৪০॥
তর্জ্জয়ন্তি চ সংহৃষ্টাস্তত্র তত্র পরস্পরম্।
আদশ্য দশনৈশ্চাপি ক্রোধাৎ স্বং দশনচ্ছদম্ ॥৪১॥
ভ্রুকুটীকুটিলৈর্বক্ত্রৈঃ প্রেক্ষন্তি চ পরস্পরম্।
অপরে ক্লিশ্যমানাস্তু শরার্ত্তা ব্রণপীড়িতাঃ ॥৪২॥

ভারতকৌমুদী

বিকীর্ণেতি। বিকীর্ণান্ত্রা বিক্ষিপ্তনাড়ীবিশেষাঃ, ভগ্নসক্‌থা ভগ্নোরবঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭॥

তৃষেতি। তৃষা তৃষ্ণয়া, পরিগতা আক্রান্তাঃ, অল্পসত্ত্বা দুর্ব্বলীভূতাঃ ॥৩৮॥

রুধিরেতি। আত্মানং ব্যনিন্দন্ যুদ্ধাগমনাৎ, তব পুত্রান্ যুদ্ধঘটনাৎ ॥৩৯॥

অপর ইতি। নৈব ক্রন্দন্তি ভৃশং প্রহৃতা অপি সত্ত্বাতিরেকাৎ। দশনৈর্দন্তৈঃ, দশন-

স্থানে বান্ধবগণকে, পুত্রগণকে, ভ্রাতৃগণকে, আত্মীয়গণকে, মাতুলগণকে, ভাগিনেয়গণকে এবং অন্যান্য লোকদিগকে আহ্বান করিতে থাকিয়া আর্ত্তনাদ করিতে লাগিল ॥৩৪—৩৬॥

ভরতনন্দন। আঁৎড়ী বিক্ষিপ্ত, উরু ভগ্ন, বাহু ছিন্ন এবং পার্শ্ব বিদীর্ণ হইলেও জীবনার্থী বহুতর সৈন্যকে অতিশয় ক্রন্দন করিতে দেখা গেল ॥৩৭॥

নরনাথ। সমরাঙ্গনে নিপতিত কতকগুলি দুর্ব্বল সৈন্য তৃষ্ণার্ত্ত হইয়া জলের অন্বেষণ করিতে লাগিল ॥৩৮॥

ভরতনন্দন। অত্যন্ত পীড়িত ও রক্তাক্তদেহ বহুতর সৈন্য নিজেকে এবং আপনার (ধৃতরাষ্ট্রের) পুত্রদিগকে বিশেষ নিন্দা করিতে থাকিল ॥৩৯॥

মাননীয় মহারাজ। পরস্পর শত্রুতাকারী অপর বীর ক্ষত্রিয়েরা গুরুতর প্রহৃত হইয়াও অস্ত্রত্যাগ বা রোদন করিলেন না, বরং ক্রোধে দন্তদ্বারা ওষ্ঠ

---

(৩৭)···তৃষিতা জীবিতেপ্সবঃ—রা নি। (৪১)···ক্রোধাৎ স্বরদনচ্ছদম্—রা নি।

নিষ্কূজাঃ সমপদ্যন্ত দৃঢ়সত্ত্বা মহাবলাঃ।
অন্যে চ বিরথাঃ শূরা রথমন্যস্য সংযুগে ॥৪৩॥
প্রার্থয়ানা নিপতিতাঃ সংক্ষুণ্ণা বরবারণৈঃ।
অশোভন্ত মহারাজ! সপুষ্পা ইব কিংশুকাঃ ॥৪৪॥ (কুলকম্)
সংবভূবুরনীকেষু বহবো ভৈরবস্বনাঃ।
বর্ত্তমানে মহাভীমে তস্মিন্ বীরবরক্ষয়ে ॥৪৫॥
নিজঘান পিতা পুত্রং পুত্রশ্চ পিতরং রণে।
স্বস্রীয়ো মাতুলঞ্চাপি স্বস্রীয়ঞ্চাপি মাতুলঃ ॥৪৬॥
সখা সখায়ঞ্চ তথা সম্বন্ধী বান্ধবং তথা।
এবং যুযুধিরে তত্র কুরবঃ পাণ্ডবৈঃ সহ ॥৪৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ছদম্ ওষ্ঠম্। প্রেক্ষন্তি প্রেক্ষন্তে স্ম। নিষ্কূজাঃ নিঃশব্দাঃ, সমপদ্যন্ত সঞ্জাতাঃ, দৃঢ়সত্ত্বাঃ সাতিশয়যুদ্ধাধ্যবসায়াঃ। প্রার্থয়ানাঃ প্রার্থয়ন্তঃ, সংক্ষুণ্ণা ভগ্নাবয়বাঃ ॥৪০—৪৪॥

সংবভূবুরিতি। অনীকেষু সৈন্যেষু। বীরবরাণাং ক্ষয়ো যস্মিন্ তস্মিন্ ॥৪৫॥

নিজঘানেতি। স্বস্রীয়ো ভাগিনেয়ঃ। সম্বন্ধী শ্যালকাদিঃ ॥৪৬—৪৭॥

দংশন করিয়া হৃষ্ট হইয়া সেই সেই স্থানে থাকিয়া পরস্পর তর্জ্জন করিতেই লাগিলেন এবং ভ্রূকুটীকুটিল মুখে পরস্পর দর্শন করিতে থাকিলেন। দৃঢ় অধ্যবসায় ও মহাবলশালী অপর বীরেরা বাণপীড়িত, ক্ষতবিক্ষতদেহ ও ক্লিষ্ট হইয়া নিঃশব্দ অবস্থায় রহিলেন। আর, মহারাজ! রথশূন্য অন্য বীরেরা মহাহস্তীর আক্রমণে ভগ্নগাত্র, রক্তাক্তদেহ ও সমরাঙ্গনপতিত হইয়া অপরের রথ চাহিতে থাকিয়া পুষ্পসমন্বিত কিংশুকবৃক্ষসমূহের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৪০—৪৪॥

প্রধান প্রধান বীরনাশক সেই মহাভয়ঙ্কর যুদ্ধ চলিতে লাগিলে, উভয়পক্ষের সৈন্যের মধ্যেই বহুতর ভীষণ শব্দ হইতে লাগিল ॥৪৫॥

সেই যুদ্ধে পিতা পুত্রকে, পুত্র পিতাকে, ভাগিনেয় মাতুলকে, মাতুল ভাগিনেয়কে, সখা সখাকে এবং সম্বন্ধী অপর সম্বন্ধীকে বধ করিতে লাগিল। এইভাবে কৌরবেরা পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৪৬—৪৭॥

---

(৪৩)…অন্যে তু বিরথাঃ শূরাঃ—পি বা। (৪৬) অহনন্ত, পিতা পুত্রম্—পি বা। (৪৭)…এবমেব ক্ষয়ো বৃত্তঃ কুরবঃ—পি বা।

বর্ত্তমানে তথা তস্মিন্ নির্ম্মর্য্যাদে ভয়ানকে।
ভীষ্মমাসাদ্য পার্থানাং বাহিনী সমকম্পত ॥৪৮॥
কেতুনা পঞ্চতারেণ তালেন ভরতর্ষভ !।
রাজতেন মহাবাহুরুচ্ছ্রিতেন মহারথে।
বভৌ ভীষ্মস্তদা রাজন্ ! চন্দ্রমা ইব মেরুণা ॥৪৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে প্রথমদিবসযুদ্ধে ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

--:*:--

ভারতকৌমুদী

বর্ত্তমান ইতি। তস্মিন্ যুদ্ধে, নির্ম্মর্য্যাদে সঙ্কুলে। পার্থানাং পাণ্ডবানাম্ ॥৪৮॥

কেতুনেতি। কেতুনা ধ্বজেন, পঞ্চ তারাস্তারাকারাণি স্বর্ণপট্টচিহ্নানি যত্র তেন, তালেন তালতরুপ্রমাণেন। রাজতেন রৌপ্যনির্ম্মিতেন, উচ্ছ্রিতেন উত্তোলিতেন। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশ-ভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

--:*:--

ভারতভাবদীপঃ

তৃষা পিপাসয়া অলসত্বা দৈর্ঘ্যাবচ্ছিন্নাঃ মূর্চ্ছয়াক্রান্তিরে যাচন্তে ॥৩৮—৪১॥ রদনচ্ছদমোষ্ঠং নিষ্কৃজা নিঃশব্দাঃ রণমধ্যস্থ শঙ্খং প্রার্থয়ানা মধোমার্গে নিপতিতা ইতি যোজ্যম্ ॥৪২—৪৮॥ কেতুনেতি সার্দ্ধঃ, অত্র চন্দ্রকেত্বোর্মেরুসরথভীষ্ময়োশ্চোপমোপমেয়ভাবঃ ভীষ্মস্য রুক্মরথত্বাৎ ॥৪৯॥

ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৬॥

—:*:—

সঙ্কুল ও ভয়ানক সেই যুদ্ধ চলিতে থাকিলে, পাণ্ডববাহিনী ভীষ্মকে পাইয়া কম্পিত হইতে লাগিল ॥৪৮॥

ভরতশ্রেষ্ঠ রাজা! চন্দ্র যেমন সুমেরুপর্ব্বতদ্বারা শোভা পান, সেইরূপ তৎকালে মহাবাহু ভীষ্ম আপন মহারথে থাকিয়া পঞ্চস্বর্ণতারাযুক্ত, তালতরু-প্রমাণ, রৌপ্যনির্ম্মিত ও উত্তোলিত ধ্বজদ্বারা শোভা পাইতে লাগিলেন" ॥৪৯॥

—:*:—

(৪৮) বর্ত্তমানে ভয়ে তস্মিন্ নির্ম্মর্য্যাদে মহাহবে···পি···নির্ম্ময্যাদে মহাভয়ে—বা।

সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ।

—:*:—

সঞ্জয় উবাচ।

গতপূর্ব্বাহ্নভূয়িষ্ঠে তস্মিন্নহনি দারুণে।
বর্ত্তমানে তথা রৌদ্রে রাজন্! নরবরক্ষয়ে ॥১॥
দুর্ম্মুখঃ কৃতবর্ম্মা চ কৃপঃ শল্যো বিবিংশতিঃ।
ভীষ্মং জুগুপুরাসাদ্য তব পুত্রেণ চোদিতাঃ ॥২॥ (যুগ্মকম্)
এতৈরতিরথৈর্গুপ্তঃ পঞ্চভির্ভরতর্ষভঃ।
পাণ্ডবানামনীকানি বিজগাহে মহারথঃ ॥৩॥
চেদিকাশিকরূষেষু পাঞ্চালেষু চ ভারত!।
ভীষ্মস্য বহুধা তালশ্চলকেতুরদৃশ্যত ॥৪॥
স শিরাংসি রণেঽরীণাং রথাংশ্চ সযুগধ্বজান্।
নিচকর্ত্ত মহাবেগৈর্ভল্লৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৫॥

ভারতকৌমুদী

গতেতি। গতঃ অতিক্রান্তঃ পূর্ব্বাহ্নস্য দ্বিধাবিভক্তদিনপূর্ব্বভাগস্য ভূয়িষ্ঠো বহুলঃ অংশো যস্য তস্মিন্। নরবরাণাং ক্ষয়ো বিনাশো যস্মিন্ তাদৃশে রণে। জুগুপুঃ ররক্ষুঃ, আসাদ্য প্রাপ্য, তব পুত্রেণ দুর্য্যোধনেন, চোদিতাঃ প্রেরিতাঃ ॥১—২॥

এতৈরিতি। গুপ্তো রক্ষিতঃ। বিজগাহে প্রবিবেশ, মহারথো ভীষ্মঃ ॥৩॥

চেদীতি। চেদ্যাদিদেশীয়সৈন্যেম্বিত্যর্থঃ। চলকেতুশ্চঞ্চলধ্বজঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—"রাজা! সেই ভয়ঙ্কর দিনের পূর্ব্বাহ্লের অধিক অংশ অতীত হইলে এবং প্রধান প্রধান সৈন্যনাশক সেইরূপ ভয়ঙ্কর যুদ্ধ চলিতে থাকিলে, আপনার পুত্র দুর্য্যোধনের আদেশে দুর্ম্মুখ, কৃতবর্ম্মা, কৃপাচার্য্য, শল্য ও বিবিংশতি—ইঁহারা পাঁচ জন যাইয়া ভীষ্মকে রক্ষা করিতে লাগিলেন ॥১—২॥

এই পাঁচ জন অতিরথ যাইয়া রক্ষা করিতে থাকিলে, ভরতবংশশ্রেষ্ঠ ও মহারথ ভীষ্ম যাইয়া পাণ্ডবসৈন্যমধ্যে প্রবেশ করিলেন ॥৩॥

ভরতনন্দন! চেদি, কাশী, করূষ ও পাঞ্চালদেশীয় সৈন্যগণের মধ্যে ভীষ্মের চঞ্চল তালধ্বজ বহুপ্রকারে দেখা যাইতে লাগিল ॥৪॥

(১)…রৌদ্রে মহাবীরবরক্ষয়ে—রা নি। (৩)…বিজগাহ মহারথঃ—পি। (৫) শিরাংসি রণে বীরঃ—পি কা।

নৃত্যতো রথমার্গেষু ভীষ্মস্য ভরতর্ষভ ! ।
ভৃশমার্ত্তস্বরং চক্রুর্নাগা মর্ম্মণি তাড়িতাঃ ॥৬॥
অভিমন্যুঃ সুসংক্রুদ্ধঃ পিশঙ্গৈস্তুরগোত্তমৈঃ ।
সংযুক্তং রথমাস্থায় প্রায়াদ্ভীষ্মরথং প্রতি ॥৭॥
জাম্বূনদবিচিত্রেণ কর্ণিকারেণ কেতুনা ।
অভ্যবর্ত্তত ভীষ্মঞ্চ তাংশ্চৈব রথসত্তমান্ ॥৮॥
স তালকেতোস্তীক্ষ্ণেন কেতুমাহত্য পত্রিণা ।
ভীষ্মেণ যুযুধে বীরস্তস্য চানুচরৈঃ সহ ॥৯॥
কৃতবর্ম্মাণমেকেন শল্যং পঞ্চভিরাশুগৈঃ ।
বিদ্ধা নবভিরানর্চ্ছ চ্ছিতাগ্রৈঃ প্রপিতামহম্ ॥১০॥

ভারতকৌমুদী

স ইতি। স ভীষ্মঃ। যুগৈর্দারুবিশেষৈর্ধ্বজৈশ্চ সহেতি তান্। নিচকর্ত্ত চিচ্ছেদ ॥৫॥
নৃত্যত ইতি। নৃত্যতঃ অনবরতদেহসঞ্চালনান্নৃত্যং কুর্ব্বত ইব। নাগা হস্তিনঃ ॥৬॥
অভীতি। পিশঙ্গৈঃ পিঙ্গলবর্ণৈঃ। আস্থায় আরুহ্য, প্রায়াৎ অগচ্ছৎ ॥৭॥
জাম্বূনদেতি। কর্ণিকারেণ কর্ণিকারতরুনির্ম্মিতেন। তান্ দুর্ম্মুখাদীন্ ॥৮॥
স ইতি। তালকেতোর্ভীষ্মস্য। পত্রিণা বাণেন ॥৯॥

ভারতভাবদীপঃ

গতেতি। গতোঽর্ত্তীতঃ পূর্ব্বাহ্ণস্য ভূয়িষ্ঠো ভাগো যস্মিন্নহনি ॥১—৫॥ নৃত্যতো নৃত্যমিব কুর্ব্বতঃ ॥৬॥ পিশঙ্গৈঃ পিঙ্গলৈঃ ॥৭॥ কর্ণিকারেণ কর্ণিকারক্রমোপমেন ॥৮॥

ভীষ্ম মহাবেগশালী ও অবনতপর্ব্ব ভল্লদ্বারা যুদ্ধে শত্রুগণের মস্তক এবং যুগকাষ্ঠ ও ধ্বজের সহিত রথগুলিকে ছেদন করিতে থাকিলেন ॥৫॥

ভরতশ্রেষ্ঠ ! তৎকালে ভীষ্ম যেন রথে থাকিয়া নৃত্য করিতে লাগিলেন, সেই অবস্থায় তাঁহার রথপথে স্থিত হস্তী সকল মর্ম্মদেশে তাড়িত হইয়া অত্যন্ত আর্ত্তনাদ করিতে লাগিল ॥৬॥

এই সময়ে অভিমন্যু অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পিঙ্গলবর্ণ-ঘোটকযুক্ত রথে আরোহণ করিয়া ভীষ্মের রথের দিকে গমন করিলেন ॥৭॥

স্বর্ণবিচিত্র ও কর্ণিকারবৃক্ষনির্ম্মিত-ধ্বজশালী অভিমন্যু ক্রমে ভীষ্মের এবং দুর্ম্মুখপ্রভৃতি রথিশ্রেষ্ঠগণের অভিমুখবর্ত্তী হইলেন ॥৮॥

তাহার পর বীর অভিমন্যু একটা তীক্ষ্ণ বাণদ্বারা ভীষ্মের ধ্বজে আঘাত করিয়া ভীষ্ম ও তাঁহার অনুচরগণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥৯॥

(৯)…তস্য চানুরথৈঃ সহ—বা ব র নি। (১০)…শল্যং পঞ্চভিরায়সৈঃ—পি।

পূর্ণায়তবিসৃষ্টেন সম্যক্ প্রণিহিতেন চ।
ধ্বজমেকেন বিব্যাধ জাম্বূনদপরিষ্কৃতম্ ॥১১॥
দুর্ম্মুখস্য তু ভল্লেন সর্ব্বাবরণভেদিনা।
জহার সারথেঃ কায়াচ্ছিরঃ সন্নতপর্ব্বণা ॥১২॥
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন কার্ত্তস্বরবিভূষিতম্।
কৃপস্য নিশিতাগ্রেণ তাংশ্চ তীক্ষ্ণমুখৈঃ শরৈঃ ॥১৩॥
জঘান পরমক্রুদ্ধো নৃত্যন্নিব মহারথঃ।
তস্য লাঘবমুদ্বীক্ষ্য তুতুষুর্দেবতা অপি ॥১৪॥
লব্ধলক্ষতয়া কার্ষ্ণেঃ সর্ব্বে ভীষ্মমুখা রথাঃ।
সত্ত্ববন্তমমন্যন্ত সাক্ষাদিব ধনঞ্জয়ম্ ॥১৫॥

ভারতকৌমুদী

কৃতেতি। আশুগৈর্বাণৈঃ। আনর্চ্ছ অবিধ্যৎ, প্রপিতামহং ভীষ্মম্ ॥১০॥

পূর্ণেতি। পূর্ণঃ যথা স্যাত্তথা আয়তমাকৃষ্ট যদ্ধনুস্তেন বিসৃষ্টো নিক্ষিপ্তস্তেন, সম্যক্ প্রণিহিতেন সংহিতেন, একেন শরেণ। জাম্বূনদপরিষ্কৃতং স্বর্ণালঙ্কৃতম্ ॥১১॥

দুর্ম্মুখস্যেতি। ভল্লেন বৃহৎফলকেন বাণবিশেষেণ ॥১২॥

ধনুরিতি। কার্ত্তস্বরবিভূষিতং স্বর্ণালঙ্কৃতম্। তান্ কৃতবর্ম্মাদীংশ্চ বিব্যাধ ॥১৩॥

জঘানেতি। জঘান সৈন্যান্। মহারথঃ অভিমন্যুঃ। লাঘবং দ্রুতাস্ত্রক্ষেপযোগ্যতাম্ ॥১৪॥

লব্ধেতি। লব্ধলক্ষতয়া লক্ষ্যভেদনৈপুণ্যাদর্শনেন, কৃষ্ণস্যার্জ্জুনস্যাপত্যমিতি কার্ষ্ণিরভিমন্যুস্তস্য, ভীষ্মমুখা ভীষ্মপ্রভৃতয়ঃ, রথা রথিনঃ। সত্ত্ববন্তং বলবন্তম্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

অশ্বরথৈঃ পার্ষ্ণিগোপাদিভিঃ ॥৯—১০॥ পূর্ণায়তবিসৃষ্টেন আকর্ণাকৃষ্টত্যক্তেন, প্রণিহিতেন প্রেরিতেন ॥১১—১২॥ কার্ত্তস্বরং সুবর্ণম্, তান্ সর্ব্বান্ ॥১৩—১৪॥ কার্ষ্ণেঃ অভিমন্যোঃ,

---

তিনি একটা বাণদ্বারা কৃতবর্ম্মাকে এবং পাঁচটা বাণদ্বারা শল্যকে বিদ্ধ করিয়া নয়টা নিশিত বাণদ্বারা ভীষ্মকে বিদ্ধ করিলেন ॥১০॥

এবং পূর্ণাকৃষ্ট-কার্ম্মুক-নিক্ষিপ্ত ও সম্যক্ সংহিত একটা বাণদ্বারা ভীষ্মের স্বর্ণালঙ্কৃত ধ্বজটাকে বিদ্ধ করিলেন ॥১১॥

আর সর্ব্বাবরণভেদী ও অবনতপর্ব্ব একটা ভল্লদ্বারা দুর্ম্মুখের সারথির দেহ হইতে মস্তক হরণ করিলেন ॥১২॥

পরে অভিমন্যু একটা নিশিত ভল্লদ্বারা কৃপাচার্য্যের স্বর্ণভূষিত ধনু ছেদন করিয়া বহুতর তীক্ষ্ণ বাণদ্বারা দুর্ম্মুখপ্রভৃতিকেও বিদ্ধ করিলেন ॥১৩॥

অত্যন্ত ক্রুদ্ধ অভিমন্যু নৃত্য করিতে থাকিয়াই যেন শত্রুসৈন্যসংহার করিতে লাগিলেন। তৎকালে তাঁহার লঘুহস্ততা দেখিয়া দেবতারাও সন্তুষ্ট হইলেন ॥১৪॥

তস্য লাঘবমার্গস্থমলাতসদৃশপ্রভম্।
দিশঃ পর্য্যপতচ্চাপং গাণ্ডীবমিব ঘোষবৎ ॥১৬॥
তমাসাদ্য মহাবেগৈর্ভীষ্মো নবভিরাশুগৈঃ।
বিব্যাধ সমরে তূর্ণমার্জ্জুনিং পরবীরহা ॥১৭॥
ধ্বজঞ্চাস্য ত্রিভির্ভল্লৈশ্চিচ্ছেদ পরমৌজসঃ।
সারথিঞ্চ ত্রিভির্বাণৈরাজঘান যতব্রতঃ ॥১৮॥
তথৈব কৃতবর্ম্মা চ কৃপঃ শল্যশ্চ মারিষ!।
বিদ্ধ্বা নাকম্পয়ৎ কার্ষ্ণিং মৈনাকমিব পর্ব্বতম্ ॥১৯॥
স তৈঃ পরিবৃতঃ শূরো ধার্ত্তরাষ্ট্রৈর্মহারথৈঃ।
ববর্ষ শরবর্ষাণি কার্ষ্ণিঃ পঞ্চ রথান্ প্রতি ॥২০॥

ভারতকৌমুদী

তস্যেতি। লাঘবমার্গস্থং লঘুহস্ততাপ্রদর্শনস্থানম্, অলাতসদৃশপ্রভম্ উল্মুকতুল্যম্ ॥১৬॥
তমিতি। আশুগৈর্বাণৈঃ। অর্জ্জুনস্যাপত্যমিত্যার্জ্জুনিস্তম্ অভিমন্যুম্ ॥১৭॥
ধ্বজমিতি। পরমৌজসো মহাতেজসোঽভিমন্যোঃ। যতব্রতঃ সংযমব্রতো ভীষ্মঃ ॥১৮॥
তথেতি। হে মারিষ! আর্য্য! "আর্য্যাশ্চ মারিষাঃ" ইত্যমরঃ। কার্ষ্ণিমভিমন্যুম্ ॥১৯॥
স ইতি। ধৃতরাষ্ট্রস্যেমে ইতি ধার্ত্তরাষ্ট্রাস্তৈঃ। পঞ্চ রথান্ দুর্ম্মুখাদীন্ ॥২০॥

এবং ভীষ্মপ্রভৃতি রথীরা অভিমন্যুর লক্ষ্যভেদনৈপুণ্য দেখিয়া তাঁহাকে সাক্ষাৎ অর্জ্জুনের তুল্য বলবান্ মনে করিলেন ॥১৫॥

গাণ্ডীবধনুর ন্যায় শব্দকারী, লঘুহস্ততা দেখাইবার স্থান এবং অগ্নিসংযুক্ত কাষ্ঠখণ্ডের ন্যায় উজ্জ্বল অভিমন্যুর ধনুখানা তৎকালে সকল দিকে ঘুরিতে লাগিল ॥১৬॥

বিপক্ষবীরহন্তা ভীষ্ম যুদ্ধে অভিমন্যুকে পাইয়া মহাবেগশালী নয়টা বাণদ্বারা সত্বর তাঁহাকে বিদ্ধ করিলেন ॥১৭॥

এবং চিরসংযমব্রত ভীষ্ম তিনটা ভল্লদ্বারা মহাতেজা অভিমন্যুর ধ্বজ ছেদন করিলেন, আর তিনটা বাণদ্বারা তাঁহার সারথিকে তাড়ন করিলেন ॥১৮॥

মাননীয় রাজা! সেইরূপই কৃতবর্ম্মা, কৃপাচার্য্য ও শল্য রাজা অভিমন্যুকে বিদ্ধ করিয়াও মৈনাকপর্ব্বতের ন্যায় তাঁহাকে বিচলিত করিতে পারিলেন না ॥১৯॥

প্রত্যুত বীর অভিমন্যু বিপক্ষ মহারথগণে পরিবেষ্টিত হইয়াও সেই দুর্ম্মুখপ্রভৃতি পাঁচ জন রথীর প্রতি বাণবর্ষণ করিতে লাগিলেন ॥২০॥

---

(১৭) স তমাসাদ্য বেগেন ভীষ্মঃ—পি বা। (২০) স তৈঃ পরিবৃতঃ শূরৈঃ—পি।

ততস্তেষাং মহাস্ত্রাণি সংবার্য্য শরবৃষ্টিভিঃ।
ননাদ বলবৎ কার্ষ্ণির্ভীষ্মায় বিসৃজন্ শরান্ ॥২১॥
তত্রাস্য সুমহদ্রাজন্! বাহ্বোর্বলমদৃশ্যত।
যতমানস্য সমরে ভীষ্মমর্দ্দয়তঃ শরৈঃ ॥২২॥
পরাক্রান্তস্য তস্যৈবং ভীষ্মোঽপি প্রাহিণোচ্ছরান্।
স তাংশ্চিচ্ছেদ সমরে ভীষ্মচাপচ্যুতান্ শরান্ ॥২৩॥
ততো ধ্বজমমোঘেষুর্ভীষ্মস্য নবভিঃ শরৈঃ।
চিচ্ছেদ সমরে বীরস্তত উচ্চুক্রুশুর্জনাঃ ॥২৪॥
স রাজতো মহাস্কন্ধস্তালো হেমবিভূষিতঃ।
সৌভদ্রবিশিখৈশ্ছিন্নঃ পপাত ভুবি ভারত! ॥২৫॥

ভারতকৌমুদী

তত ইতি। বলবৎ অতীব ননাদ, "বলবৎ সুষ্ঠু কিমুত স্বত্যতীব চ নির্ভরে" ইত্যমরঃ ॥২১॥

তত্রেতি। অস্য অভিমন্যোঃ। যতমানস্য যত্নবতঃ ॥২২॥

পরেতি। তস্য অভিমন্যোরুপরি। প্রাহিণোৎ ন্যক্ষিপৎ ॥২৩॥

তত ইতি। অমোঘেষুঃ অব্যর্থবাণোঽভিমন্যুঃ। উচ্চুক্রুশুর্বিস্ময়ান্নেদুঃ ॥২৪॥

স ইতি। রাজতো রৌপ্যময়ঃ। তালঃ তালপ্রমাণো ধ্বজঃ ॥২৫॥

তাহার পর অর্জ্জুননন্দন অভিমন্যু বাণবর্ষণদ্বারা তাঁহাদের ভীষণ অস্ত্র সকল নিবারণ করিয়া ভীষ্মের উপরে বাণক্ষেপ করিতে থাকিয়া বিশাল সিংহনাদ করিলেন ॥২১॥

রাজা! অভিমন্যু যখন যুদ্ধে যত্নবান্ হইয়া বাণদ্বারা ভীষ্মকে পীড়ন করিতে লাগিলেন, তখন উঁহার সাতিশয় বাহুবল দেখা যাইতে লাগিল ॥২২॥

অভিমন্যু এইরূপ পরাক্রম প্রকাশ করিতে থাকিলে, ভীষ্মও তাঁহার উপরে বাণক্ষেপ করিতে থাকিলেন; তখন অভিমন্যুও যুদ্ধে ভীষ্মকার্ম্মুকনির্গত বাণগুলিকে ছেদন করিতে লাগিলেন ॥২৩॥

তৎপরে অব্যর্থবাণ বীর অভিমন্যু নয়টা বাণদ্বারা যুদ্ধে ভীষ্মের ধ্বজটাকে কাটিয়া ফেলিলেন; তাহাতে তত্রত্য লোকেরা বিস্ময়ে মহাকোলাহল করিয়া উঠিল ॥২৪॥

ভরতনন্দন! তখন রৌপ্যময়, মহাস্কন্ধ ও স্বর্ণভূষিত সেই তালধ্বজটা অভিমন্যুর বাণে ছিন্ন হইয়া ভূতলে পতিত হইল ॥২৫॥

(২১)···ননাদ বলবান্ কার্ষ্ণিঃ—রা নি। (২৩)···তস্যৈব—রা নি।

তং তু সৌভদ্রবিশিখৈঃ পাতিতং ভরতর্ষভ!।
দৃষ্ট্বা ভীমো ননাদোচ্চৈঃ সৌভদ্রমভিহর্ষয়ন্ ॥২৬॥
অথ ভীষ্মো মহাস্ত্রাণি দিব্যানি চ বহূনি চ।
প্রাদুশ্চক্রে মহারৌদ্রে ক্ষণে তস্মিন্ মহাবলঃ ॥২৭॥
ততঃ শরসহস্রেণ সৌভদ্রং প্রপিতামহঃ।
অবাকিরদমেয়াত্মা তদদ্ভুতমিবাভবৎ ॥২৮॥
ততো দশ মহেম্বাসাঃ পাণ্ডবানাং মহারথাঃ।
রক্ষার্থমভ্যধাবন্ত সৌভদ্রং ত্বরিতা রথৈঃ ॥২৯॥
বিরাটঃ সহ পুত্রেণ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
ভীমশ্চ কেকয়াশ্চৈব সাত্যকিশ্চ বিশাংপতে! ॥৩০॥

ভারতকৌমুদী

তমিতি। সৌভদ্রবিশিখৈঃ অভিমন্যুবাণৈঃ ॥২৬॥
অথেতি। দিব্যানি স্বর্গীয়াণি ব্রাহ্মাদীনি। প্রাদুশ্চক্রে অভিমন্যোরুপরি ॥২৭॥
তত ইতি। প্রপিতামহঃ সৌভদ্রস্যৈব, স চ ভীষ্মঃ। অমেয়াত্মা অজ্ঞেয়ধৈর্য্যঃ ॥২৮॥
তত ইতি। মহেম্বাসা মহাধনুর্দ্ধরাঃ। সৌভদ্রম্ অভি লক্ষীকৃত্য ॥২৯॥
কে তে দশেত্যাহ—বিরাট ইতি। পুত্রেণ উত্তরাখ্যেন। কেকয়াঃ পঞ্চ ॥৩০॥

ভরতশ্রেষ্ঠ! সেই ভীষ্মের ধ্বজটাকে অভিমন্যুর বাণে নিপাতিত দেখিয়া ভীমসেন অভিমন্যুকে আনন্দিত করিবার জন্য উচ্চস্বরে সিংহনাদ করিয়া উঠিলেন ॥২৬॥

তাহার পর মহাবল ভীষ্ম সেই মহাভয়ঙ্কর সময়ে অভিমন্যুর উপরে স্বর্গীয় বহুতর মহাস্ত্র নিক্ষেপ করিলেন ॥২৭॥

তৎপরে অসাধারণ ধৈর্য্যশালী ভীষ্ম বহুসংখ্যক বাণদ্বারা অভিমন্যুকে একেবারে আবৃত করিয়া ফেলিলেন; তাহা যেন আশ্চর্য্য বলিয়া বোধ হইল ॥২৮॥

তখন পাণ্ডবপক্ষের দশ জন মহাধনুর্দ্ধর মহারথ রথে আরোহণ করিয়া অভিমন্যুকে রক্ষা করিবার জন্য সত্বর তাঁহার দিকে ধাবিত হইলেন ॥২৯॥

নরনাথ! পুত্র উত্তরের সহিত বিরাট, পৃষতপৌত্র ধৃষ্টদ্যুম্ন, ভীমসেন, কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা এবং সাত্যকি (ইঁহারা সেই দশ জন) ॥৩০॥

---

(২৬) ধ্বজং সৌভদ্রবিশিখৈঃ পতন্তং ভরতর্ষভ!। দৃষ্ট্বা ভীমোঽনদদ্হৃষ্টঃ—পি বা। (২৭)…দিব্যানি সুবহূনি চ…রণে তস্মিন্—রা নি। (২৮)…অমেয়াত্মা শরাণাং নতপর্ব্বণাম্—পি।

জবেনাপততাং তেষাং ভীষ্মঃ শান্তনবো রণে।
পাঞ্চাল্যং ত্রিভিরানর্চ্ছৎ সাত্যকিং নবভিঃ শরৈঃ ॥৩১॥
পূর্ণায়তবিসৃষ্টেন ক্ষুরেণ নিশিতেন চ।
ধ্বজমেকেন চিচ্ছেদ ভীমসেনস্য পত্রিণা ॥৩২॥
জাম্বূনদময়ঃ কেতুঃ কেসরী নরসত্তম!।
পপাত ভীমসেনস্য ভীষ্মেণ মথিতো রথাৎ ॥৩৩॥
ততো ভীমস্ত্রিভির্বিদ্ধ্বা ভীষ্মং শান্তনবং রণে।
কৃপমেকেন বিব্যাধ কৃতবর্ম্মাণমষ্টভিঃ ॥৩৪॥
প্রগৃহীতাগ্রহস্তেন বৈরাটিরপি দন্তিনা।
অভ্যদ্রবত রাজানং মদ্রাধিপতিমুত্তরঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

জবেনেতি। জবেন বেগেন, আপততামাগচ্ছতাম্। আনর্চ্ছৎ অপীড়য়ৎ ॥৩১॥
পূর্ণেতি। ক্ষুরেণ ক্ষুরধারেণ। পত্রিণা বাণেন ॥৩২॥
জাম্বূনদেতি। জাম্বূনদময়ঃ স্বর্ণখচিতঃ, কেতুর্ধ্বজঃ, কেসরী সিংহলাঞ্ছিতঃ ॥৩৩॥
তত ইতি। ত্রিভির্বাণৈঃ। শান্তনবপদং ভীষ্মান্তরব্যাবৃত্ত্যর্থম্ ॥৩৪॥
প্রেতি। প্রগৃহীত উত্তোল্য ধৃতঃ অগ্রহস্তঃ শুণ্ডাগ্রং যেন তেন, দন্তিনা হস্তিনা ॥৩৫॥

ভারতভাবদীপঃ

সত্ত্ববন্তং বলবন্তম্ ॥১৫॥ অলাতসদৃশপ্রভং ভ্রাম্যমাণোল্মুকসমং মণ্ডলাকারমিত্যর্থঃ ॥১৬—২৯॥ পুত্রেণোত্তরেণ ॥৩০—৩২॥ কেশরী সিংহঃ ॥৩৩—৩৪॥ প্রগৃহীতাগ্রহস্তেন কুণ্ডলীকৃত-

---

তাঁহারা বেগে আসিতে লাগিলে, শান্তনুনন্দন ভীষ্ম যুদ্ধে তিনটা বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নকে এবং নয়টা বাণদ্বারা সাত্যকিকে পীড়ন করিলেন ॥৩১॥

আর তিনি আকর্ণাকৃষ্টকার্ম্মুকনিক্ষিপ্ত, নিশিত ও ক্ষুরধার একটা বাণদ্বারা ভীমসেনের ধ্বজ ছেদন করিলেন ॥৩২॥

নরশ্রেষ্ঠ! তখন ভীষ্মচ্ছিন্ন, স্বর্ণখচিত ও সিংহচিহ্নিত সেই ভীমসেনের ধ্বজটা তাঁহার রথ হইতে পতিত হইল ॥৩৩॥

তাহার পর ভীমসেন যুদ্ধে তিনটা বাণদ্বারা শান্তনুনন্দন ভীষ্মকে বিদ্ধ করিয়া একটা বাণদ্বারা কৃপাচার্য্যকে এবং আটটা বাণদ্বারা কৃতবর্ম্মাকে বিদ্ধ করিলেন ॥৩৪॥

---

(৩১) তেষাং জবেনাপততাম্—রা নি। (৩৩) জাম্বূনদময়ঃ শ্রীমান্ কেসরী স নরোত্তম!—রা নি।

তস্য বারণরাজস্য বেগেনাপততো বলী।
শল্যো নিবারয়ামাস বেগমপ্রতিমং রণে ॥৩৬॥
তস্য ক্রুদ্ধঃ স নাগেন্দ্রো বৃহতঃ সাধুবাহিনঃ।
পদা যুগমধিষ্ঠায় জঘান চতুরো হয়ান্ ॥৩৭॥
স হতাশ্বে রথে তিষ্ঠন্ মদ্রাধিপতিরায়সীম্।
উত্তরান্তকরীং শক্তিং চিক্ষেপ ভুজগোপমাম্ ॥৩৮॥
তয়া ভিন্নতনুত্রাণঃ প্রবিশ্য বিপুলং তমঃ।
স পপাত গজস্কন্ধাৎ প্রমুক্তাঙ্কুশতোমরঃ ॥৩৯॥
সমাদায় চ শল্যোঽসিমবপ্লুত্য রথোত্তমাৎ।
বারণেন্দ্রস্য বিক্রম্য চিচ্ছেদাথ মহাকরম্ ॥৪০॥

ভারতকৌমুদী

তস্যেতি। বারণরাজস্য করীন্দ্রস্য নিবারয়ামাস শরৈরিতি শেষঃ ॥৩৬॥
তস্যেতি। তস্য শল্যস্য। বৃহতো বিশালান্, সাধুবাহিনঃ সম্যগ্‌রথচালকান্ ॥৩৭॥
স ইতি। আয়সীং লৌহময়ীম্। উত্তরস্য অন্তকরীং নাশকনিকাম্ ॥৩৮॥
তয়েতি। ভিন্নতনুত্রাণঃ বিদীর্ণবর্ম্মা। তমো মূর্চ্ছাম্ ॥৩৯॥
সমাদায়েতি। বারণেন্দ্রস্য করীন্দ্রস্য। মহাকরং বিশালশুণ্ডাম্ ॥৪০॥

এই সময়ে বিরাটরাজার পুত্র উত্তর উত্তোলিতশুণ্ড একটা বিশাল হস্তীতে আরোহণ করিয়া মদ্ররাজ শল্যের দিকে ধাবিত হইলেন ॥৩৫॥

সেই মহাহস্তী বেগে আগমন করিতে লাগিলে, বলবান্ শল্যরাজা বাণদ্বারা যুদ্ধে সেই হস্তীর অতুলনীয় বেগ নিবারণ করিলেন ॥৩৬॥

তথাপি সেই মহাহস্তী আসিয়া পদদ্বারা শল্যরাজার রথের যুগকাষ্ঠের উপরে উঠিয়া তাঁহার রথের বিশাল ও সম্যক্ রথচালক চারিটা অশ্বকে বধ করিল ॥৩৭॥

সেই সময়ে মদ্ররাজ শল্য সেই হতাশ্ব রথে থাকিয়াই উত্তরের বিনাশজনক সর্পতুল্য একটা লৌহনির্ম্মিত শক্তি নিক্ষেপ করিলেন ॥৩৮॥

তখন শক্তিটা যাইয়া উত্তরের বর্ম্ম ভেদ করিয়া তাঁহাকে আঘাত করিল, উত্তর তাহাতে মূর্চ্ছিত হইয়া হস্তীর অঙ্কুশ ও তোমর (অস্ত্রবিশেষ) ত্যাগ করিয়া সেই মহাহস্তীর স্কন্ধ হইতে নিপতিত হইলেন ॥৩৯॥

তৎপরে শল্যরাজা তরবারি ধারণ করিয়া আপন রথ হইতে লাফাইয়া পড়িয়া বিক্রমপ্রকাশপূর্ব্বক সেই মহাহস্তীর মহাশুণ্ড ছেদন করিলেন ॥৪০॥

(৩৬)…জবেনাপততো রথে…অপ্রতিমং শরৈঃ—রা নি। (৪০) অসিমাদায় শল্যোঽপি অবপ্লুত্য…তস্য বারণরাজস্য চিচ্ছেদাং—রা নি।

ভিন্নমর্ম্মা শরব্রাতৈশ্ছিন্নহস্তঃ স বারণঃ।
ভীমমার্ত্তস্বরং কৃত্বা পপাত চ মমার চ ॥৪১॥
এতদীদৃশকং কৃত্বা মদ্ররাজো নরাধিপ!।
আরুরোহ রথং তূর্ণং ভাস্বরং কৃতবর্ম্মণঃ ॥৪২॥
উত্তরং বৈ হতং দৃষ্ট্বা বৈরাটির্ভ্রাতরং তদা।
কৃতবর্ম্মণা চ সহিতং দৃষ্ট্বা শল্যমবস্থিতম্ ॥৪৩॥
শ্বেতঃ ক্রোধাৎ প্রজজ্বাল হবিষা হব্যবাড়িব।
স বিস্ফার্য্য মহচ্চাপং শক্রচাপোপমং বলী ॥৪৪॥
অভ্যধাবজ্জিঘাংসন্ বৈ শল্যং মদ্রাধিপং বলী।
মহতা রথবংশেন সমন্তাৎ পরিবারিতঃ ॥৪৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ভিন্নেতি। ভিন্নমর্ম্মা পূর্ব্বমেব, শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, ছিন্নহস্তশ্ছিন্নশুণ্ডঃ ॥৪১॥

এতদিতি। এতৎ উত্তরবধকার্য্যম্। ভাস্বরমুজ্জ্বলম্ ॥৪২॥

উত্তরমিতি। বৈরাটিঃ বিরাটস্যাপরঃ পুত্রঃ শ্বেতো নাম। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্। হব্যবাট্ অগ্নিঃ। জিঘাংসন্ হন্তুমিচ্ছন্। রথানাং বংশেন সমূহেন ॥৪৩—৪৫॥

ভারতভাবদীপঃ

শুণ্ডাগ্রেণ ॥৩৫॥ তস্য বেগমিতি সম্বন্ধঃ। রথে রথোপরি ॥৩৬॥ তস্য শল্যস্য বৃহতঃ পুষ্টান্ সাধুবাহিনঃ সম্যগ্‌বহনশীলান্ ॥৩৭—৩৮॥ তমঃ মোহম্, প্রমুক্তং হস্তাদ্‌গলিতমঙ্কুশাদিকং যস্ত ॥৩০—৪২॥ হতং শক্তিপ্রহারেণ, বৈরাটিঃ শঙ্খঃ ॥৪৩—৬৭॥

ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৭॥

বহুতর বাণের আঘাতে পূর্ব্বেই সে হস্তীটার মর্ম্ম বিদীর্ণ হইয়াছিল, পরে আবার শুণ্ড ছিন্ন হইল বলিয়া সে হস্তী ভয়ঙ্কর আর্ত্তনাদ করিয়া ভূতলে পতিত হইল এবং প্রাণত্যাগ করিল ॥৪১॥

নরনাথ! মদ্ররাজ শল্য এইরূপ এই কার্য্য করিয়া সত্বর যাইয়া কৃতবর্ম্মার উজ্জ্বলরথে আরোহণ করিলেন ॥৪২॥

তখন বিরাটরাজার অপর পুত্র শ্বেত, ভ্রাতা উত্তরকে নিহত দেখিয়া এবং শল্যকে কৃতবর্ম্মার সহিত অবস্থিত দর্শন করিয়া, ঘৃতদ্বারা অগ্নির ন্যায় ক্রোধে জ্বলিয়া উঠিলেন। তখন বলবান্ সেই শ্বেত, মদ্ররাজ শল্যকে বধ করিবার

(৪১)…শরশতৈঃ—রা নি। (৪৪) ইতঃ শ্লোকাৎ প্রভৃত্যূনপঞ্চাশত্তমাধ্যায়পঞ্চবিংশতিতমশ্লোকপর্য্যন্তো গ্রন্থঃ পিতামহপুস্তকে বর্দ্ধমানরাজপুস্তকে চ ন দৃশ্যতে, অন্যত্র তু সর্ব্বত্রৈব পরিলক্ষ্যতে। সঙ্গচ্ছতে চাসৌ বিরাটস্য বহুপুত্রত্বাৎ।

মুঞ্চন্ বাণময়ং বর্ষং প্রায়াচ্ছল্যরথং প্রতি।
তমাপতন্তং সংপ্রেক্ষ্য মত্তবারণবিক্রমম্ ॥৪৬॥
তাবকানাং রথাঃ সপ্ত সমন্তাৎ পর্য্যবারয়ন্।
মদ্ররাজমভীপ্সন্তো মৃত্যোর্দংষ্ট্রান্তরং গতম্ ॥৪৭॥ (যুগ্মকম্)
বৃহদ্বলশ্চ কৌশল্যো জয়ৎসেনশ্চ মাগধঃ।
তথা রুক্মরথো রাজন্! শল্যপুত্রঃ প্রতাপবান্ ॥৪৮॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ।
বৃহৎক্ষত্রস্য দায়াদঃ সৈন্ধবশ্চ জয়দ্রথঃ ॥৪৯॥ (যুগ্মকম্)
নানাবর্ণবিচিত্রাণি ধনূংষি চ মহাত্মনাম্।
বিস্ফারিতানি দৃশ্যন্তে তোয়দেষিব বিদ্যুতঃ ॥৫০॥
তে তু বাণময়ং বর্ষং শ্বেতমূর্দ্ধন্যপাতয়ন্।
নিদাঘান্তেঽনিলোদ্ধূতা মেঘা ইব নগে জলম্ ॥৫১॥

ভারতকৌমুদী

মুঞ্চন্নিতি। মত্তবারণবিক্রমং মত্তহস্তিতুল্যবিক্রমম্। তাবকানাং ত্বৎপক্ষীয়সৈন্যানাং মধ্যে। অভীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ ॥৪৬—৪৭॥

বৃহদ্বল ইতি। কৌশল্যঃ কোশলদেশাধিপতিঃ। সৈন্ধবঃ সিন্ধুরাজঃ ॥৪৮—৪৯॥

নানেতি। মহাত্মনাং বৃহদ্বলাদীনাং সপ্তানাম্। দৃশ্যন্তে স্ম, তোয়দেষু মেঘেষু ॥৫০॥

ত ইতি। নিদাঘান্তে বর্ষাকালাবসানে, অনিলোদ্ধূতা বায়ুচালিতাঃ, নগে পর্ব্বতে ॥৫১॥

ইচ্ছায় ইন্দ্রধনুর তুল্য বিশাল ধনু বিস্ফারিত করিয়া, সকল দিকে বিশাল রথিসমূহে বেষ্টিত হইয়া ধাবিত হইলেন ॥৪৩—৪৫॥

এবং বাণবর্ষণ করিতে থাকিয়া, শল্যের রথের দিকে গমন করিলেন। সেই সময়ে মত্ত হস্তীর তুল্য বিক্রমশালী শ্বেতকে আসিতে দেখিয়া আপনার পক্ষের সাত জন রথী, মৃত্যুর দন্তাভ্যন্তরবর্ত্তী শল্যকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া তাঁহাকে সকল দিকে বেষ্টন করিলেন ॥৪৬—৪৭॥

রাজা! কোশলাধিপতি বৃহদ্বল, মগধরাজ জয়ৎসেন, শল্যের পুত্র প্রতাপশালী রুক্মরথ, অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ, কাম্বোজাধিপতি সুদক্ষিণ এবং বৃহৎক্ষত্রের পুত্র সিন্ধুরাজ জয়দ্রথ (এই সাত জন শল্যকে পরিবেষ্টন করিলেন) ॥৪৮—৪৯॥

ক্রমে মেঘের উপরে বিদ্যুতের ন্যায় সেই মহাবল সাত জন বীরের হস্তে সাতখানা ধনু বিস্ফারিত হইতে দেখা গেল ॥৫০॥

ততঃ ক্রুদ্ধো মহেষ্বাসঃ সপ্তভল্লৈঃ সুতেজনৈঃ।
ধনূংষি তেষামাচ্ছিদ্য মমর্দ্দ পৃতনাপতিঃ।
নিকৃত্তান্যেব তানি স্ম সমদৃশ্যন্ত ভারত! ॥৫২॥
ততস্তে তু নিমেষার্দ্ধাৎ প্রত্যপদ্যন্ ধনূংষি চ।
সপ্ত চৈব পৃষৎকাংশ্চ শ্বেতস্যোপর্য্যপাতয়ন্ ॥৫৩॥
ততঃ পুনরমেয়াত্মা ভল্লৈঃ সপ্তভিরাশুগৈঃ।
নিচকর্ত্ত মহাবাহুস্তেষাং চাপানি ধন্বিনাম্ ॥৫৪॥
তে নিকৃত্তমহাচাপাস্ত্বরমাণা মহারথাঃ।
রথশক্তীঃ পরামৃশ্য বিনেদুর্ভৈরবান্ রবান্।
অভ্যয়ুর্ভরতশ্রেষ্ঠ! সপ্ত শ্বেতরথং প্রতি ॥৫৫॥

ভারতকৌমুদী

তত ইতি। মমর্দ্দ তান্ সর্ব্বেব পীড়য়ামাস, পৃতনাপতিস্তু‍তপূর্ব্ববিরাটসেনাপতিঃ শ্বেতঃ। নিকৃত্তান্যেব ছিন্নান্যেব, তানি ধনূংষি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫২॥

তত ইতি। প্রত্যপদ্যন্ অগৃহ্নন্, ধনূংষি অপরাণি। পৃষৎকান্ বাণান্ ॥৫৩॥

তত ইতি। অমেয়াত্মা অজ্ঞেয়ধৈর্য্যঃ শ্বেতঃ। আশুগৈর্দ্রুতগামিভিঃ ॥৫৪॥

ত ইতি। পরামৃশ্য। অভ্যয়ুর্জগ্মুঃ, সপ্তরথশক্তয়ঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৫॥

বর্ষাকাল অতীত হইলে বায়ুসঞ্চালিত মেঘ যেমন পর্ব্বতের উপরে জল বর্ষণ করে, সেইরূপ তাঁহারা শ্বেতের মস্তকের উপর বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৫১॥

ভরতনন্দন! তৎপরে মহাধনুর্দ্ধর বিরাটসেনাপতি শ্বেত ক্রুদ্ধ হইয়া অতিসুধার সাতটা ভল্লদ্বারা বৃহদ্বলপ্রভৃতি সাত জনের সাতখানা ধনু ছেদন করিয়া তাঁহাদিগকে পীড়ন করিলেন; আমরা তখন সে ধনুগুলিকে ছিন্নই দেখিলাম ॥৫২॥

তাহার পর তাঁহারা নিমেষার্দ্ধমধ্যে অপর সাতখানা ধনু গ্রহণ করিলেন এবং শ্বেতের উপরে সাতটা বাণ নিক্ষেপ করিলেন ॥৫৩॥

তদনন্তর অসাধারণ ধৈর্য্যশালী ও মহাবাহু শ্বেত পুনরায় দ্রুতগামী সাতটা ভল্লদ্বারা সেই ধনুর্দ্ধরগণের ধনুগুলি ছেদন করিলেন ॥৫৪॥

বিশাল ধনুগুলি ছিন্ন হইলে সেই মহারথেরা সত্বর রথশক্তি নিক্ষেপ করিয়া ভয়ঙ্কর গর্জ্জন করিলেন। ভরতশ্রেষ্ঠ! তখন সেই সাতটা রথশক্তিই শ্বেতের রথের দিকে গমন করিতে লাগিল ॥৫৫॥

ততস্তা জ্বলিতাঃ সপ্ত মহেন্দ্রাশনিনিস্বনাঃ।
অপ্রাপ্তাঃ সপ্তভির্ভল্লৈশ্চিচ্ছেদ পরমাস্ত্রবিৎ ॥৫৬॥
ততঃ সমাদায় শরং সর্ব্বকায়বিদারণম্।
প্রাহিণোদ্ভরতশ্রেষ্ঠ! শ্বেতো রুক্মরথং প্রতি ॥৫৭॥
তস্য দেহে নিপতিতো বাণো বজ্রাতিগো মহান্।
ততো রুক্মরথো রাজন্! সায়কেন দৃঢ়াহতঃ ॥৫৮॥
নিষসাদ রথোপস্থে কশ্মলং চাবিশন্মহৎ।
তং বিসংজ্ঞং বিমনসং ত্বরমাণস্তু সারথিঃ ॥৫৯॥
অপোবাহ নসংভ্রান্তঃ সর্ব্বলোকস্য পশ্যতঃ।
ততোঽন্যান্ ষট্ সমাদায় শ্বেতো হেমবিভূষিতান্ ॥৬০॥
তেষাং সংখ্যে মহাবাহুর্ধ্বজশীর্ষাণ্যপাতয়ৎ।
হয়াংশ্চ তেষাং নির্ভিদ্য সারথীংশ্চ পরন্তপ! ॥৬১॥
শরৈশ্চৈতান্ সমাকীর্য্য প্রায়াচ্ছল্যরথং প্রতি।
ততো হলহলাশব্দস্তব সৈন্যেষু ভারত! ॥৬২॥ (কুলকম্)

ভারতকৌমুদী

তত ইতি। তাঃ শক্তীঃ। অপ্রাপ্তাঃ অনাগতা এব। পরমাস্ত্রবিৎ শ্বেতঃ ॥৫৬॥

তত ইতি। প্রাহিণোৎ প্রক্ষিপৎ। রুক্মরথং তদাখ্যং শল্যপুত্রম্ ॥৫৭॥

তস্যেতি। বজ্রাতিগো বজ্রাধিকবেগঃ। নিষসাদ উপবিবেশ, কশ্মলং মোহম্। আদৌ বিমনসং বিকৃতচিত্তম্, অনন্তরঞ্চ বিসংজ্ঞম্। অপোবাহ শ্বেতসমীপাদপসারয়ামাস, নসংভ্রান্তো ধীরচিত্তঃ। নভ্রাজাদিত্বান্নঞঃ প্রকৃতিবদ্ভাবঃ। ষট্ শরান্। ধ্বজশীর্ষাণি ধ্বজোপরিভাগান্। সমাকীর্য্য আচ্ছাদ্য। হলহলাশব্দ আশঙ্কাসূচক আসীৎ ॥৫৮—৬২॥

তখন ইন্দ্রের বজ্রের তুল্য শব্দকারী ও প্রজ্বলিত সেই সাতটা শক্তি না আসিতেই পরমাস্ত্রবিৎ শ্বেত সাতটা ভল্লদ্বারা সেগুলিকে ছেদন করিলেন ॥৫৬॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর শ্বেত সকলের দেহবিদারণক্ষম একটা বাণ গ্রহণ করিয়া সেটাকে রুক্মরথের প্রতি নিক্ষেপ করিলেন ॥৫৭॥

তখন বজ্র অপেক্ষা অধিক বেগবান্ সেই মহাবাণটা যাইয়া রুক্মরথের দেহে নিপতিত হইল। রাজা! তৎপরে রুক্মরথ সেই বাণদ্বারা অত্যন্ত আহত হইয়া রথের উপরে উপবেশন করিলেন এবং অত্যন্ত মোহাপন্ন হইলেন; এই সময়ে তাঁহার সারথি অস্থির না হইয়া সত্বরই বিকৃতচিত্ত ও মূর্চ্ছিতপ্রায় রুক্ম-

(৫৮)···দৃঢ়ং হতঃ—বা। (৬০) অপোবাহ লব্ধসংজ্ঞঃ—বা।' (৬২) শরৈশ্চৈনান্···বা।

দৃষ্ট্বা সেনাপতিং তূর্ণং যান্তং শল্যরথং প্রতি।
ততো ভীষ্মং পুরস্কৃত্য তব পুত্রো মহাবলঃ ॥৬৩॥
বৃতস্তু সর্ব্বসৈন্যেন প্রায়াচ্ছ্বেতরথং প্রতি।
মৃত্যোরাস্যমনুপ্রাপ্তং মদ্ররাজমমোচয়ৎ ॥৬৪॥ (যুগ্মকম্)
ততো যুদ্ধং সমভবত্তুমুলং লোমহর্ষণম্।
তাবকানাং পরেষাঞ্চ ব্যতিষক্তরথদ্বিপম্ ॥৬৫॥
সৌভদ্রে ভীমসেনে চ সাত্যকৌ চ মহারথে।
কৈকেয়ে চ বিরাটে চ ধৃষ্টদ্যুম্নে চ পার্ষতে ॥৬৬॥
এতেষু নরসিংহেষু চেদিমৎস্যেষু চৈব হ।
ববর্ষ শরবর্ষাণি কুরুবৃদ্ধঃ পিতামহঃ ॥৬৭॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে প্রথমদিবসযুদ্ধে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। সেনাপতিং শ্বেতম্। পুত্রো দুর্য্যোধনঃ। আস্যং মুখম্ ॥৬৩—৬৪॥
তত ইতি। ব্যতিষক্তং পরস্পরং মিলিতং রথদ্বিপং রথিনো হস্ত্যারোহিণশ্চ যত্র তৎ ॥৬৫॥
সৌভদ্র ইতি। কৈকেয়ে কৈকেয়ভ্রাতৃপঞ্চকে। পিতামহো ভীষ্মঃ ॥৬৬—৬৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

রথকে সকলের সমক্ষেই সেস্থান হইতে সরাইয়া লইয়া গেল। তাহার পর মহাবাহু শ্বেত স্বর্ণালঙ্কৃত অন্য ছয়টা বাণ লইয়া অপর ছয় জনের ধ্বজের ঊর্দ্ধভাগ কাটিয়া ফেলিলেন এবং শত্রুতাপন ভরতনন্দন! বাণদ্বারা তাঁহাদের অশ্ব ও সারথিদিগকে বিদীর্ণ করিয়া, আর উঁহাদিগকে আবৃত করিয়া শল্যের রথের দিকে ধাবিত হইলেন। তৎপরে আপনার সৈন্যগণের মধ্যে হলহলাশব্দ হইতে লাগিল ॥৫৮—৬২॥

বিরাটসেনাপতি শ্বেত সত্বর শল্যের রথের দিকে গমন করিতেছেন দেখিয়া আপনার পুত্র মহাবল দুর্য্যোধন ভীষ্মকে সম্মুখে রাখিয়া সমস্ত সৈন্যে পরিবেষ্টিত হইয়া শ্বেতের রথের দিকে ধাবিত হইলেন এবং মৃত্যুর মুখপ্রবিষ্ট শল্যকে মুক্ত করিলেন ॥৬৩—৬৪॥

তাহার পর আপনার পক্ষের ও পাণ্ডবপক্ষের রথিসৈন্য ও হস্ত্যারোহিসৈন্য পরস্পর মিলিত হইল এবং তুমুল ও লোমহর্ষণ যুদ্ধ হইতে লাগিল ॥৬৫॥

---

(৬৭)...চৈব হি...বৃদ্ধঃ কুরুপিতামহঃ—বা ব।

অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ।

—:*:—

ধৃতরাষ্ট্র উবাচ।

এবং শ্বেতে মহেষ্বাসে প্রাপ্তে শল্যরথং প্রতি।
কুরবঃ পাণ্ডবেয়াশ্চ কিমকুর্ব্বত সঞ্জয় !।
ভীষ্মঃ শান্তনবঃ কিং বা তন্মমাচক্ষ্ব পৃচ্ছতঃ ॥১॥

সঞ্জয় উবাচ।

রাজন্! শতসহস্রাণি ততঃ ক্ষত্রিয়পুঙ্গবাঃ।
শ্বেতং সেনাপতিং শূরং পুরস্কৃত্য মহারথাঃ ॥২॥
রাজ্ঞো বলং দর্শয়ন্তস্তব পুত্রস্য ভারত !।
শিখণ্ডিনং পুরস্কৃত্য ত্রাতুমৈচ্ছন্মহারথাঃ ॥৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এবমিতি। মহেষ্বাসে মহাধানুষ্কে। কিংবা অকুর্ব্বত। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

রাজন্নিতি। সেনাপতিং বিরাটস্যৈব, "শ্বেতশ্চ নিহতং দৃষ্ট্বা বিরাটস্য চমূপতিম্" ইতি বক্ষ্যমাণবচনাৎ। ক্ষত্রিয়পুঙ্গবাঃ পাণ্ডবপক্ষীয়াঃ। বলং স্বশক্তিম্। ত্রাতুং শ্বেতম্ ॥২—৩॥

এদিকে অভিমন্যু, ভীমসেন, মহারথ সাত্যকি, কেকয়দেশীয় পঞ্চভ্রাতা, বিরাট ও পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন—এই সকল নরশ্রেষ্ঠের উপরে এবং চেদিদেশীয় ও মৎস্যদেশীয় সৈন্যগণের উপরে কুরুবৃদ্ধ ভীষ্ম বাণবর্ষণ করিতে লাগিলেন" ॥৬২—৬৭॥

—:*:—

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়! আমি জিজ্ঞাসা করিতেছি—মহাধনুর্দ্ধর শ্বেত এইভাবে শল্যের রথের দিকে ধাবিত হইলে কৌরবেরা ও পাণ্ডবেরা কি করিলেন এবং শান্তনুনন্দন ভীষ্মই বা কি করিলেন, তাহা তুমি আমার নিকট বল" ॥১॥

সঞ্জয় কহিলেন—"ভরতনন্দন রাজা! তাহার পর পাণ্ডবপক্ষীয় শতসহস্র মহারথ ক্ষত্রিয়শ্রেষ্ঠ, বীর ও বিরাটসেনাপতি শ্বেতকে অগ্রবর্ত্তী করিয়া, আপনার পুত্র দুর্য্যোধনকে আপনাদের শক্তি দেখাইতে থাকিয়া, শিখণ্ডীকে সম্মুখে রাখিয়া, শ্বেতকে রক্ষা করিবার ইচ্ছা করিলেন" ॥২—৩॥

---

(২)…শ্বেতং সেনাপতিং শূরাঃ—বা ব।

অভ্যবর্ত্তন্ত ভীষ্মস্য রথং হেমপরিষ্কৃতম্ ।
জিঘাংসন্তং যুধাং শ্রেষ্ঠং তদাসীত্তুমুলং মহৎ ॥৪॥
ততোঽহং সম্প্রবক্ষ্যামি মহাবৈশসমদ্ভুতম্ ।
তাবকানাং পরেষাঞ্চ যথা যুদ্ধমবর্ত্তত ॥৫॥
তত্রাকরোদ্রথোপস্থান্ শূন্যান্ শান্তনবো বহূন্ ।
তত্রাদ্ভুতং মহচ্চক্রে শরৈরাচ্ছ্যদ্রথোত্তমান ॥৬॥
সমাবৃণোচ্ছরৈরর্কমর্কতুল্যপ্রতাপবান্ ।
নুদন সমন্তাৎ সমরে রবিরুদ্যন্ যথা তমঃ ॥ ॥
তেনাজৌ প্রেষিতা রাজন্ ! শরাঃ শতসহস্রশঃ ।
ক্ষত্রিয়ান্তকরাঃ সংখ্যে মহাবেগা মহাবলাঃ ॥৮॥

ভারতকৌমুদী

অভীতি। জিঘাংসন্তং যুধাং শ্রেষ্ঠং তব পুত্রঞ্চ অভি লক্ষ্যীকৃত্য। মহৎ যুদ্ধম্ ॥৪॥
তত ইতি। ততস্তৎ। মহৎ বৈশসং হিংসনং যত্র তৎ ॥৫॥
তত্রেতি। রথোপস্থান্ রথোপরিদেশান্। আচ্ছৎ আবৃণোৎ ॥৬॥
সমাবৃণোদিতি। নুদন্ বিপক্ষসৈন্যানপসারয়ন্, তমঃ অন্ধকারম্ ॥৭॥
তেনেতি। তেন ভীষ্মেণ, আজৌ যুদ্ধে; প্রেষিতা নিক্ষিপ্তাঃ। সংখ্যে যুদ্ধান্তরে ॥৮॥

তাঁহারা ভীষ্মের স্বর্ণালঙ্কৃত রথের এবং বিপক্ষবিনাশাভিলাষী যোদ্ধৃশ্রেষ্ঠ দুর্য্যোধনের অভিমুখে থাকিলেন ; তখন মহাতুমুল যুদ্ধ হইতে লাগিল ॥৪॥

তৎকালে আপনার পক্ষীয় সৈন্যগণের ও বিপক্ষীয় সৈন্যদিগের যেরূপ মহামারীজনক ও অদ্ভুত যুদ্ধ হইয়াছিল, তাহা আমি বলিব ॥৫॥

তখন ভীষ্ম বহু রথকে আরোহিশূন্য করিলেন, তাহার মধ্যে আবার এই কার্য্যটা বিশেষ অদ্ভুত করিলেন যে, বাণদ্বারা প্রধান প্রধান রথকে আবৃত করিয়া ফেলিলেন ॥৬॥

সূর্য্য উদিত হইতে থাকিয়া কিরণদ্বারা যেমন অন্ধকার অপসারিত করিতে থাকেন, সেইরূপ সূর্য্যের তুল্য প্রতাপশালী ভীষ্ম যুদ্ধে বিপক্ষসৈন্যদিগকে সকল দিকে অপসারিত করিতে থাকিয়া বাণদ্বারা সূর্য্যকে আবৃত করিয়া ফেলিলেন ॥৭॥

রাজা! ভীষ্ম যুদ্ধে ক্ষত্রিয়নাশক এবং মহাবেগ ও মহাশক্তিশালী শত শত ও সহস্র সহস্র বাণ সমরাঙ্গনে নিক্ষেপ করিতে লাগিলেন ॥৮॥

(৫)...মহাবৈশসমচ্যুত !—রা নি। (৬)...শরৈরাচ্ছদ্রথোত্তমঃ—বা।

পাতয়ামাস শূরাণাং শিরাংসি শতশো রণে।
রাজন্! কঙ্কটকাশ্চৈব বীরা বিগতমস্তকাঃ ॥৯॥
রথা রথেষু সংসক্তা ব্যদৃশ্যন্ত বিশাংপতে!।
রথো রথং পর্য্যবর্ত্তত্তুরঙ্গস্তু তুরঙ্গমম্ ॥১০॥
যুবানং নিহতং বীরং লম্বমানং সকার্ম্মুকম্।
উদীর্ণাশ্চ হয়া রাজন্! বহন্তস্তত্র তত্র হ ॥১১॥
বদ্ধখড়্গনিষঙ্গাশ্চ বিধ্বস্তশিরসো হতাঃ।
শতশঃ পতিতা ভূমৌ বীরশয্যাসু শেরতে ॥১২॥
পরস্পরেণ ধাবন্তঃ পতিতাঃ পুনরুত্থিতাঃ।
উত্থায় চ প্রধাবন্তো দ্বন্দ্বযুদ্ধমবাপ্নুবন্ ॥১৩॥

ভারতকৌমুদী

পাতয়েতি। কঙ্কটকাঃ কবচাঃ, "উরশ্ছদঃ কঙ্কটকো জগরঃ কবচোঽস্ত্রিয়াম্" ইত্যমরঃ ॥৯॥
রথা ইতি। সংসক্তাঃ সংলগ্নাঃ। পর্য্যবর্ত্তৎ আরোহৎ ॥১০॥
যুবানমিতি। উদীর্ণা উৎপ্লুতাঃ, হয়া অশ্বাঃ ॥১১॥
বদ্ধেতি। বদ্ধখড়্গনিষঙ্গা ধৃতাসিতূণীরা এব, বিধ্বস্তশিরসশ্ছিন্নমস্তকাঃ ॥১২॥
পরস্পরেণেতি। পরস্পরং প্রতীত্যর্থঃ, ধাবন্তো যোদ্ধারঃ ॥১৩॥

রাজা! ভীষ্ম যুদ্ধে বীরগণের শত শত মস্তক নিপাতিত করিতে থাকিলেন; তাহাতে সেই বীরগণ কবচাবৃতদেহ থাকিয়াও মস্তকবিহীন হইতে লাগিলেন ॥৯॥

নরনাথ! কোন কোন স্থানে দেখা গেল—রথগুলি যাইয়া অন্যান্য রথে লাগিয়াছে এবং কোন রথ অন্য রথের উপরে উঠিয়াছে, আর কোন অশ্ব অপর অশ্বের উপরে আরোহণ করিয়াছে ॥১০॥

রাজা! কোন তরুণ বীর নিহত হইয়া ধনু ধারণ করিয়াই আপন রথে ঝুলিতে লাগিল; তখন তাহার ঘোড়াগুলি লাফাইয়া লাফাইয়া নানাস্থানে তাহাকে বহন করিয়া লইয়া চলিল ॥১১॥

তরবারি ও তূণীরধারী শত শত বীর মস্তক ছিন্ন হওয়ায় নিহত ও ভূতলপতিত হইয়া বীরশয্যায় শয়ন করিতে লাগিলেন ॥১২॥

বহু সৈন্য পরস্পরের প্রতি ধাবিত হইয়া পড়িয়া গেল, আবার উঠিল এবং আবার উঠিয়া দৌড়াইয়া যাইয়া দ্বন্দ্বযুদ্ধ করিতে লাগিল ॥১৩॥

(৯) শিরাংসি পাতয়ামাসুর্বীরাণাং শতশো রণে। গজান্ কণ্টকসন্নাহান্ বজ্রেণেব শিলোচ্চয়ান্।—বা নি। (১০)…একে রথং পর্য্যবহংস্তুরগাঃ সতুরঙ্গমম্—বা নি। (১১) সবলং নিহতং বীরম্—বা ব।

পীড়িতাঃ পুনরন্যোন্যং লুঠন্তো রণমূর্দ্ধনি।
সচাপাঃ সনিষঙ্গাশ্চ জাতরূপপরিষ্কৃতাঃ ॥১৪॥
বিস্রব্ধহতবীরাশ্চ শতশঃ পরিপীড়িতাঃ।
তেন তেনাভ্যধাবন্ত বিসৃজন্তশ্চ ভারত। ॥১৫॥ (যুগ্মকম্)
মত্তো গজঃ পর্য্যবর্ত্তদ্ধয়াংশ্চ হতসাদিনঃ।
সরথা রথিনশ্চাপি বিমৃদ্নন্তঃ সমন্ততঃ ॥১৬॥
স্যন্দনাদপতৎ কশ্চিন্নিহতোঽন্যেন সায়কৈঃ।
হতসারথিরপ্যুচ্চৈঃ পপাত কাষ্ঠবদ্রথঃ ॥১৭॥
যুধ্যমানস্য সংগ্রামে ব্যূঢ়ে রজসি চোত্থিতে।
ধনুঃ কূজিতবিজ্ঞানং তত্রাসীৎ প্রতিযুধ্যতঃ ॥১৮॥

ভারতকৌমুদী

পীড়িতা ইতি। সনিষঙ্গাঃ সতূণীরাঃ, জাতরূপপরিষ্কৃতাঃ স্বর্ণভূষণভূষিতাঃ। বিস্রব্ধং বিপক্ষা এবামী ইতি বিশ্বাসযুক্তং যথা স্যাত্তথা হতা বিপক্ষীয়া বীরা যৈস্তে। তেন তেন মার্গেণ। বিসৃজন্তঃ অস্ত্রাণি ক্ষিপন্তঃ ॥১৪—১৫॥

মত্ত ইতি। মত্তো গজঃ, হতাঃ সাদিন আরোহিণো যেষাং তান্, হয়ানশ্বান্, পরি লক্ষীকৃত্য, অবর্ত্তৎ অধাবৎ। সরথা রথিনশ্চাপি, সমন্ততঃ, বিমৃদ্নন্তো ভূপতিতান্ সৈন্যান্ মর্দ্দয়ন্তঃ, পর্য্যবর্ত্তন্তেতি বচনবিপরিণামেনানুবৃত্তিঃ ॥১৬॥

স্যন্দনাদিতি। স্যন্দনাৎ রথাৎ। পপাত রথান্তরসংঘট্টাত্তির্য্যগ্‌ভাবেন ॥১৭॥

যুধ্যেতি। ব্যূঢ়ে গাঢ়ে। ধনুষঃ কূজিতেন অব্যক্তশব্দেন বিজ্ঞানমবগতিঃ ॥১৮॥

ভরতনন্দন! আবার সৈন্যেরা সমরাঙ্গনে লুণ্ঠিত হইয়া পরস্পর পীড়ন করিতে থাকিল। কোন কোন স্থানে স্বর্ণভূষণে ভূষিত এবং ধনু ও তূণধারী বীরগণ বিশ্বস্তভাবে বিপক্ষ বীরগণকে সংহার করিয়া, আবার অপর বিপক্ষকর্তৃক শত শত ভাবে প্রহৃত হইয়া, অস্ত্রক্ষেপ করিতে থাকিয়া নানাপথে ধাবিত হইতে লাগিল ॥১৪—১৫॥

মত্ত হস্তিগণ আরোহিশূন্য অশ্বগণের প্রতি ধাবিত হইতে থাকিল এবং রথীরা রথের সহিত সকল দিকে ভূতলপতিত সৈন্যদিগকে মর্দ্দন করিতে থাকিয়া বিচরণ করিতে লাগিল ॥১৬॥

কেহ অন্যের বাণে নিহত হইয়া রথ হইতে পতিত হইল, কোথাও সারথিশূন্য কোন উচ্চ রথ অন্য রথের ধাক্কায় কাঠের ন্যায় কাৎ হইয়া পড়িয়া গেল ॥১৭॥

সমরাঙ্গনে গাঢ় ধূলিজাল উত্থিত হইলে কোন যোদ্ধা ধনুর অব্যক্ত শব্দে প্রতিযোদ্ধাকে বুঝিতে থাকিল ॥১৮॥

গাত্রস্পর্শেন যোধানাং ব্যজ্ঞাস্ত পরিপন্থিনম্।
যুধ্যমানং শরৈঃ রাজন্! শিঞ্জিনীধ্বজিনীরবাৎ ॥১৯॥
অন্যোন্যং বীরসংশব্দো নাশ্রূয়ত ভটৈঃ কৃতঃ।
শব্দায়মানে সংগ্রামে পটহে কর্ণদারিণি ॥২০॥
যুধ্যমানস্য সংগ্রামে কুর্ব্বতঃ পৌরুষং স্বকম্।
নাশ্রৌষং নামগোত্রাণি কীর্ত্তনঞ্চ পরস্পরম্ ॥২১॥
ভীষ্মচাপচ্যুতৈর্বাণৈরার্ত্তানাং যুধ্যতাং মৃধে।
পরস্পরেষাং বীরাণাং মনাংসি সমকম্পয়ন্ ॥২২॥
তস্মিন্নত্যাকুলে যুদ্ধে দারুণে রোমহর্ষণে।
পিতা পুত্রঞ্চ সমরে নাভিজানাতি কশ্চন ॥২৩॥
চক্রে ভগ্নে যুগে ছিন্নে একধূর্য্যে হয়ে হতঃ।
আক্ষিপ্তঃ স্যন্দনাদ্বীরঃ সসারথিরজিহ্মগৈঃ ॥২৪॥

ভারতকৌমুদী

গাত্রেতি। ব্যজ্ঞাস্ত অবুধ্যত। শিঞ্জিনী গুণস্য ধ্বজিন্যাং সেনায়াং যো রবস্তস্মাৎ ॥১৯॥
অন্যোন্যমিতি। বীরসংশব্দঃ সিংহনাদাদিঃ। ভটৈর্যোধৈঃ। পটহে ঢক্কায়াম্ ॥২০॥
যুধ্যেতি। নাশ্রৌষম্, পটহশব্দাদেব। কীর্ত্তনং গর্ব্বালাপম্ ॥২১॥
ভীষ্মেতি। মৃধে যুদ্ধে। সমকম্পয়ন্ তে বাণা এব দৃশ্যমানাঃ ॥২২॥
তস্মিন্নিতি। অত্যাকুলে অতিসঙ্কুলে। নাভিজানাতি স্ম রজসাবৃতত্বাৎ ॥২৩॥

কোন কোন যোদ্ধা গাত্রস্পর্শে বিপক্ষদিগকে চিনিতে লাগিল, আবার কেহ কেহ জ্যাশব্দ শুনিয়া বাণযোদ্ধাকে স্থির করিতে থাকিল ॥১৯॥

সমরাঙ্গনে কর্ণবিদারক ঢক্কাশব্দ হইতে থাকিলে, যোদ্ধাদের পরস্পর বীরনাদ শুনা যাইতে লাগিল না ॥২০॥

বীরগণ যুদ্ধে প্রবৃত্ত হইয়া আপন আপন পুরুষকার প্রকাশ করিতে থাকিয়া পরস্পর নাম, গোত্র ও বীরদর্পের কথা বলিতে লাগিলেও ঢাকের শব্দে আমি সে সকল শুনিতে পাই নাই ॥২১॥

যুদ্ধে ভীষ্মের ধনু হইতে নির্গত বাণ সকল যাইয়া যোদ্ধৃগণকে পীড়ন করিতে লাগিলে উভয়পক্ষের বীরগণের হৃদয়ই কম্পিত হইতে লাগিল ॥২২॥

অতিসঙ্কুল, দারুণ ও রোমহর্ষণ সেইরূপ যুদ্ধ চলিতে থাকিলে, কোন পিতাই পুত্রকে চিনিতে পারেন নাই ॥২৩॥

---

(২১)…নাশ্রৌষীন্নামগোত্রোক্তিম্—বা। (২৩) তস্মিন্ নিরাকুলে…পিতা স্বপৌরসং পুত্রম্—বা ব। (২৪) চক্রং ভগ্নং যুগঞ্চৈব একো ধূর্য্যো হয়ো হতঃ—বা।

এবঞ্চ সমরে সর্ব্বে বীরাশ্চ বিরথীকৃতাঃ।
তেন তেন স্ম দৃশ্যন্তে ধাবমানাঃ সমন্ততঃ ॥২৫॥
গজো হতঃ শিরশ্ছিন্নং মর্ম্ম ভিন্নং হয়ো হতঃ।
অহতঃ কোঽপি নৈবাসীদ্ভীষ্মে নিঘ্নতি শাত্রবান্ ॥২৬॥
শ্বেতঃ কুরূণামকরোৎ ক্ষয়ং তস্মিন্ মহাহবে।
রাজপুত্রান্ রথোদারানবধীচ্ছতসংঘশঃ ॥২৭॥
চিচ্ছেদ রথিনাং বাণৈঃ শিরাংসি ভরতর্ষভ !।
সাঙ্গদা বাহবশ্চৈব ধনূংষি চ সমন্ততঃ ॥২৮॥
রথেশাং রথচক্রাণি তূণীরাণি যুগানি চ।
ছত্রাণি চ মহার্হাণি পতাকাশ্চ বিশাংপতে ! ॥২৯॥

ভারতকৌমুদী

চক্র ইতি। যুগে রথস্থ দারুবিশেষে, একধুর্য্যে একমাত্রভারবাহিণি হয়ান্তরনাশাৎ, হয়ে অশ্বে। আক্ষিপ্তঃ পতিতঃ, স্যন্দনাৎ রথাৎ অজিহ্মগৈর্ভীষ্মস্যৈব বাণৈঃ ॥২৪॥

এবমিতি। বিরথীকৃতা ভীষ্মেণৈব। তেন তেন মার্গেণ ॥২৫॥

গজ ইতি। শিরশ্ছিন্নম্ আরোহিণঃ। ভিন্নং বিদীর্ণম্। অহতঃ অনাহতঃ ॥২৬॥

শ্বেত ইতি। শ্বেতঃ পূর্ব্বোক্তবিরাটসেনাপতিঃ। রথোদারান্ রথিশ্রেষ্ঠান্ ॥২৭॥

চিচ্ছেদেতি। চিচ্ছেদ শ্বেতঃ। সাঙ্গদাঃ সকেয়ূরা বাহবশ্ছিন্নাঃ, ধনূংষি চ ছিন্নানি ॥২৮॥

ভীষ্মের বাণে চক্র ভগ্ন, যুগ ছিন্ন এবং অবশিষ্ট একমাত্র অশ্বও নিহত হইলে, রথের আরোহী বীর ও সারথি নিহত হইয়া রথ হইতে পতিত হইতে থাকিল ॥২৪॥

ভীষ্ম যুদ্ধে এইভাবে সকল বীরকেই রথবিহীন করিলে, দেখিলাম—তাঁহারা নানাদিকে ভিন্ন ভিন্ন পথে ছুটাছুটি করিতে লাগিলেন ॥২৫॥

ভীষ্ম শত্রুসংহার করিতে লাগিলে হস্তী নিহত, মস্তক ছিন্ন, হৃদয় বিদীর্ণ এবং অশ্ব বিনষ্ট হইতে থাকিল ; এমন কি কেহই অনাহত থাকিল না ॥২৬॥

এই সময়ে সেই মহাযুদ্ধে বিরাটসেনাপতি শ্বেতও কৌরবপক্ষের ক্ষয় করিতে লাগিলেন ; তিনি শত শত রথিশ্রেষ্ঠ রাজপুত্রকে বধ করিলেন ॥২৭॥

ভরতশ্রেষ্ঠ ! শ্বেত বাণদ্বারা সকল দিকের রথিগণের মস্তক, কেয়ূরের সহিত বাহু এবং ধনু ছেদন করিতে লাগিলেন ॥২৮॥

---

(২৫) বিধুরে ভিন্নচক্রে চ রথে চ বিবশীকৃতে···যোধমানাঃ পরস্পরম্—বা। (২৬) যো হস্তঃ শিরসা ছিন্নো মর্ম্মভিন্নিহতো হতঃ—বা। (২৭)···ক্ষয়ং তস্মিন্—বা। (২৯) রথেষাম্ ···রা নি।

হয়ৌঘাশ্চ রথৌঘাশ্চ নরৌঘাশ্চৈব ভারত!।
বারণাঃ শতশশ্চৈব হতাঃ শ্বেতেন ভারত! ॥৩০॥
বয়ং শ্বেতভয়াদ্ভীতা বিহায় রথসত্তমম্।
অপযাতাস্তথা পশ্চাদ্বিভুং পশ্যাম ধৃষ্ণবঃ ॥৩১॥
শরপাতমতিক্রম্য কুরবঃ কুরুনন্দন!।
ভীষ্মং শান্তনবং যুদ্ধে স্থিতাঃ পশ্যাম সর্ব্বশঃ ॥৩২॥
অদীনো দীনসময়ে ভীষ্মোঽস্মাকং মহাহবে।
একস্তস্থৌ নরব্যাঘ্রো গিরির্মেরুরিবাচলঃ ॥৩৩॥
আদদান ইব প্রাণান্ সবিতা শিশিরাত্যয়ে।
গভস্তিভিরিবাদিত্যস্তস্থৌ শরমরীচিমান্ ॥৩৪॥

ভারতকৌমুদী

রথেশামিতি। রথস্য ঈশাং দারুবিশেষম্, চিচ্ছেদ শ্বেত ইত্যনুবৃত্তিঃ ॥২৯॥
হয়ৌঘা ইতি। বারণা হস্তিনঃ ॥৩০॥
বয়মিতি। বিভুং রাজানং দুর্য্যোধনম্, ধৃষ্ণবঃ প্রগল্ভা অপি ॥৩১॥
শরেতি। শরপাতং শ্বেতস্য বাণপতনস্থানম্। সর্ব্বশঃ সর্ব্বে ॥৩২॥
অদীন ইতি। অদীনঃ অকাতরঃ, দীনসময়ে শ্বেতবিক্রমাৎ কাতরতাকালে ॥৩৩॥

নরনাথ! তিনি—রথের দণ্ড, চক্র ও যুগ এবং তূণীর, আর মহামূল্য ছত্র ও পতাকা সকল কাটিয়া ফেলিতে থাকিলেন ॥২৯॥

ভরতনন্দন! আর শ্বেত—অশ্ব, রথ ও সৈন্যসমূহ এবং শত শত হস্তী বধ করিলেন ॥৩০॥

এই সময় আমরা স্বভাবতঃ নির্ভয় হইয়াও শ্বেতের ভয়ে ভীত হইয়া উত্তম রথ ত্যাগ করিয়া যুদ্ধের পিছনে যাইয়া রাজা দুর্য্যোধনের সহিত সাক্ষাৎ করিলাম ॥৩১॥

কুরুনন্দন! আমরা কুরুপক্ষীয়েরা সকলেই শ্বেতের বাণপতনের স্থান অতিক্রম করিয়া যাইয়া সমরাঙ্গনে থাকিয়াই দূর হইতে শান্তনুনন্দন ভীষ্মকে দেখিতে লাগিলাম ॥৩২॥

আমাদের সেই কাতরতার সময়েও একমাত্র নরশ্রেষ্ঠ ভীষ্মই কাতর না হইয়া মহাযুদ্ধমধ্যে সুমেরুপর্ব্বতের ন্যায় অচল হইয়া রহিলেন ॥৩৩॥

শীতকাল অতীত হইলে সূর্য্য যেমন জল আকর্ষণ করেন, ভীষ্মও তেমনই বিপক্ষসৈন্যগণের প্রাণ হরণ করিতে থাকিয়া কিরণসমন্বিত সূর্য্যের ন্যায় বাণসমন্বিত হইয়া অবস্থান করিতে লাগিলেন ॥৩৪॥

স মুমোচ মহেষ্বাসঃ শরসংঘাননেকশঃ।
নিঘ্ন্নমিত্রান্ সমরে বজ্রপাণিরিবাসুরান্ ॥৩৫॥
তে বধ্যমানা ভীষ্মেণ প্রজহুস্তং মহাবলম্।
স্বযূথাদিব তে যূথান্মুক্তং ভূমিষু দারুণম্ ॥৩৬॥
তমেবমুপলক্ষ্যৈকো হৃষ্টঃ পুষ্টঃ পরন্তপ!।
দুর্য্যোধনপ্রিয়ে যুক্তঃ পাণ্ডবান্ পরিশোচয়ন্ ॥৩৭॥
জীবিতং দুস্ত্যজং ত্যক্ত্বা ভয়ঞ্চ সুমহাহবে।
পাতয়ামাস সৈন্যানি পাণ্ডবানাং বিশাংপতে! ॥৩৮॥
প্রহরন্তমনীকানি পিতা দেবব্রতস্তব।
দৃষ্ট্বা সেনাপতিং ভীষ্মস্ত্বরিতঃ শ্বেতমভ্যয়াৎ ॥৩৯॥

ভারতকৌমুদী

আদদান ইতি। গভস্তিভির্বিশিষ্টঃ। শরমরীচিমান্ ভীষ্মঃ ॥৩৪॥

স ইতি। স ভীষ্মঃ। নিঘ্নন্ বিনাশয়ন্, অমিত্রান্ শত্রূন্ ॥৩৫॥

ত ইতি। তে অমিত্রাঃ, ভীষ্মেণ বধ্যমানাঃ সন্তঃ, স্বযূথান্মুক্তং হস্তিনমিব, তে তব যূথাৎ সৈন্যসংঘাৎ, মুক্তং বিশ্লিষ্টং ভূমিষু দারুণং মহাবলং তং ভীষ্মং প্রজহুঃ ॥৩৬॥

তমিতি। তং শ্বেতম্, এবং স্বসৈন্যান্ বিনাশয়ন্তম্। যুক্তঃ অভিনিবিষ্টোঽভূৎ ॥৩৭॥

জীবিতমিতি। ত্যক্ত্বা ত্যাগোদ্যমং কৃত্বা। পাতয়ামাস ভীষ্ম ইতি শেষঃ ॥৩৮॥

প্রহরন্তমিতি। অনীকানি কৌরবসৈন্যানি। সেনাপতিং পাণ্ডবানাম্ ॥৩৯॥

পূর্ব্বকালে ইন্দ্র যেমন অসুরগণকে বিনাশ করিতে থাকিয়া নানাবিধ বাণসমূহ নিক্ষেপ করিতেন, সেইরূপ মহাধনুর্দ্ধর ভীষ্মও যুদ্ধে শত্রুগণকে সংহার করিতে থাকিয়া নানাবিধ বাণসমূহ নিক্ষেপ করিতে লাগিলেন ॥৩৫॥

মহাহস্তী যেমন আপন যূথ হইতে বিচ্ছিন্ন হয়, ভয়ঙ্করমূর্ত্তি ও মহাবল ভীষ্মও তেমন আপনার সৈন্যসমূহ হইতে বিচ্ছিন্ন হইয়া বিপক্ষগণকে বধ করিতে লাগিলেন; তখন তাহারা তাঁহাকে পরিত্যাগ করিয়া পলায়ন করিতে লাগিল ॥৩৬॥

শত্রুতাপন রাজা। শ্বেত এইভাবে আপন সৈন্য সংহার করিতেছেন দেখিয়া একমাত্র ভীষ্মই উৎসাহিত ও প্রফুল্ল হইয়া পাণ্ডবগণকে শোকার্ত্ত করিতে থাকিয়া দুর্য্যোধনের প্রিয়কার্য্যে অভিনিবিষ্ট হইলেন ॥৩৭॥

নরনাথ! ভীষ্ম দুস্ত্যজ জীবন ত্যাগ করিতে উদ্যত হইয়া এবং সেই মহাযুদ্ধে ভয় পরিত্যাগ করিয়া পাণ্ডবসৈন্য বিনাশ করিতে লাগিলেন ॥৩৮॥

স ভীষ্মং শরজালেন মহতা সমবাকিরৎ।
শ্বেতঞ্চাপি তথা ভীষ্মঃ শরৌঘৈঃ সমবাকিরৎ ॥৪০॥
তৌ বৃষাবিব নর্দ্দন্তৌ মত্তাবিব মহাদ্বিপৌ।
ব্যাঘ্রাবিব সুসংরব্ধাবন্যোন্যমভিজঘ্নতুঃ ॥৪১॥
অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য ততস্তৌ পুরুষর্ষভৌ।
ভীষ্মঃ শ্বেতশ্চ যুযুধে পরস্পরবধৈষিণৌ ॥৪২॥
একাহ্না নির্দ্দহেদ্ভীষ্মঃ পাণ্ডবানামনীকিনীম্।
শরৈঃ পরমসংক্রুদ্ধো যদি শ্বেতো ন পালয়েৎ ॥৪৩॥
পিতামহং ততো দৃষ্ট্বা শ্বেতেন বিমুখীকৃতম্।
প্রহর্ষং পাণ্ডবা জগ্মুঃ পুত্রস্তে বিমনা হ্যভূৎ ॥৪৪॥

ভারতকৌমুদী

স ইতি। স শ্বেতঃ। সমবাকিরৎ সমাবৃণোৎ ॥৪০॥

তাবিতি। নর্দ্দন্তৌ গর্জ্জন্তৌ। সুসংরব্ধৌ অতীবক্রুদ্ধৌ ॥৪১॥

অস্ত্রৈরিতি। ভীষ্মঃ শ্বেতশ্চ অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য যুযুধে; ততস্তৌ পুরুষর্ষভৌ পরস্পরবধৈষিণৌ বভূবতুরিতি সম্বন্ধঃ ॥৪২॥

স্বয়ং সমালোচয়তি সঞ্জয়ঃ। একাহ্নেতি। আর্ষবাদদন্তত্বাভাবঃ ॥৪৩॥

ওদিকে বিরাটসেনাপতি শ্বেত আপন সৈন্য সংহার করিতেছেন দেখিয়া আপনার জ্যেষ্ঠতাত দেবব্রত ভীষ্ম সত্বর তাঁহার অভিমুখে গমন করিলেন ॥৩৯॥

তখন শ্বেত বিশাল শরজালে ভীষ্মকে আবৃত করিলেন, ভীষ্মও সেইরূপ বাণসমূহদ্বারা শ্বেতকে আচ্ছন্ন করিলেন ॥৪০॥

সেই সময়ে দুইটা বৃষের ন্যায়, দুইটা মত্ত মহাহস্তীর ন্যায় এবং দুইটা ব্যাঘ্রের ন্যায় তাঁহারা দুই জনে অত্যন্ত ক্রুদ্ধ হইয়া গর্জ্জন করিতে থাকিয়া পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥৪১॥

ভীষ্ম ও শ্বেত অস্ত্রদ্বারা অস্ত্র নিবারণ করিয়া যুদ্ধ করিতে লাগিলেন। তাহার পর সেই পুরুষশ্রেষ্ঠেরা পরস্পর বধাভিলাসী হইলেন ॥৪২॥

যদি শ্বেত রক্ষা না করিতেন, তবে অতি ক্রুদ্ধ ভীষ্ম একদিনেই বাণদ্বারা পাণ্ডবসৈন্য সংহার করিয়া ফেলিতেন ॥৪৩॥

তদনন্তর শ্বেত ভীষ্মকে পরাঙ্মুখ করিয়া ফেলিয়াছেন দেখিয়া পাণ্ডবেরা আনন্দ লাভ করিলেন এবং আপনার পুত্র দুর্য্যোধন বিষণ্ণচিত্ত হইলেন ॥৪৪॥

---

(৪৪)...বিমনাহভবৎ—বা নি।

ততো দুর্য্যোধনঃ ক্রুদ্ধঃ পার্থিবৈঃ পরিবারিতঃ।
সসৈন্যঃ পাণ্ডবানীকমভ্যদ্রবত সংযুগে ॥৪৫॥
দুর্ম্মুখঃ কৃতবর্ম্মা চ কৃপঃ শল্যো বিশাংপতিঃ।
ভীষ্মং জুগুপুরাসাদ্য তব পুত্রেণ নোদিতাঃ ॥৪৬॥
দৃষ্ট্বা তু পার্থিবৈঃ সর্ব্বৈর্দুর্য্যোধনপুরোগমৈঃ।
পাণ্ডবানামনীকানি বধ্যমানানি সংযুগে ॥৪৭॥
শ্বেতো গাঙ্গেয়মুৎসৃজ্য তব পুত্রস্য বাহিনীম্।
নাশয়ামাস বেগেন বায়ুর্বৃক্ষানিবৌজসা ॥৪৮॥ (যুগ্মকম্)
দ্রাবয়িত্বা চমূং রাজন্! বৈরাটিঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
আপতৎ সহসা ভূয়ো যত্র ভীষ্মো ব্যবস্থিতঃ ॥৪৯॥
তৌ তত্রোপগতৌ রাজন্! শরদীপ্তৌ মহাবলৌ।
অযুধ্যেতাং মহাত্মানৌ যথোভৌ বৃত্রবাসবৌ ॥৫০॥

ভারতকৌমুদী

পিতামহমিতি। তে তব পুত্রো দুর্য্যোধনঃ, বিমনা বিষণ্ণচিত্তঃ ॥৪৪॥
তত ইতি। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ। সংযুগে সমরাঙ্গনে ॥৪৫॥
দুর্ম্মুখ ইতি। বিশাংপতিঃ রাজা। জুগুপুঃ ররক্ষুঃ। নোদিতাঃ প্রেরিতা ॥৪৬॥
দৃষ্ট্বেতি। অনীকানি সৈন্যানি। গাঙ্গেয়ং ভীষ্মম্। ওজসা বলেন ॥৪৭—৪৮॥
দ্রাবয়িত্বেতি। বৈরাটির্বিরাটপুত্রঃ শ্বেতঃ, ক্রোধেন মূর্চ্ছিতো হতজ্ঞানঃ ॥৪৯॥

তাহার পর দুর্য্যোধন ক্রুদ্ধ ও রাজগণে পরিবেষ্টিত হইয়া আপন সৈন্য লইয়া যুদ্ধে পাণ্ডবসৈন্যের প্রতি ধাবিত হইলেন ॥৪৫॥

এবং দুর্ম্মুখ, কৃতবর্ম্মা, কৃপাচার্য্য ও শল্য রাজা—ইঁহারা দুর্য্যোধনের আদেশে যাইয়া ভীষ্মকে রক্ষা করিতে লাগিলেন ॥৪৬॥

তখন দুর্য্যোধনপ্রভৃতি রাজারা সকলে যুদ্ধে পাণ্ডবসৈন্য সংহার করিতেছেন দেখিয়া শ্বেত ভীষ্মকে ত্যাগ করিয়া—আপন বলে বায়ু যেমন বৃক্ষ বিনাশ করে, সেইরূপ বেগে দুর্য্যোধনের সৈন্য বিনাশ করিতে লাগিলেন ॥৪৭—৪৮॥

রাজা! তদনন্তর বিরাটপুত্র শ্বেত কৌরবসৈন্য দমন করিয়া ক্রোধে হতজ্ঞান হইয়া—যেখানে ভীষ্ম ছিলেন, সেইখানে পুনরায় দ্রুত গমন করিলেন ॥৪৯॥

---

(৪৯) দ্রাবয়িত্বা চমূঞ্চৈব—বা ব।

অন্যোন্যস্তু মহারাজ! পরস্পরবধৈষিণৌ।
নিগৃহ্য কার্ম্মুকং শ্বেতো ভীষ্মং বিব্যাধ সপ্তভিঃ ॥৫১॥ (যুগ্মকম্)
পরাক্রমং ততস্তস্য পরাক্রম্য পরাক্রমী।
তরসা বারয়ামাস মত্তো মত্তমিব দ্বিপম্ ॥৫২॥
শ্বেতঃ শান্তনবং ভূয়ঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
বিব্যাধ পঞ্চবিংশত্যা তদদ্ভুতমিবাভবৎ ॥৫৩॥
তং প্রত্যবিধ্যদ্দশভির্ভীষ্মঃ শান্তনবস্তদা।
স বিদ্ধস্তেন বলবান্ নাকম্পত যথাচলঃ ॥৫৪॥
বৈরাটিঃ সমরে ক্রুদ্ধো ভৃশমায়ম্য কার্ম্মুকম্।
আজঘান ততো ভীষ্মং শ্বেতঃ ক্ষত্রিয়নন্দনঃ ॥৫৫॥

ভারতকৌমুদী

তাবিতি। উপগতৌ মিলিতৌ, শরেণ শরতেজসা দীপ্তৌ উজ্জ্বলৌ। নিগৃহ্য নিপীড্য ধৃত্বা দৃঢ়ং ধৃত্বেত্যর্থঃ। সপ্তভিঃ শরৈরিতি শেষঃ ॥৫০—৫১॥

পরেতি। তস্য শ্বেতস্য, পরাক্রমী ভীষ্মঃ। তরসা বলেন। দ্বিপং হস্তিনম্ ॥৫২॥

শ্বেত ইতি। একদা পঞ্চবিংশত্যা শরৈস্তাড়নমেবাদ্ভুতমিতি ভাবঃ ॥৫৩॥

তমিতি। স শ্বেতঃ, তেন ভীষ্মেণ। অচলঃ পর্ব্বতঃ ॥৫৪॥

বৈরাটিরিতি। আয়ম্য আকৃষ্য। ক্ষত্রিয়াণাং নন্দনঃ শক্তিপ্রকাশাদানন্দকরঃ ॥৫৫॥

মহারাজ! শরতেজে উজ্জ্বল, মহাবল ও মহাত্মা ভীষ্ম ও শ্বেত সেই স্থানে মিলিত ও পরস্পরবধাভিলাষী হইয়া ইন্দ্র ও বৃত্রাসুরের ন্যায় পরস্পর যুদ্ধ করিতে লাগিলেন; তাহার মধ্যেই শ্বেত দৃঢ়ভাবে ধনু ধারণ করিয়া সাতটা বাণদ্বারা ভীষ্মকে বিদ্ধ করিলেন ॥৫০—৫১॥

তাহার পর পরাক্রমশালী ভীষ্ম পরাক্রম প্রকাশ করিয়া—মত্ত হস্তী যেমন অপর মত্ত হস্তীকে বলপূর্ব্বক বারণ করে, সেইরূপ শ্বেতের পরাক্রম বারণ করিলেন ॥৫২॥

তৎপরে শ্বেত অবনতপর্ব্ব পঞ্চবিংশতি বাণদ্বারা পুনরায় ভীষ্মকে বিদ্ধ করিলেন; সে ব্যাপারটা যেন অদ্ভুত বলিয়াই বোধ হইল ॥৫৩॥

তখন শান্তনুনন্দন ভীষ্মও দশটা বাণদ্বারা শ্বেতকে প্রতিবিদ্ধ করিলেন; কিন্তু বলবান্ শ্বেত ভীষ্মকর্তৃক প্রতিবিদ্ধ হইয়াও পর্ব্বতের ন্যায় কম্পিত হইলেন না ॥৫৪॥

(৫৩—৫৪) শ্লোকৌ বা ব ন ক্ষঃ ।

সংপ্রহস্য ততঃ শ্বেতঃ সৃক্কিণী পরিসংলিহন্।
ধনুশ্চিচ্ছেদ ভীষ্মস্য নবভির্দশধা শরৈঃ ॥৫৬॥
সন্ধায় বিশিখঞ্চৈব শরং লোমপ্রবাহিণম্।
উন্মমাথ ততস্তালং ধ্বজশীর্ষং মহাত্মনঃ ॥৫৭॥
কেতুং নিপতিতং দৃষ্ট্বা ভীষ্মস্য তনয়াস্তব।
হতং ভীষ্মমমন্যন্ত শ্বেতস্য বশমাগতম্ ॥৫৮॥
পাণ্ডবা অপি সংহৃষ্টা দধ্মুঃ শঙ্খান্ সমন্ততঃ।
ভীষ্মস্য পতিতং কেতুং দৃষ্ট্বা তালং মহাত্মনঃ ॥৫৯॥
ততো দুর্য্যোধনঃ ক্রোধাৎ স্বমনীকমনোদয়ৎ।
যত্তা ভীষ্মং পরীপ্সধ্বং রক্ষমাণাঃ সমন্ততঃ ॥৬০॥

ভারতকৌমুদী

সমিতি। সৃক্কিণী ওষ্ঠপ্রান্তৌ। দশধা দশখণ্ডপ্রকারৈঃ ॥৫৬॥
সন্ধায়েতি। বিশিখং শিখারহিতম্, লোমপ্রবাহিণং কঙ্কপত্রান্বিতম্ ॥৫৭॥
কেতুমিতি। কেতুং ধ্বজম্। বশমাগতম্, অতএব হতমমন্যন্ত ॥৫৮॥
পাণ্ডবা ইতি। সমন্ততঃ সর্ব্বাভ্য এব দিগ্‌ভ্যঃ ॥৫৯॥
তত ইতি। অনীকং সৈন্যম্, অনোদয়ৎ প্রৈরয়ৎ। কিমুক্ত্বা অনোদয়দিত্যাহ সার্দ্ধশ্লোকেন। যত্তা যত্নবন্তঃ সন্তো যূয়ম্, পরীপ্সধ্বং পরিবেষ্টধ্বম্ ॥৬০॥

তদনন্তর বিরাটপুত্র ক্ষত্রিয়ানন্দকারী শ্বেত ক্রুদ্ধ হইয়া ধনুখানাকে অত্যন্ত আকর্ষণ করিয়া যুদ্ধে ভীষ্মকে আঘাত করিলেন ॥৫৫॥

তাহার পর শ্বেত হাস্য করিয়া ওষ্ঠপ্রান্ত লেহন করিতে থাকিয়া নয়টা বাণদ্বারা ভীষ্মের ধনুখানাকে দশ খণ্ডে ছেদন করিলেন ॥৫৬॥

তৎপরে শ্বেত শিখাশূন্য ও কঙ্কপত্রযুক্ত একটা বাণ সন্ধান করিয়া মহাত্মা ভীষ্মের তালধ্বজের উপরিভাগ ছেদন করিয়া ফেলিলেন ॥৫৭॥

তখন ভীষ্মের ধ্বজ নিপতিত হইল দেখিয়া এবং তিনি শ্বেতের বশীভূত হইয়াছেন লক্ষ্য করিয়া আপনার পুত্রেরা তাঁহাকে নিহত বলিয়াই মনে করিলেন ॥৫৮॥

ভীষ্মের তালধ্বজটাকে পতিত দেখিয়া পাণ্ডবেরাও আনন্দিত হইয়া সকল দিক্ হইতে শঙ্খধ্বনি করিয়া উঠিলেন ॥৫৯॥

---

(৫৬) প্রহস্ত চ রণে শ্বেতঃ—বা। (৫৯) পাণ্ডবাশ্চাপি…শঙ্খান্ মুদা যুতাঃ—বা নি। (৬০)…স্বমনীকমচোদয়ৎ—বা।

মা নঃ প্রপশ্যমানানাং শ্বেতান্মৃত্যুমবাপ্স্যতি।
ভীষ্মঃ শান্তনবঃ শূরস্তথা সত্যং ব্রবীমি বঃ ॥৬১॥
রাজ্ঞস্তু বচনং শ্রুত্বা ত্বরমাণা মহারথাঃ।
বলেন চতুরঙ্গেণ গাঙ্গেয়মন্বপালয়ন্ ॥৬২॥
বাহ্লিকঃ কৃতবর্ম্মা চ শলঃ শল্যশ্চ ভারত!।
জলসন্ধো বিকর্ণশ্চ চিত্রসেনো বিবিংশতিঃ ॥৬৩॥
ত্বরমাণাস্ত্বরাকালে পরিবার্য্য সমন্ততঃ।
শস্ত্রবৃষ্টিং সুতুমুলাং শ্বেতস্যোপর্য্যপাতয়ন্ ॥৬৪॥ (যুগ্মকম্)
তান্ ক্রুদ্ধো নিশিতৈর্বাণৈস্ত্বরমাণো মহারথঃ।
অবারয়দমেয়াত্মা দর্শয়ন্ পাণিলাঘবম্ ॥৬৫॥
সন্নিবার্য্য তু তান্ সর্ব্বান্ কেসরী কুঞ্জরানিব।
মহতা শরবর্ষেণ ভীষ্মস্য ধনুরচ্ছিনৎ ॥৬৬॥

ভারতকৌমুদী

মেতি। নঃ অস্মাকম্, প্রপশ্যমানানাং প্রপশ্যতাম্ ॥৬১॥
রাজ্ঞ ইতি। চত্বারি অঙ্গানি হস্ত্যশ্বরথপদাতিরূপাণি যস্য তেন ॥৬২॥
অথ কে তে মহারথা ইত্যাহ—বাহ্লিক ইতি। পরিবার্য্য বেষ্টয়িত্বা ॥৬৩—৬৪॥
তানিতি। অমেয়াত্মা অজ্ঞেয়শক্তিঃ শ্বেতঃ, পাণিলাঘবং হস্তশীঘ্রতাম্ ॥৬৫॥

তদনন্তর দুর্য্যোধন ক্রোধে আপন সৈন্য প্রেরণ করিলেন (এবং বলিলেন—) "তোমরা যত্নবান্ হইয়া সকল দিক্ হইতে রক্ষা করিতে থাকিয়া ভীষ্মকে পরিবেষ্টন কর ॥৬০॥

আমি তোমাদিগকে সত্য বলিতেছি—শান্তনুনন্দন মহাবীর ভীষ্ম যেন আমাদের সমক্ষেই শ্বেতের হস্তে মৃত্যুমুখে পতিত না হন" ॥৬১॥

রাজা দুর্য্যোধনের আদেশ শুনিয়া মহারথেরা ত্বরান্বিত হইয়া চতুরঙ্গ সৈন্য লইয়া যাইয়া ভীষ্মকে রক্ষা করিতে লাগিলেন ॥৬২॥

ভরতনন্দন! বাহ্লিক, কৃতবর্ম্মা, শল, শল্য, জলসন্ধ, বিকর্ণ, চিত্রসেন ও বিবিংশতি—এই মহারথেরা সেই ত্বরার সময়ে সত্বর হইয়া সকল দিকে বেষ্টন করিয়া শ্বেতের উপরে অতিতুমুল অস্ত্রবর্ষণ করিতে লাগিলেন ॥৬৩—৬৪॥

তখন ক্রুদ্ধ, মহারথ এবং অজ্ঞেয়শক্তি শ্বেতও সত্বর হইয়া লঘুহস্ততা দেখাইতে থাকিয়া নিশিত বাণসমূহদ্বারা তাঁহাদিগকে বারণ করিলেন ॥৬৫॥

---

(৬১) জানুচে পশ্যমানাংস্তান্ শ্বেতোঽন্তকমবাপ্স্যতি…সত্যং ব্রবীমি তে—বা। (৬৬) স নিবার্য্য তু…ধনুরাচ্ছিনৎ—বা নি।

তভোঽন্যদ্ধনুরাদায় ভীষ্মঃ শান্তনবো যুধি।
শ্বেতং বিব্যাধ রাজেন্দ্র! কঙ্কপত্রৈঃ শিতৈঃ শরৈঃ ॥৬৭॥
ততঃ সেনাপতিঃ ক্রুদ্ধো ভীষ্মং বহুভিরায়সৈঃ।
বিব্যাধ সমরে রাজন্! সর্ব্বলোকস্য পশ্যতঃ ॥ ৮॥
ততঃ প্রব্যথিতো রাজা ভীষ্মং দৃষ্ট্বা নিবারিতম্।
প্রবীরং সর্ব্বলোকস্য শ্বেতেন যুধি বৈ তদা ॥৬৯॥
নিষ্ঠানকশ্চ সুমহাংস্তব সৈন্যস্য চাভবৎ।
তং বীরং বারিতং দৃষ্ট্বা শ্বেতেন শরবিক্ষতম্ ॥৭০॥
হতং শ্বেতেন মন্যন্তে শ্বেতস্য বশমাগতম্।
ততঃ ক্রোধবশং প্রাপ্তঃ পিতা দেবব্রতস্তব ॥৭১॥

ভারতকৌমুদী

সমিতি। কেসরী সিংহঃ, কুঞ্জরান্ হস্তিনঃ। অনিচ্ছৎ শ্বেতঃ ॥৬৬॥
তত ইতি। কঙ্কানাং পক্ষিণাং পত্রাণি পক্ষা যেষু তৈঃ, শিতৈঃ শিলাশাণিতৈঃ ॥৬৭॥
তত ইতি। সেনাপতিঃ শ্বেতঃ। আয়সৈর্লৌহময়ৈঃ শরৈঃ ॥৬৮॥
তত ইতি। রাজা দুর্য্যোধনঃ। সর্ব্বলোকস্য মধ্যে প্রবীরং প্রকৃষ্টং বীরম্ ॥৬৯॥
নিষ্ঠেতি। নিষ্ঠানকস্ত্রাসঃ। তং বীরং ভীষ্মম্ ॥৭০॥
হতমিতি। মন্যন্তে স্ম তত্রত্যা লোকাঃ। দেবব্রতো ভীষ্মঃ ॥৭১॥

এবং সিংহ যেমন হস্তিগণকে বারণ করে, সেইরূপ শ্বেত তাঁহাদের সকলকে বারণ করিয়া বিশাল শরবর্ষণদ্বারা ভীষ্মের ধনু ছেদন করিলেন ॥৬৬॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর শান্তনুনন্দন ভীষ্ম অন্য ধনু লইয়া কঙ্কপত্রযুক্ত নিশিত বাণসমূহদ্বারা যুদ্ধে শ্বেতকে বিদ্ধ করিলেন ॥৬৭॥

রাজা! তৎপরে বিরাটসেনাপতি শ্বেতও ক্রুদ্ধ হইয়া বহুতর লৌহময় বাণদ্বারা সমস্ত লোকের সমক্ষে যুদ্ধে ভীষ্মকে বিদ্ধ করিলেন ॥৬৮॥

তদনন্তর শ্বেত যুদ্ধে সমস্ত লোকের মধ্যে প্রধান বীর ভীষ্মকে তখন নিবারণ করিলেন দেখিয়া রাজা দুর্য্যোধন বিশেষ দুঃখিত হইলেন ॥৬৯॥

শ্বেত মহাবীর ভীষ্মকে শরবিক্ষত করিয়া বারণ করিলেন দেখিয়া আপনার সৈন্যগণের গুরুতর ভয় উপস্থিত হইল ॥৭০॥

এবং তত্রত্য লোকেরা মনে করিল যে, ভীষ্ম শ্বেতের বশীভূত হইয়াছেন বলিয়া নিহতই হইয়াছেন। তাহার পর আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম ক্রুদ্ধ হইলেন ॥৭১॥

---

(৬৭)...কঙ্কপত্রৈঃ শিলাশিতৈঃ—বা ব। (৭০)...তং বীরং বারিতং দৃষ্ট্বা—বা ব।

ধ্বজমুন্মথিতং দৃষ্ট্বা তাঞ্চ সেনাং নিবারিতাম্।
শ্বেতং প্রতি মহারাজ! ব্যসৃজৎ সায়কান্ বহূন্ ॥৭২॥
তানাবার্য্য রণে শ্বেতো ভীষ্মস্য রথিনাং বরঃ।
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন পুনরেব পিতুস্তব ॥৭৩॥
উৎসৃজ্য কার্ম্মুকং রাজন্! গাঙ্গেয়ঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
অন্যৎ কার্ম্মুকমাদায় বিপুলং বলবত্তরম্ ॥৭৪॥
তত্র সন্ধায় বিপুলান্ ভল্লান্ সপ্ত শিলাশিতান্।
চতুর্ভিশ্চ জঘানাশ্বান্ শ্বেতস্য পৃতনাপতেঃ ॥৭৫॥ (যুগ্মকম্)
ধ্বজং দ্বাভ্যান্তু চিচ্ছেদ সপ্তমেন চ সারথেঃ।
শিরশ্চিচ্ছেদ ভল্লেন সংক্রুদ্ধোঽলঘুবিক্রমঃ ॥৭৬॥
হতাশ্বসূতাৎ স রথাদবপ্লুত্য মহারথঃ।
অমর্ষবশমাপন্নো ব্যাকুলঃ সমপদ্যত ॥৭৭॥

ভারতকৌমুদী

ধ্বজমিতি। উন্মথিতং ছিন্নম্। ব্যসৃজৎ ভীষ্মঃ ॥৭২॥

তানিতি। তান্ সায়কান্। তব পিতুর্ভীষ্মস্যেতি সম্বন্ধঃ ॥৭৩॥

উৎসৃজ্যেতি। গাঙ্গেয়ো ভীষ্মঃ। বিপুলং বিশালম্, বলবত্তরং সুদৃঢ়ম্। বিপুলান্ বিশালান্। চতুর্ভিস্তৈর্ভল্লৈঃ, অশ্বান্ চতুঃসংখ্যকান্, পৃতনাপতের্বিরাটসেনাপতেঃ ॥৭৪—৭৫॥

ধ্বজমিতি। দ্বাভ্যাং ভল্লাভ্যাম্। অলঘুবিক্রমো মহাপরাক্রমো ভীষ্মঃ ॥৭৬॥

হতেতি। স শ্বেতঃ। ব্যাকুলো ব্যস্তচিত্তঃ, সমপদ্যত অভবৎ ॥৭৭॥

মহারাজ! ধ্বজটাকে নিপতিত এবং সৈন্যগণকে নিবারিত দেখিয়া ভীষ্ম শ্বেতের প্রতি বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥৭২॥

রথিশ্রেষ্ঠ শ্বেত যুদ্ধে সেই বাণগুলিকে নিবারণ করিয়া ভল্লদ্বারা পুনরায় আপনার জ্যেষ্ঠতাত ভীষ্মের ধনু ছেদন করিলেন ॥৭৩॥

রাজা! তখন ভীষ্ম ক্রোধে অধীর হইয়া সে ধনুখানাকে ত্যাগ করিয়া, বিশাল ও সুদৃঢ় অন্য একখানা ধনু লইয়া, তাহাতে শিলাশাণিত সাতটা বিশাল ভল্ল সন্ধান করিয়া, তাহার চারিটাদ্বারা বিরাটসেনাপতি শ্বেতের চারিটা অশ্বকে বধ করিলেন ॥৭৪—৭৫॥

এবং মহাবিক্রমশালী ভীষ্ম অত্যন্ত ক্রুদ্ধ হইয়া দুইটা ভল্লদ্বারা শ্বেতের ধ্বজ, আর একটা ভল্লদ্বারা তাঁহার সারথির মস্তক ছেদন করিলেন ॥৭৬॥

---

(৭৭)...অবপ্লুত্য মহাবলঃ—বা নি।

বিরথং রথিনাং শ্রেষ্ঠং শ্বেতং দৃষ্ট্বা পিতামহঃ।
তাড়য়ামাস নিশিতৈঃ শরসংঘৈঃ সমন্ততঃ ॥৭৮॥
স তাড্যমানঃ সমরে ভীষ্মচাপচ্যুতৈঃ শরৈঃ।
স্বরথে ধনুরুৎসৃজ্য শক্তিং জগ্রাহ কাঞ্চনীম্ ॥৭৯॥
ততঃ শক্তিং রণে শ্বেতো জগ্রাহোগ্রাং মহাভয়াম্।
কালদণ্ডোপমাং ঘোরাং মৃত্যোর্জিহ্বামিব শ্বসন্ ॥৮০॥
অব্রবীচ্চ তদা শ্বেতো ভীষ্মং শান্তনবং রণে।
তিষ্ঠেদানীং সুসংরব্ধঃ পশ্য মাং পুরুষো ভব ॥৮১॥
এবমুক্ত্বা মহেষ্বাসো ভীষ্মং যুধি পরাক্রমী।
ততঃ শক্তিমমেয়াত্মা চিক্ষেপ ভুজগোপমাম্ ॥৮২॥
পাণ্ডবার্থে পরাক্রান্তস্তবানর্থং চিকীর্ষুকঃ।
হাহাকারো মহানাসীৎ পুত্রাণাং তে বিশাংপতে! ॥৮৩॥

ভারতকৌমুদী

বিরথমিতি। পিতামহো ভীষ্মঃ। সমন্ততো দেহস্য সর্বাসু দিক্ষু ॥৭৮॥
স ইতি। স শ্বেতঃ। কাঞ্চনীং স্বর্ণখচিতাম্ ॥৭৯॥
তত ইতি। স্বভাবাদুগ্রাম্, কালদণ্ডোপমাং মহাভয়াম্, মৃত্যোর্জিহ্বামিব ঘোরাম্ ॥৮০॥
অব্রবীদিতি। সুসংরব্ধঃ অতীবক্রুদ্ধঃ শ্বেতঃ। তিষ্ঠ মা পলায়স্বেতি ভাবঃ ॥৮১॥

অশ্ব ও সারথি নিহত হইলে মহারথ শ্বেত রথ হইতে লাফাইয়া পড়িয়া ক্রোধে অধীর ও বিশেষ আকুল হইলেন ॥৭৭॥

তখন রথিশ্রেষ্ঠ শ্বেতকে রথবিহীন দেখিয়া ভীষ্ম নিশিত শরসমূহদ্বারা তাঁহার দেহের সকল দিকে তাড়ন করিলেন ॥৭৮॥

ভীষ্মের ধনু হইতে নির্গত বাণসমূহ আসিয়া তাড়ন করিতে লাগিলে শ্বেত আপন রথে ধনুখানাকে নিক্ষেপ করিয়া একটা স্বর্ণখচিত শক্তি গ্রহণ করিলেন ॥৭৯॥

শ্বেত নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া যুদ্ধে যে শক্তিটা গ্রহণ করিলেন, সেটা স্বভাবতঃ উগ্রমূর্ত্তি, কালদণ্ডের ন্যায় মহাভয়ঙ্কর এবং মৃত্যুর জিহ্বার ন্যায় ভয়ানক ছিল ॥৮০॥

তখন শ্বেত অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যুদ্ধে শান্তনুনন্দন ভীষ্মকে বলিলেন—"এখন থাক, আমাকে দেখ এবং পুরুষ হও" ॥৮১॥

দৃষ্ট্বা শক্তিং মহাঘোরাং মৃত্যোর্দণ্ডসমপ্রভাম্।
শ্বেতস্য করনির্ম্মুক্তাং নির্ম্মুক্তোরগসন্নিভাম্ ॥৮৪॥ (বিশেষকম্)
অপতৎ সহসা রাজন্! মহোল্কেব নভস্তলাৎ।
জ্বলন্তীমন্তরীক্ষে তাং জ্বালাভিরিব সংবৃতাম্ ॥৮৫॥
অসম্ভ্রান্তস্তদা রাজন্! পিতা দেবব্রতস্তব।
অষ্টভির্নবভির্ভীষ্মঃ শক্তিং চিচ্ছেদ পত্রিভিঃ ॥৮৬॥ (যুগ্মকম্)
উৎকৃষ্টহেমবিকৃতা নিকৃতা নিশিতৈঃ শরৈঃ।
উচ্চুক্রুশুস্ততঃ সর্ব্বে তাবকা ভরতর্ষভ! ॥৮৭॥

ভারতকৌমুদী

এবমিতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ শ্বেতঃ। চিকীর্ষুকঃ কর্ত্তুমিচ্ছন্। স্বার্থে কঃ। করেণ নির্ম্মুক্তাং নিক্ষিপ্তাম্, নির্ম্মুক্তো নির্ম্মুক্তত্বক্ য উরগঃ সর্পস্তৎসন্নিভাম্ ॥৮২—৮৪॥

অপতদিতি। জ্বালাভিরচ্চিভিঃ। অসম্ভ্রান্তঃ স্থিরঃ স্থিত এব। অষ্টভিঃ পত্রিভির্বাণৈঃ, নবভিঃ খণ্ডৈঃ, তাং শক্তিং চিচ্ছেদ, অষ্টভিশ্ছেদে নব খণ্ডা এব ভবন্তি ॥৮৫—৮৬॥

উৎকৃষ্টেতি। উৎকৃষ্টেন হেম্না বিকৃতা খচিতা, নিকৃতা নিরাকৃতা। উচ্চুক্রুশুঃ আনন্দেনোচ্চৈঃ কোলাহলং চক্রুঃ, তাবকাস্বৎপক্ষীয়া লোকাঃ ॥৮৭॥

মহাধনুর্দ্ধর, পরাক্রমশালী ও অমেয়শক্তি শ্বেত যুদ্ধে ভীষ্মকে এইরূপ বলিয়া, আপনার (ধৃতরাষ্ট্রের) অনর্থ ঘটাইবার ইচ্ছা করিয়া পাণ্ডবগণের জয়ের জন্য সর্পতুল্য সেই শক্তিটাকে ভীষ্মের প্রতি নিক্ষেপ করিলেন। নরনাথ! তখন মহাভয়ঙ্কর, যমদণ্ডের তুল্য উজ্জ্বল এবং নির্ম্মুক্ত সর্পের সমান দীর্ঘ শ্বেতহস্তনিক্ষিপ্ত সেই শক্তিটা দেখিয়া আপনার পুত্রগণের মধ্যে মহা হাহাকার উপস্থিত হইল ॥৮২—৮৪॥

রাজা! বিশাল উল্কা যেমন আকাশ হইতে পতিত হয়, সেইরূপ সেই শক্তিটা বেগে ভীষ্মের প্রতি ধাবিত হইল। রাজা! তখন আপনার জ্যেষ্ঠতাত দেবব্রত ভীষ্ম স্থির থাকিয়াই আটটা বাণদ্বারা শিখাবেষ্টিতের ন্যায়ই যেন আকাশে জাজ্বল্যমান সেই শক্তিটাকে নয় খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন ॥৮৫—৮৬॥

ভরতশ্রেষ্ঠ! উত্তমস্বর্ণখচিত সেই শক্তিটা ভীষ্মের নিশিত শরে প্রতিহত হইল বলিয়া আপনার পক্ষের সকল লোকই আনন্দে কোলাহল করিয়া উঠিল ॥৮৭॥

---

(৮৫)...জ্বালাভিরভিসংবৃতাম্—বা ব। (৮৭) উৎকৃষ্টহেমবিকৃতাং নিকৃতাম্—বা নি।

শক্তিং বিনিহতাং দৃষ্ট্বা বৈরাটিঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
কালোপহতচেতাস্তু কর্ত্তব্যং নাভ্যজানত ॥৮৮॥
ক্রোধসংমূর্চ্ছিতো রাজন্! বৈরাটিঃ প্রহসন্নিব।
গদাং জগ্রাহ সংহৃষ্টো ভীষ্মস্য নিধনং প্রতি ॥৮৯॥
ক্রোধেন রক্তনয়নো দণ্ডপাণিরিবান্তকঃ।
ভীষ্মং সমভিদুদ্রাব জলৌঘ ইব পর্ব্বতম্ ॥৯০॥
তস্য বেগমসংবার্য্যং মত্বা ভীষ্মঃ প্রতাপবান্।
প্রহারবিপ্রমোক্ষার্থং সহসা ধরণীং গতঃ ॥৯১॥
শ্বেতঃ ক্রোধসমাবিষ্টো ভ্রাময়িত্বা তু তাং গদাম্।
রথে ভীষ্মস্য চিক্ষেপ যথা দেবো ধনেশ্বরঃ ॥৯২॥
তয়া ভীষ্মনিপাতিন্যা স রথো ভস্মসাৎ কৃতঃ।
সধ্বজঃ সহ সূতেন সাশ্বঃ সহযুগন্ধরঃ ॥৯৩॥

ভারতকৌমুদী

শক্তিমিতি। বৈরাটিঃ শ্বেতঃ। নাভ্যজানত নির্দ্ধারয়িতুং নাশক্নোৎ ॥৮৮॥

ক্রোধেতি। নিধনং প্রতি নিধনেচ্ছয়েত্যর্থঃ ॥৮৯॥

ক্রোধেনেতি। রক্তনয়নঃ শ্বেতঃ। জলস্য ওঘো বেগঃ ॥৯০॥

তস্যেতি। প্রহারবিপ্রমোক্ষার্থং গদাঘাতান্নিস্তারলাভার্থম্, ধরণীং গতো ভূমাবুৎপ্লুত্য পতিতঃ, রথং প্রত্যেব গদানিক্ষেপোপক্রমং দৃষ্ট্বেত্যাশয়ঃ ॥৯১॥

শ্বেত ইতি। ধনেশ্বরঃ কুবেরঃ, তস্যাপি গদাযোধিতয়া প্রসিদ্ধেঃ ॥৯২॥

কিন্তু শ্বেত শক্তিটাকে প্রতিহত দেখিয়া ক্রোধে অধীর ও কালোপহতচিত্ত হইয়া প্রথমে কর্ত্তব্য স্থির করিতে পারিলেন না ॥৮৮॥

তাহার পর শ্বেত ক্রোধে অধীর অথচ সংহৃষ্ট হইয়া হাসিতে হাসিতেই যেন ভীষ্মের নিধনের জন্য গদা ধারণ করিলেন ॥৮৯॥

তৎপরে জলের বেগ যেমন পর্ব্বতের প্রতি ধাবিত হয়, সেইরূপ ক্রোধে আরক্তনয়ন শ্বেত দণ্ডধারী যমের ন্যায় ভীষ্মের প্রতি ধাবিত হইলেন ॥৯০॥

শ্বেতের বেগ অনিবার্য্য মনে করিয়া প্রতাপশালী ভীষ্ম শ্বেতের প্রহার হইতে মুক্তি পাইবার জন্য তৎক্ষণাৎ রথ হইতে লাফাইয়া ভূতলে পতিত হইলেন ॥৯১॥

এদিকে ক্রোধাবিষ্ট শ্বেত কুবেরদেবের ন্যায় সেই গদাটাকে ঘূর্ণিত করিয়া ভীষ্মের রথের উপরে নিক্ষেপ করিলেন ॥৯২॥

(৯১)···প্রভাববিপ্রমোক্ষার্থম্—বা ব। (৯২) শ্বেতঃ ক্রোধবশাবিষ্টঃ—বা। (৯৩)···সাশ্ব সযুগবন্ধুরঃ—বা নি।

বিরথং রথিনাং শ্রেষ্ঠং ভীষ্মং দৃষ্ট্বা রথোত্তমাঃ।
অভ্যধাবন্ত সহিতাঃ শল্যপ্রভৃতয়ো রথাঃ ॥৯৪॥
ততোঽন্যং রথমাস্থায় ধনুর্বিস্ফার্য্য দুর্ম্মনাঃ।
শনকৈরভ্যয়াচ্ছ্বেতং গাঙ্গেয়ঃ প্রহসন্নিব ॥৯৫॥
এতস্মিন্নন্তরে ভীষ্মঃ শুশ্রাব বিপুলাং গিরম্।
আকাশাদীরিতাং দিব্যামাত্মনো হিতসম্ভবাম্ ॥৯৬॥
ভীষ্ম! ভীষ্ম! মহাবাহো! শীঘ্রং যত্নং কুরুষ্ব বৈ।
এষ হ্যস্য জয়ে কালো নির্দ্দিষ্টো বিশ্বযোনিনা ॥৯৭॥
এতচ্ছ্রুত্বা তু বচনং দেবদূতেন ভাষিতম্।
সম্প্রহৃষ্টমনা ভূত্বা বধে তস্য মনো দধে ॥৯৮॥

ভারতকৌমুদী

তয়েতি। ভস্মসাৎ কৃতো ভগ্ন ইত্যর্থঃ। যুগন্ধরেণ দারুবিশেষেণ সহেতি সঃ ॥৯৩॥
বিরথমিতি। রথোত্তমা রথিশ্রেষ্ঠাঃ। রথা রথিনঃ ॥৯৪॥
তত ইতি। আস্থায় আরুহ্য। দুর্ম্মনা দুঃখিতচিত্তঃ, রথধ্বংসাৎ ॥৯৫॥
এতস্মিন্নিতি। বিপুলাং মহতীম্। ঈরিতাং দেবদূতেনোক্তাম্ ॥৯৬॥
অথ কাসৌ গীরিত্যাহ—ভীষ্মেতি। যত্নং কুরুষ শ্বেতবধে। বিশ্বযোনিনা ব্রহ্মণা ॥৯৭॥
এতদিতি। সম্প্রহৃষ্টমনাঃ, তদ্বধসম্ভবাৎ। মনো দধে ভীষ্ম ইতি শেষঃ ॥৯৮॥

তখন ভীষ্মনিপাতিনী সেই গদাটা যাইয়া ধ্বজ, সারথি, অশ্ব ও যুগন্ধরকাষ্ঠের সহিত সেই রথখানাকে বিধ্বস্ত করিল ॥৯৩॥

এই সময়ে রথিশ্রেষ্ঠ ভীষ্মকে রথবিহীন দেখিয়া শল্যপ্রভৃতি রথিশ্রেষ্ঠ রথারোহীরা সম্মিলিত হইয়া শ্বেতের দিকে ধাবিত হইলেন ॥৯৪॥

এদিকে রথধ্বংসনিবন্ধন দুঃখিতচিত্ত ভীষ্মও অন্য রথে আরোহণপূর্ব্বক ধনু বিস্ফারিত করিয়া ধীরে ধীরে শ্বেতের দিকে যাইতে লাগিলেন ॥৯৫॥

এই সময়ে ভীষ্ম—আকাশ হইতে উচ্চারিত, নিজের হিতজনক ও মনোহর একটি স্বর্গীয় বাক্য শুনিতে পাইলেন—॥৯৬॥

'ভীষ্ম! ভীষ্ম! মহাবাহু! তুমি সত্বর শ্বেতকে বধ করিবার জন্য চেষ্টা কর; কারণ, বিধাতা এইটাই উহার জয়ের কাল নির্দ্দিষ্ট করিয়াছেন' ॥৯৭॥

ভীষ্ম দেবদূতের এই বাক্য শুনিয়া আনন্দিতচিত্ত হইয়া শ্বেতের বধে মনোনিবেশ করিলেন ॥৯৮॥

---

(৯৬)...আকাশোদীরিতাম্...হিতসংশ্রয়াম্—বা।

বিরথং রথিনাং শ্রেষ্ঠং শ্বেতং দৃষ্ট্বা পদাতিনম্ ।
সহিতাস্ত্বভ্যবর্ত্তন্ত পরীপ্সন্তো মহারথাঃ ॥৯৯॥
সাত্যকির্ভীমসেনশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ।
কৈকেয়ো ধৃষ্টকেতুশ্চ অভিমন্যুশ্চ বীর্য্যবান্ ॥১০০॥ (যুগ্মকম্)
এতানাপততো দৃষ্ট্বা দ্রোণশল্যকৃপৈঃ সহ ।
অবারয়দমেয়াত্মা বারিবেগানিবাচলঃ ॥১০১॥
সন্নিরুদ্ধেষু সর্ব্বেষু পাণ্ডবেষু মহাত্মসু ।
শ্বেতঃ খড়্গমথাকৃষ্য ভীষ্মস্য ধনুরাচ্ছিনৎ ॥১০২॥
তদপাস্য ধনুশ্ছিন্নং ত্বরমাণঃ পিতামহঃ ।
দেবদূতবচঃ শ্রুত্বা বধে তস্য মনো দধে ॥১০৩॥
ততঃ প্রচরমাণস্তু পিতা দেবব্রতস্তব ।
অন্যৎ কার্ম্মুকমাদায় ত্বরমাণো মহারথঃ ॥১০৪॥

ভারতকৌমুদী

বিরথমিতি। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ। পার্ষতঃ পৃষতপৌত্রঃ ॥৯৯—১০০॥
এতানিতি। আপততঃ আগচ্ছতঃ। অমেয়াত্মা অজ্ঞেয়শক্তির্ভীষ্মঃ ॥১০১॥
সন্নিরুদ্ধেষিতি। পাণ্ডবেষু পাণ্ডবপক্ষীয়েষু সাত্যকিপ্রভৃতিষু ॥১০২॥
তদিতি। অপাস্য পরিত্যজ্য। পিতামহো ভীষ্মঃ ॥১০৩॥

এই সময়ে সাত্যকি, ভীমসেন, পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন, কৈকেয়, ধৃষ্টকেতু ও বলবান্ অভিমন্যু—এই মহারথেরা রথিশ্রেষ্ঠ শ্বেতকে রথবিহীন ও পাদচারী দেখিয়া তাঁহাকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া সম্মিলিত হইয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৯৯—১০০॥

অজ্ঞেয়পরাক্রম ভীষ্ম ইঁহাদিগকে আসিতে দেখিয়া দ্রোণ, শল্য ও কৃপের সহিত মিলিত হইয়া—পর্ব্বত যেমন জলের বেগ নিবারণ করে, সেইরূপ ইঁহাদিগকে নিবারণ করিলেন ॥১০১॥

পাণ্ডবপক্ষীয় মহাত্মারা সকলে নিবারিত হইলে শ্বেত তরবারি আকর্ষণ করিয়া ভীষ্মের ধনু ছেদন করিলেন ॥১০২॥

তখন ভীষ্ম সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া দেবদূতের বাক্য শুনিয়া সত্বর শ্বেতবধে মনোনিবেশ করিলেন ॥১০৩॥

(৯৯)…সহিতাস্ত্বভ্যবর্ত্তন্ত পরীক্ষন্তো মহারথাঃ—বা। (১০১) এতানাপততঃ সর্ব্বান্—রা নি। (১০২) স নিরুদ্ধেষু—রা নি।

ক্ষণেন সজ্যমকরোচ্ছক্রচাপসমপ্রভম্।
পিতা তে ভরতশ্রেষ্ঠ! শ্বেতং দৃষ্ট্বা মহারথৈঃ ॥১০৫॥
বৃতং তং মনুজব্যাঘ্রৈর্ভীমসেনপুরোগমৈঃ।
অভ্যবর্ত্তত গাঙ্গেয়ঃ শ্বেতং সেনাপতিং দ্রুতম্ ॥১০৬॥ (বিশেষকম্)
আপতন্তং ততো ভীষ্মো ভীমসেনং প্রতাপবান্।
আজঘ্নে বিশিখৈঃ ষষ্ট্যা সেনান্যং স মহারথঃ ॥১০৭॥
অভিমন্যুঞ্চ সমরে পিতা দেবব্রতস্তব।
আজঘ্নে ভরতশ্রেষ্ঠস্ত্রিভিঃ সন্নতপর্ব্বভিঃ ॥১০৮॥
সাত্যকিঞ্চ শতেনাজৌ ভরতানাং পিতামহঃ।
ধৃষ্টদ্যুম্নঞ্চ বিংশত্যা কৈকেয়ঞ্চাপি পঞ্চভিঃ ॥১০৯॥
তাংশ্চ সর্ব্বান্ মহেষ্বাসান্ পিতা দেবব্রতস্তব।
বারয়িত্বা শরৈর্ঘোরৈঃ শ্বেতমেবাভিদুদ্রুবে ॥১১০॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রচরমাণঃ অভিধাবন্। সজ্যং সগুণম্। বৃতং বেষ্টিতম্ ॥১০৪—১০৬॥
আপতন্তমিতি। ষষ্ট্যা ষষ্টিসংখ্যকৈঃ, সেনান্যম্ অন্যতমসেনাপতিম্ ॥১০৭॥
অভিমন্যুমিতি। ত্রিভির্বিশিখৈরিত্যনুবৃত্তিঃ ॥১০৮॥
সাত্যকিমিতি। আজৌ যুদ্ধে, শতাদিভির্বিশিখৈরাজঘ্ন ইত্যনুবৃত্তিঃ ॥১০৯॥
তানিতি। মহেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্ ॥১১০॥

তাহার পর আপনার জ্যেষ্ঠতাত মহারথ ভীষ্ম সত্বর ইন্দ্রধনুর তুল্য অন্য একখানা ধনু লইয়া ক্ষণকালমধ্যে তাহাতে গুণারোপণ করিলে এবং ভরতশ্রেষ্ঠ! ভীমসেনপ্রভৃতি নরশ্রেষ্ঠ মহারথেরা শ্বেতকে পরিবেষ্টন করিতে আসিতেছেন দেখিয়া বিরাটসেনাপতি শ্বেতের প্রতি দ্রুত ধাবিত হইলেন ॥১০৪—১০৬॥

তাহার পর অন্যতম সেনাপতি ভীমসেন আসিতে লাগিলেন, প্রতাপশালী মহারথ ভীষ্ম ষষ্টিসংখ্যক বাণদ্বারা তাঁহাকে আঘাত করিলেন ॥১০৭॥

এবং আপনার জ্যেষ্ঠতাত ভরতশ্রেষ্ঠ ভীষ্ম তিনটা অবনতপর্ব্ব বাণদ্বারা যুদ্ধে অভিমন্যুকে প্রহার করিলেন ॥১০৮॥

তৎপরে ভীষ্ম যুদ্ধে শতসংখ্যক বাণদ্বারা সাত্যকিকে, বিংশতিসংখ্যক বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নকে এবং পঞ্চসংখ্যক বাণদ্বারা কৈকেয়কে তাড়ন করিলেন ॥১০৯॥

(১০৬) বৃতং তং তৈর্নরব্যাঘ্রৈঃ—বা।

ততঃ শরং মৃত্যুসমং ভারসাধনমুত্তমম্‌।
বিকৃষ্য বলবান্‌ ভীষ্মঃ সমধত্ত দুরাসদম্‌ ॥১১১॥
ব্রহ্মাস্ত্রেণ সুসংযুক্তং তং শরং লোমবাহিনম্‌।
দদৃশুর্দেবগন্ধর্ব্বাঃ পিশাচোরগরাক্ষসাঃ ॥১১২॥
স তস্য কবচং ভিত্ত্বা হৃদয়ঞ্চামিতৌজসঃ।
জগাম ধরণীং বাণো মহাশনিরিব জ্বলন্‌ ॥১১৩॥
অস্তং গচ্ছন্‌ যথাদিত্যঃ প্রভামাদায় সত্বরঃ।
এবং জীবিতমাদায় শ্বেতদেহাজ্জগাম সঃ ॥১১৪॥
তং ভীষ্মেণ নরব্যাঘ্রং তথা বিনিহতং যুধি।
প্রপতন্তমপশ্যাম গিরেঃ শৃঙ্গমিব চ্যুতম্‌ ॥১১৫॥

ভারতকৌমুদী

তত ইতি। ভারসাধনং সকললক্ষ্যভেদসাধকম্‌। বিকৃষ্য ধনুরাকৃষ্য ॥১১১॥

ব্রহ্মেতি। ব্রহ্মাস্ত্রেণ ব্রহ্মাস্ত্রমন্ত্রেণ। লোমবাহিনং সরলগমনার্থং পুচ্ছদেশে কঙ্কপত্রধারিণম্‌ ॥১১২॥

স ইতি। তস্য শ্বেতস্য। মহাশনির্মহাবজ্রঃ ॥১১৩॥

অস্তমিতি। সত্বরঃ সন্‌ গচ্ছতীতি শেষঃ। এবং তথা, জীবিতং জীবনম্‌ ॥১১৪॥

এইভাবে আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম ভয়ঙ্কর বাণসমূহদ্বারা সেই সকল মহাধনুর্দ্ধরকে বারণ করিয়া শ্বেতের প্রতিই ধাবিত হইলেন ॥১১০॥

তাহার পর মহাবল ভীষ্ম ধনু আকর্ষণ করিয়া মৃত্যুর তুল্য, সকল লক্ষ্যভেদকারী, উত্তম ও দুর্দ্ধর্ষ একটা বাণ শ্বেতের প্রতি সন্ধান করিলেন ॥১১১॥

তখন দেবতা, গন্ধর্ব্ব, পিশাচ, নাগ ও রাক্ষসেরা ব্রহ্মাস্ত্রমন্ত্রে অভিমন্ত্রিত ও কঙ্কপত্রধারী সেই বাণটাকে দেখিতে লাগিলেন ॥১১২॥

ক্রমে মহাবজ্রের ন্যায় উজ্জ্বল সেই বাণটা যাইয়া অমিততেজা শ্বেতের কবচ ও হৃদয় ভেদ করিয়া ভূমির ভিতরে প্রবেশ করিল ॥১১৩॥

অস্তোন্মুখ সূর্য্য যেমন নিজের কিরণ লইয়া সত্বর অস্তাচলে গমন করেন, সেইরূপ সেই বাণটা শ্বেতের দেহ হইতে তাঁহার জীবন লইয়া গমন করিল ॥১১৪॥

তখন আমরা দেখিলাম—পর্ব্বতচ্যুত শৃঙ্গের ন্যায় যুদ্ধে ভীষ্মনিহত নরশ্রেষ্ঠ শ্বেত ভূতলে পতিত হইলেন ॥১১৫॥

(১১১)…সমাধত্ত দুরাসদম্‌—রা নি। (১১৩)…জলদগ্নিসমৌজসঃ—বা ব। (১১৪)…জগাম হ—বা নি।

অশোচন্ পাণ্ডবাস্তত্র ক্ষত্রিয়াশ্চ মহারথাঃ।
প্রহৃষ্টাস্তু সুতাস্তুভ্যং কুরবশ্চাপি সর্ব্বশঃ ॥১১৬॥
ততো দুঃশাসনো রাজন্! শ্বেতং দৃষ্ট্বা নিপাতিতম্।
বাদিত্রনিনদৈর্ঘোরৈর্নৃত্যতি স্ম সমন্ততঃ ॥১১৭॥
তস্মিন্ হতে মহেষ্বাসে ভীষ্মেণাহবশোভিনা।
প্রাবেপন্ত মহেষ্বাসাঃ শিখণ্ডিপ্রমুখা রথাঃ ॥১১৮॥
ততো ধনঞ্জয়ো রাজন্! বার্ষ্ণেয়শ্চাপি সর্ব্বশঃ।
অবহারং শনৈশ্চক্রুর্নিহতে বাহিনীপতৌ ॥১১৯॥
ততোঽবহারঃ সৈন্যানাং তব তেষাঞ্চ ভারত!।
তাবকানাং পরেষাঞ্চ নর্দ্দতাঞ্চ মুহুর্মুহুঃ ॥১২০॥

ভারতকৌমুদী

তমিতি। প্রপতন্তং ভূতলে লুঠন্তম্ ॥১১৫॥

অশোচন্নিতি। ক্ষত্রিয়া বিরাটাদয়ঃ। তুভ্যং তব সুতা দুর্য্যোধনাদয়ঃ ॥১১৬॥

তত ইতি। সমন্ততঃ স্বস্থানে সর্ব্বাসু দিক্ষু ঘূর্ণন্ ॥১১৭॥

তস্মিন্নিতি। আহবশোভিনা বীরকান্ত্যা যুদ্ধশোভিনা ॥১১৮॥

তত ইতি। বার্ষ্ণেয়ঃ, কৃষ্ণঃ, সর্ব্বশঃ অন্যে সর্ব্বে। অবহারং যুদ্ধবিরামম্ ॥১১৯॥

তত ইতি। অবহারো যুদ্ধবিরামো জাত ইতি শেষঃ। তেষাং পাণ্ডবানাম্। মুহুর্মুহুঃ, নর্দ্দতামুৎসাহেন গর্জ্জতাম্, তাবকানাং পরেষাঞ্চ সেনাপতীনামপ্যবহারো জাতঃ ॥১২০॥

সেই সময়ে পাণ্ডবেরা ও পাণ্ডবপক্ষীয় বিরাটপ্রভৃতি মহারথ ক্ষত্রিয়েরা শ্বেতের জন্য শোক করিতে লাগিলেন; আর আপনার পুত্রেরা ও অন্য সকল কুরুপক্ষীয়েরা আনন্দিত হইলেন ॥১১৬॥

রাজা! তাহার পর দুঃশাসন শ্বেতকে নিপাতিত দেখিয়া ভয়ঙ্কর বাদ্যধ্বনির সহিত সকল দিকে ঘুরিয়া ঘুরিয়া নৃত্য করিতে লাগিলেন ॥১১৭॥

যুদ্ধশোভী ভীষ্ম মহাধনুর্দ্ধর শ্বেতকে বধ করিলে শিখণ্ডিপ্রভৃতি মহাধনুর্দ্ধর রথীরা কম্পিত হইতে থাকিলেন ॥১১৮॥

রাজা! বিরাটসেনাপতি শ্বেত নিহত হইলে অর্জ্জুন, কৃষ্ণ এবং অন্য সকলেই ধীরে ধীরে সে দিনের মত যুদ্ধের অবসান করিলেন ॥১১৯॥

ভরতনন্দন! তাহার পর আপনার পক্ষীয় সৈন্য ও পাণ্ডবপক্ষীয় সৈন্যগণের এবং মুহুর্মুহুঃ সিংহনাদকারী আপনার পক্ষীয় ও পাণ্ডবপক্ষীয় সেনাপতিগণের যুদ্ধনিবৃত্তি হইল ॥১২০॥

(১২০)...ততোঽবহারঃ সৈন্যানামুভয়েষাঞ্চ ভারত!...নর্দ্দতাং হর্ষতঃ পুনঃ—বা।

পার্থা বিমনসো ভূত্বা ন্যবর্ত্তন্ত মহারথাঃ।
চিন্তয়ন্তো বধং ঘোরং দ্বৈরথেন পরন্তপাঃ ॥১২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে প্রথমদিবসযুদ্ধে শ্বেতবধে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

—:*:—

ধৃতরাষ্ট্র উবাচ।

শ্বেতে সেনাপতৌ তাত! সংগ্রামে নিহতে পরৈঃ।
কিমকুর্ব্বন্ মহেষ্বাসাঃ পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ ॥১॥
সেনাপতিং সমাকর্ণ্য শ্বেতং যুধি নিপাতিতম্।
তদর্থং যততাঞ্চাপি পরেষাং প্রপলায়িনাম্ ॥২॥
মনঃ প্রীণাতি মে বাক্যং জয়ং সঞ্জয়! শৃণ্বতঃ।
প্রত্যবায়ং চিন্তয়তো লজ্জাং প্রাপ্নোতি মে নহি ॥৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পার্থা ইতি। বধং শ্বেতস্য, দ্বৈরথেন দ্বৈরথযুদ্ধেন ॥১২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

শ্বেত ইতি। হে তাত! বৎস! সঞ্জয়!। পরৈর্ভীষ্মাদিভিঃ ॥১॥

সেনেতি। তদর্থং শ্বেতরক্ষার্থম্। প্রপলায়িনাং বৃত্তান্তঞ্চ সমাকর্ণ্যেত্যর্থঃ। মে মনঃ প্রীণাতি প্রীতিমনুভবতি। তথা হে সঞ্জয়! তবেদৃশং বাক্যং স্বকীয়ং জয়ঞ্চ শৃণ্বতঃ, প্রত্যবায়ং

শত্রুতাপন ও মহারথ পাণ্ডবেরা দ্বৈরথযুদ্ধে ভয়ঙ্করভাবে ভীষ্মকর্ত্তৃক শ্বেতের বধ চিন্তা করিতে থাকিয়া বিষণ্ণচিত্ত হইয়া নিবৃত্তি পাইলেন” ॥১২১॥

—:*:—

ধৃতরাষ্ট্র বলিলেন—“বৎস সঞ্জয়! বিরাটসেনাপতি শ্বেত যুদ্ধে ভীষ্মকর্ত্তৃক নিহত হইলে, মহাধনুর্দ্ধর পাণ্ডবগণ ও পাঞ্চালগণ কি করিলেন? ॥১॥

---

(১২১)…ঘোরং কৌরবাণাং পরন্তপ!—বা। (৩)…প্রত্যুপায়ং চিন্তয়ন্তঃ সজ্জনাঃ প্রপ্রবর্ত্তি মে—রা নি।

স হি বীরোঽনুরক্তশ্চ বৃদ্ধঃ কুরুপতিস্তদা।
কৃতং বৈরং সদা তেন পিতুঃ পুত্রেণ ধীমতা ॥৪॥
তস্যোদ্বেগভয়াচ্চাপি সংশ্রিতঃ পাণ্ডবান্ পুরা।
সর্ব্বং বলং পরিত্যজ্য দুর্গং সংশ্রিত্য তিষ্ঠতি ॥৫॥
পাণ্ডবানাং প্রতাপেন দুর্গদেশং প্রবিশ্য চ।
সপত্নশতসংবাধে সত্যেবং সমবস্থিতঃ ॥৬॥
আশ্চর্য্যং বৈ সদা তেষাং পুরা রাজ্ঞাং সুদুর্ম তঃ।
ততো যুধিষ্ঠিরে ভক্তঃ কথং সঞ্জয়! সূদিতঃ ॥৭॥

ভারতকৌমুদী

পাণ্ডবেষাত্মনঃ পাপাচরণম্, চিন্তয়তোঽপি মে মনঃ, লজ্জাং নহি প্রাপ্নোতি, জয়শ্রবণজনিতানন্দেনাকুলীকৃতত্বাদিতি ভাবঃ ॥২—৩॥

শ্বেতেতিহাসমাহ চতুর্ভি শ্লোকৈঃ। স ইতি। স বীরো বৃদ্ধশ্চ কুরুপতির্ভীষ্মঃ, তদা আদৌ, শ্বেতং প্রতি অনুরক্ত এবাসীৎ। কিন্তু পিতুর্বিরাটস্য ধীমতা পুত্রেণ শ্বেতেন, তেন কুরুপতিনা সহ সদা বৈরং কৃতম্, উত্তরগোগ্রহাৎ পরমিত্যাশয়ঃ ॥৪॥

তস্যেতি। তস্য ভীষ্মস্য, উদ্বেগেন শঙ্কয়া যুক্তং ভয়ম্ উদ্বেগভয়ং তস্মাৎ। মধ্যপদলোপী সমাসঃ। তিষ্ঠতি স্ম শ্বেত ইতি শেষঃ ॥৫॥

পাণ্ডবানামিতি। সপত্নশতসংবাধে বহুশত্রুপীড়াসম্ভবেঽপি ॥৬॥

দেখ সঞ্জয়! বিরাটসেনাপতি শ্বেত যুদ্ধে নিপাতিত হইয়াছেন এবং তাঁহার রক্ষার জন্য যত্নবান্ বিপক্ষেরা পলায়ন করিয়াছে—এই বৃত্তান্ত শুনিয়া আমার মন প্রীতিই অনুভব করিতেছে; কিন্তু তোমার বাক্য ও জয়ের বৃত্তান্ত শুনায় পাণ্ডবগণের প্রতি নিজের অন্যায় আচরণ স্মরণ করিয়াও আমার মন লজ্জা পাইতেছে না ॥২—৩॥

বীর ও বৃদ্ধ ভীষ্ম প্রথমে শ্বেতের প্রতি অনুরক্তই ছিলেন; কিন্তু উত্তরগোগ্রহের পর হইতেই বিরাটপুত্র বুদ্ধিমান্ শ্বেত ভীষ্মের সহিত সর্ব্বদাই শত্রুতা করিতেন; (তাহাতেই ভীষ্ম শ্বেতের বিদ্বেষী হইয়াছিলেন) ॥৪॥

সুতরাং শ্বেত ভীষ্মের আশঙ্কায় ও ভয়ে পূর্ব্বেই পাণ্ডবগণের আশ্রয় লইয়াছিলেন এবং নিজের সমস্ত সৈন্য ত্যাগ করিয়া দুর্গ অবলম্বন করিয়া থাকিতেন ॥৫॥

বহু শত্রুর আক্রমণসম্ভাবনা থাকিলেও শ্বেত দুর্গ আশ্রয় করিয়া পাণ্ডবগণের প্রতাপে এযাবৎ সুস্থ ছিলেন ॥৬॥

(৪)…কৃতবৈরঃ—বা। (৬)…দুর্গং দেশং নিবেশ্য চ। সপত্নান্ সততং বাধমাধ্যবৃত্তিমহ্লিতঃ—বা নি। (৭) আশ্চর্য্যো বৈ—বা।

প্রক্ষিপ্তঃ সম্মতঃ ক্ষুদ্রঃ পুত্রো মে পুরুষাধমঃ।
ন যুদ্ধং রোচয়েদ্ভীষ্মো ন চাচার্য্যঃ কথঞ্চন ॥৮॥
ন কৃপো ন চ গান্ধারী নাহং সঞ্জয়! রোচয়ে।
ন বাসুদেবো বার্ষ্ণেয়ো ধর্ম্মরাজশ্চ পাণ্ডবঃ ॥৯॥
ন ভীমো নার্জ্জুনশ্চৈব ন যমৌ পুরুষর্ষভৌ।
বার্য্যমাণো ময়া নিত্যং গান্ধার্য্যা বিদুরেণ চ ॥১০॥
জামদগ্ন্যেন রামেণ ব্যাসেন চ মহাত্মনা।
দুর্য্যোধনো যুধ্যমানো নিত্যমেব হি সঞ্জয়! ॥১১॥
কর্ণস্য মতমাস্থায় সৌবলস্য চ পাপকৃৎ।
দুঃশাসনস্য চ তথা পাণ্ডবান্ নান্বচিন্তয়ৎ ॥১২॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

অথ দক্ষিণগোগ্রহপ্রবৃত্তেষু সুশর্ম্মাদিষু কীদৃশ আসীদিত্যাহ—আশ্চর্য্যমিতি। পুরা তেষাং সুশর্ম্মাদীনাং রাজ্ঞাং সম্বন্ধে, আশ্চর্য্যং সাতিশয়মেব, সুদুর্মতিঃ অতীববৈরদূষিতবুদ্ধিরাসীৎ শ্বেতঃ; ততশ্চ দক্ষিণগোগ্রহযুদ্ধে পাণ্ডবৈর্জয়লাভাৎ যুধিষ্ঠিরে ভক্তঃ অভবৎ। হে সঞ্জয়! কথং স্বদিত ঈদৃশঃ সুদুর্দ্ধর্ষঃ শ্বেতঃ কথং নিপাতিতো ভীষ্মেণ ॥৭॥

ইদানীং দুর্য্যোধনমাক্ষিপতি প্রেতি। প্রক্ষিপ্তঃ অস্থিরমতিঃ সম্মতঃ, কর্ণাদীনাং প্রিয়ঃ, ক্ষুদ্রঃ অল্পবুদ্ধিঃ। আচার্য্যো দ্রোণঃ ॥৮॥

নেতি। বার্ষ্ণেয়ো বৃষ্ণিবংশীয়ঃ ॥৯॥

নেতি। যমৌ নকুলসহদেবৌ। যুধ্যমানো ভবিতুমিচ্ছতীতি শেষঃ। আস্থায় অবলম্ব্য, সৌবলস্য শকুনেঃ। পাণ্ডবান্ পাণ্ডবানাং বীরত্বাদিগুণান্ ॥১০—১২॥

পূর্ব্বে (দক্ষিণগোগ্রহযুদ্ধে) সুশর্ম্মাদি রাজার উপরে শ্বেত অত্যন্ত বিদ্বেষী ছিলেন; পরে যুধিষ্ঠিরের অনুরক্ত হইয়াছিলেন। সঞ্জয়! এ হেন শ্বেতকে ভীষ্ম কি করিয়া নিপাতিত করিলেন! ॥৭॥

আমার পুত্র পুরুষাধম দুর্য্যোধনটা অস্থিরবুদ্ধি, কর্ণপ্রভৃতির প্রিয় এবং অল্পবুদ্ধি। কেন না, সঞ্জয়! ভীষ্ম বা দ্রোণ কোন প্রকারেই যুদ্ধ করা ভাল মনে করেন নাই ॥৮॥

আর কৃপাচার্য্য, গান্ধারী, আমি, বৃষ্ণিবংশীয় কৃষ্ণ এবং ধর্ম্মরাজ যুধিষ্ঠির, আমাদেরও যুদ্ধ করার ইচ্ছা ছিল না ॥৯॥

তা'র পর ভীম, অর্জ্জুন, নকুল এবং সহদেবও যুদ্ধ করিবার ইচ্ছা করেন নাই। বরং, আমি, গান্ধারী, বিদুর, জমদগ্নিনন্দন পরশুরাম ও মহাত্মা বেদব্যাস,

তস্যাহং ব্যসনং ঘোরং মন্যে প্রাপ্তস্য সঞ্জয়!।
শ্বেতস্য চ বিনাশেন ভীষ্মস্য বিজয়েন চ ॥১৩॥
সংক্রুদ্ধঃ কৃষ্ণসহিতঃ পার্থঃ কিমকরোদ্যুধি।
অর্জ্জুনাদ্ধি ভয়ং ভূয়স্তন্মে তাত! ন শাম্যতি ॥১৪॥
স হি শূরশ্চ কৌন্তেয়ঃ ক্ষিপ্রকারী ধনঞ্জয়ঃ।
মন্যে শরৈঃ শরীরাণি শত্রূণাং প্রমথিষ্যতি ॥১৫॥
ঐন্দ্রিমিন্দ্রানুজসমং মহেন্দ্রসদৃশং বলে।
অমোঘক্রোধসঙ্কল্পং দৃষ্ট্বা বঃ কিমভূন্মনঃ ॥১৬॥
তথৈব বেদবিচ্ছূরো জ্বলনার্কসমদ্যুতিঃ।
ইন্দ্রাস্ত্রবিদমেয়াত্মা প্রপতন্ সমিতিঞ্জয়ঃ ॥১৭॥

ভারতকৌমুদী

তস্যেতি। ব্যসনং বিপদম্। প্রাপ্তমুপস্থিতম্ ॥১৩॥

সংক্রুদ্ধ ইতি। পার্থোঽর্জ্জুনঃ। ভূয়ো বহুলম্ ॥১৪॥

স ইতি। ক্ষিপ্রকারী দ্রুতাস্ত্রক্ষেপী। প্রমথিষ্যতি আলোড়য়িষ্যতি ॥১৫॥

ঐন্দ্রিমিতি। হে সঞ্জয়! ইন্দ্রানুজঃ কৃষ্ণস্তৎসমম্, বলে মহেন্দ্রসদৃশম্, অমোঘৌ অব্যর্থৌ ক্রোধসঙ্কল্পৌ যস্য তম্, ঐন্দ্রিম্ ইন্দ্রপুত্রমর্জ্জুনং দৃষ্ট্বা, বো যুষ্মাকম্, মনঃ, কিং কীদৃশমভূৎ। বিষাদ-বিকলমেবাভূদিতি ভাবঃ ॥১৬॥

তথেতি। জ্বলনার্কসমদ্যুতিঃ অগ্নিসূর্য্যতুল্যতেজাঃ। প্রপতন্ গচ্ছন্নেব, সমিতিঞ্জয়ো যুদ্ধজেতা ॥১৭॥

আমরা সর্ব্বদাই যুদ্ধ করিতে বারণ করিয়াছি; তথাপি পাপকারী দুর্য্যোধন—কর্ণ, শকুনি ও দুঃশাসনের মতানুবর্ত্তী হইয়া সর্ব্বদা যুদ্ধ করিবারই ইচ্ছা করে; কিন্তু সঞ্জয়! পাণ্ডবগণের বীরত্বপ্রভৃতি গুণ স্মরণ করে না ॥১০—১২॥

অথচ সঞ্জয়! শ্বেতের বিনাশে ও ভীষ্মের জয়ে দুর্য্যোধনের ভয়ঙ্কর বিপদই উপস্থিত হইয়াছে বলিয়া আমি মনে করি ॥১৩॥

কৃষ্ণের সহিত মিলিত অর্জ্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যুদ্ধে কি করিয়াছিলেন? বৎস! সঞ্জয়! অর্জ্জুন হইতে আমার যে গুরুতর ভয় আছে, তাহা কিছুতেই নিবৃত্তি পায় না ॥১৪॥

কারণ, কুন্তীনন্দন অর্জ্জুন বীর ও ক্ষিপ্রকারী; সুতরাং আমি মনে করি—তিনি বাণদ্বারা শত্রুপক্ষের শরীরগুলিকে মন্থন করিয়া থাকিবেন ॥১৫॥

সঞ্জয়! বুদ্ধিতে কৃষ্ণের তুল্য, বলে ইন্দ্রের সমান এবং অব্যর্থক্রোধ ও অব্যর্থ-সঙ্কল্প অর্জ্জুনকে দেখিয়া তোমাদের মন কিরূপ হইয়াছিল? ॥১৬॥

বজ্রসংস্পর্শরূপাণামস্ত্রাণাঞ্চ প্রযোজকঃ।
স খড়্গাক্ষেপহস্তস্তু ঘোষং চক্রে মহারথঃ ॥১৮॥
স সঞ্জয়! মহাপ্রাজ্ঞো দ্রুপদস্যাত্মজো বলী।
ধৃষ্টদ্যুম্নঃ কিমকরোচ্ছ্বেতে যুধি নিপাতিতে ॥১৯॥
পুরা চৈবাপরাধেন বধেন চ চমূপতেঃ।
মন্যে মনঃ প্রজজ্বাল পাণ্ডবানাং মহাত্মনাম্ ॥২০॥
তেষাং ক্রোধং চিন্তয়ংস্তু অহঃসু চ নিশাসু চ।
ন শান্তিমধিগচ্ছামি দুর্য্যোধনকৃতেন হি।
কথঞ্চাভূন্মহাযুদ্ধং সর্ব্বমাচক্ষ্ব সঞ্জয়! ॥২১॥

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্! স্থিরো ভূত্বা তবাপনয়নো মহান্।
ন চ দুর্য্যোধনে দোষমিমমাধাতুমর্হসি ॥২২॥

ভারতকৌমুদী

বজ্রেতি। প্রযোজকো নিক্ষেপকঃ। খড়্গাক্ষেপে অসেরাকর্ষণে হস্তো যস্য সঃ ॥১৮॥

স ইতি। কিমকরোৎ, কৌরবাণামাক্রমণমেবাকরোদিত্যাশয়ঃ ॥১৯॥

পুরেতি। অপরাধেন বিষদানাদিনানাত্যাচারেণ। চমূপতেঃ শ্বেতস্য ॥২০॥

তেষামিতি। দুর্য্যোধনস্য কৃতেন কার্য্যেণ। কথং কীদৃশম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

বেদবিৎ, বীর, অগ্নি ও সূর্য্যের তুল্য তেজস্বী, ঐন্দ্রাস্ত্রজ্ঞ ও অজ্ঞেয়শক্তি অর্জ্জুন যুদ্ধে যাইয়াই জয় করিয়া থাকেন ॥১৭॥

আর মহারথ অর্জ্জুন বজ্রের তুল্য অস্ত্র নিক্ষেপ করেন এবং তরবারি আকর্ষণ করিয়াই সিংহনাদ করিয়া থাকেন ॥১৮॥

সঞ্জয়! যুদ্ধে শ্বেত নিপাতিত হইলে দ্রুপদরাজার পুত্র মহাপ্রাজ্ঞ ও বলবান্ ধৃষ্টদ্যুম্ন কি করিয়াছিলেন? ॥১৯॥

আমি মনে করি—আমাদের পূর্ব্বকৃত অপরাধে ও সেনাপতি শ্বেতের বধে মহাত্মা পাণ্ডবগণের মন ক্রোধে জ্বলিয়া উঠিয়াছিল ॥২০॥

দুর্য্যোধনের ব্যবহারে পাণ্ডবগণের যে ক্রোধ জন্মিয়াছে, তাহা চিন্তা করিয়া আমি দিনে বা রাত্রিতে কোন সময়েই শান্তি পাইতেছি না। সে যাহা হউক, সঞ্জয়! কিরূপ মহাযুদ্ধ হইয়াছিল, তাহার বৃত্তান্ত সকল বল” ॥২১॥

সঞ্জয় বলিলেন—“রাজা! স্থির হইয়া শ্রবণ করুন। আপনারই ত গুরুতর দুর্নীতি; সুতরাং আপনি দুর্য্যোধনের উপরে এ দোষের আরোপ করিতে পারেন না ॥২২॥

গতোদকে সেতুবন্ধো যাদৃক্ তাদৃগুমতিস্তব।
সন্দীপ্তে ভবনে যদ্বৎ কূপস্য খননং তথা ॥২৩॥
গতপূর্ব্বাহ্নভূয়িষ্ঠে তস্মিন্নহনি দারুণে।
তাবকানাং পরেষাঞ্চ পুনর্যুদ্ধমবর্ত্তত ॥২৪॥
শ্বেতস্তু নিহতং দৃষ্ট্বা বিরাটস্য চমূপতিম্।
কৃতবর্ম্মণা চ সহিতং দৃষ্ট্বা শল্যমবস্থিতম্ ॥২৫॥
শঙ্খঃ ক্রোধাৎ প্রজজ্বাল হবিষা হব্যবাড়িব।
স বিস্ফার্য্য মহচ্চাপং শক্রচাপোপমং বলী ॥২৬॥
অভ্যধাবজ্জিঘাংসন্ বৈ শল্যং মদ্রাধিপং যুধি।
মহতা রথসংঘেন সমন্তাৎ পরিরক্ষিতঃ ॥২৭॥ (বিশেষকম্)
সৃজন্ বাণময়ং বর্ষং প্রায়াচ্ছল্যরথং প্রতি।
তমাপতন্তং সংপ্রেক্ষ্য মত্তবারণবিক্রমম্ ॥২৮॥
তাবকানাং রথাঃ সপ্ত সমন্তাৎ পর্য্যবারয়ন্।
মদ্ররাজং পরীপ্সন্তো মৃত্যোর্দংষ্ট্রান্তরং গতম্ ॥২৯॥

ভারতকৌমুদী

শৃণ্বিতি। অপনয়নঃ অত্যাচারঃ। পুংস্ত্বমার্ষম্। আধাতুমারোপয়িতুম্ ॥২২॥

গতেতি। গতোদকে খাতে। সন্দীপ্তে অগ্নিনা দগ্ধে, তদগ্নিনির্ব্বাপণার্থং খননম্ ॥২৩॥

গতেতি। গতঃ পূর্ব্বাহ্নস্য ভূয়িষ্ঠো বহুলাংশো যস্য তস্মিন্ ॥২৪॥

শ্বেতমিতি। অমীষাং শ্লোকানাং সপ্তচত্বারিংশাধ্যায়গতৈদৃশশ্লোকনাকৈকানুপূর্ব্বীকত্বেঽপি ব্যক্তিভেদবিষয়ত্বান্ন পুনরুক্তিদোষঃ। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্। শঙ্খোঽপি বিরাটপুত্র এব। হব্যবাট্ অগ্নিঃ। জিঘাংসন্ হন্তুমিচ্ছন্। সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু ॥২৫—২৭॥

মহারাজ! জল চলিয়া গেলে যেমন খালে সেতুবন্ধনের বুদ্ধি এবং গৃহ দগ্ধ হইয়া গেলে পর যেমন সেই অগ্নিনির্ব্বাপণের জন্য কূপখননের ইচ্ছা, এখন আপনার এ বুদ্ধিও সেইরূপই ॥২৩॥

সে যাহা হউক, সেই ভয়ঙ্কর দিনের পূর্ব্বাহ্নের অধিক অংশ অতীত হইলে আপনার পক্ষীয় ও পাণ্ডবপক্ষীয়গণের পুনরায় যুদ্ধারম্ভ হইল ॥২৪॥

বিরাটরাজার সেনাপতি শ্বেতকে নিহত দেখিয়া এবং শল্যরাজাকে কৃতবর্ম্মার সহিত একরথে অবস্থিত লক্ষ্য করিয়া—ঘৃতদ্বারা অগ্নির ন্যায় শঙ্খ ক্রোধে জ্বলিয়া উঠিলেন এবং বলবান্ শঙ্খ ইন্দ্রধনুর তুল্য বিশাল ধনু বিস্ফারিত করিয়া সকল দিকে বিশাল রথিসমূহে পরিরক্ষিত হইয়া যুদ্ধে মদ্ররাজ শল্যকে বধ করিবার ইচ্ছা করিয়া ধাবিত হইলেন ॥২৫—২৭॥

বৃহদ্বলশ্চ কৌশল্যো জয়ৎসেনশ্চ মাগধঃ।
তথা রুক্মরথো রাজন্! পুত্রঃ শল্যস্য মানিতঃ ॥৩০॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ।
বৃহৎক্ষত্রস্য দায়াদঃ সৈন্ধবশ্চ জয়দ্রথঃ ॥৩১॥ (কলাপকম্)
নানাধাতুবিচিত্রাণি কার্ম্মুকাণি মহাত্মনাম্।
বিস্ফারিতান্যদৃশ্যন্ত তোয়দেম্বিব বিদ্যুতঃ ॥৩২॥
তে তু বাণময়ং বর্ষং শঙ্খমূর্দ্ধ্ন্যপাতয়ন্।
নিদাঘান্তেঽনিলোদ্ধূতা মেঘা ইব নগে জলম্ ॥৩৩॥
ততঃ ক্রুদ্ধো মহেষ্বাসঃ সপ্তভল্লৈঃ সুতেজনৈঃ।
ধনূংষি তেষামাচ্ছিদ্য ননর্দ্দ পৃতনাপতিঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

সৃজন্নিতি। সৃজন্ নিক্ষিপন্। মত্তবারণবিক্রমং মত্তহস্তিতুল্যপরাক্রমম্। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ। কৌশল্যঃ কোশলদেশাধিপতিঃ। মাগধো মগধরাজঃ। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ, কাম্বোজঃ কম্বোজরাজঃ। দায়াদঃ পুত্রঃ, সৈন্ধবঃ সিন্ধুরাজঃ ॥২৮—৩১॥

নানেতি। নানাধাতুবিচিত্রাণি স্বর্ণাদিবহুধাতুখচিতানি। তোয়দেষু মেঘেষু ॥৩২॥

ত ইতি। নিদাঘান্তে গ্রীষ্মাবসানে, অনিলোদ্ধূতা বায়ুচালিতাঃ, নগে পর্ব্বতে ॥৩৩॥

এবং শঙ্খ বাণবর্ষণ করিতে থাকিয়া শল্যের রথের দিকে গমন করিতে লাগিলেন। রাজা! তখন কোশলরাজ বৃহদ্বল, মগধরাজ জয়ৎসেন, সম্মানী শল্যের পুত্র রুক্মরথ, অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ, কম্বোজরাজ সুদক্ষিণ এবং বৃহৎক্ষত্রের পুত্র সিন্ধুরাজ জয়দ্রথ, আপনার পক্ষের এই সাত জন রথী মত্ত হস্তীর তুল্য বিক্রমশালী শঙ্খকে আসিতে দেখিয়া, মৃত্যুর দন্তের ভিতরে প্রবিষ্টের ন্যায় অবস্থিত মদ্ররাজ শল্যকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া, সকল দিক্ হইতে তাঁহাকে বেষ্টন করিলেন ॥২৮—৩১॥

সেই সময়ে আমরা দেখিলাম—মেঘের উপরে যেমন বিদ্যুৎ প্রকাশ পায়, সেইরূপ সেই মহাত্মাদের হাতে নানাধাতুখচিত ধনু সকল বিস্ফারিত হইয়াছে ॥৩২॥

তাহার পর গ্রীষ্মাবসানে বায়ুচালিত মেঘ সকল যেমন পর্ব্বতের উপরে জল বর্ষণ করে, সেইরূপ সেই সাত জন রথী শঙ্খের মস্তকের উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥৩৩॥

(৩৩)...মেঘা ইব নতোজলম্—বা।

ততো ভীষ্মো মহাবাহুর্বিনদ্য জলদো যথা।
তালমাত্রং ধনুর্গৃহ্য শঙ্খমভ্যদ্রবদ্রণে ॥৩৫॥
তমুদ্যন্তমুদীক্ষ্যাথ মহেষ্বাসং মহাবলম্।
সন্ত্রস্তা পাণ্ডবী সেনা বাতবেগহতেব নৌঃ ॥৩৬॥
তত্রার্জ্জুনঃ সংত্বরিতঃ শঙ্খস্যাসীৎ পুরঃসরঃ।
ভীষ্মাদ্রক্ষ্যোঽয়মদ্যেতি তত্র যুদ্ধমবর্ত্তত ॥৩৭॥
হাহাকারো মহানাসীদ্ যোধানাং যুধি যুধ্যতাম্।
তেজস্তেজসি সংপৃক্তমিত্যেবং বিস্ময়ং যযুঃ ॥৩৮॥
অথ শল্যো গদাপাণিরবতীর্য্য মহারথাৎ।
শঙ্খস্য চতুরো বাহানবধীদ্ভরতর্ষভ ! ॥৩৯॥

ভারতকৌমুদী

তত ইতি। তেষাং সপ্তানামেব, আচ্ছিদ্য সম্যক্ ছিত্বা, পৃতনাপতিঃ শঙ্খঃ ॥৩৪॥
তত ইতি। তালমাত্রং তালতরুপ্রমাণং বৃহৎ, গৃহ্য গৃহীত্বা ॥৩৫॥
তমিতি। উদ্যন্তং যুদ্ধায়োদ্যতম্, উদীক্ষ্য দৃষ্ট্বা। নৌস্তরিঃ ॥৩৬॥
তত্রেতি। পুরঃসরঃ অগ্রবর্ত্তী। ইতি মনসি বিভাব্যেতি শেষঃ ॥৩৭॥
হাহেতি। যোধানামুভয়পক্ষীয়াণামেব। সংপৃক্তং সম্মিলিতম্ ॥৩৮॥
অথেতি। চতুরঃ চতুঃসংখ্যকান্, বাহান্ অশ্বান্ ॥৩৯॥

তাহার পর মহাধনুর্দ্ধর শঙ্খ ক্রুদ্ধ হইয়া শিলাশাণিত সাতটা ভল্লদ্বারা তাঁহাদের সাত জনেরই সাতখানা ধনু ছেদন করিয়া গর্জ্জন করিতে লাগিলেন ॥৩৪॥

তৎপরে মহাবাহু ভীষ্ম মেঘের ন্যায় গর্জ্জন করিয়া তালবৃক্ষপ্রমাণ বিশাল ধনু ধারণপূর্ব্বক শঙ্খের প্রতি যুদ্ধে ধাবিত হইলেন ॥৩৫॥

তদনন্তর মহাধনুর্দ্ধর ও মহাবল ভীষ্মকে, যুদ্ধে উদ্যত দেখিয়া পাণ্ডবসেনা বায়ুবেগতাড়িতা নৌকার ন্যায় ভীত হইয়া পড়িল ॥৩৬॥

'আজ ভীষ্ম হইতে শঙ্খকে রক্ষা করিতে হইবে' ইহা মনে করিয়া অর্জ্জুন তখন সত্বর যাইয়া শঙ্খের অগ্রবর্ত্তী হইলেন। সেই সময়ে যুদ্ধারম্ভ হইল ॥৩৭॥

এই সময়ে সমরাঙ্গনে যুধ্যমান যোদ্ধৃগণের অত্যন্ত হাহাকার উপস্থিত হইল এবং 'একটা তেজ অপর তেজে মিলিত হইয়াছে' ভাবিয়া তাহারা বিস্ময়াপন্ন হইল ॥৩৮॥

---

(৩৭) ততোঽর্জ্জুনঃ...ততো যুদ্ধম্—রা নি। (৩৯)...বাহানহনৎ—রা নি।

স হতাশ্বাদ্রথাত্তূর্ণং খড়্গমাদায় বিদ্রুতঃ।
বীভৎসোশ্চ রথং প্রাপ্য পুনঃ শান্তিমবিন্দত ॥৪০॥
ততো ভীষ্মরথাত্তূর্ণমুৎপতন্তি পতত্রিণঃ।
যৈরন্তরীক্ষং ভূমিশ্চ সর্ব্বতঃ সমবস্তৃতা ॥৪১॥
পাঞ্চালানথ মৎস্যাংশ্চ কেকয়াংশ্চ প্রভদ্রকান্।
ভীষ্মঃ প্রহরতাং শ্রেষ্ঠঃ পাতয়ামাস পত্রিভিঃ ॥৪২॥
উৎসৃজ্য সমরে রাজন্! পাণ্ডবং সব্যসাচিনম্।
অভ্যদ্রবত পাঞ্চাল্যং দ্রুপদং সেনয়া বৃতম্ ॥৪৩॥
প্রিয়সম্বন্ধিনং রাজন্! শরাংশ্চ বিকিরন্ বহূন্।
অগ্নিনেব প্রদগ্ধানি বনানি শিশিরাত্যয়ে ॥৪৪॥
শরদগ্ধান্যদৃশ্যন্ত সৈন্যানি দ্রুপদস্য হ।
অত্যতিষ্ঠদ্রণে ভীষ্মো বিধূম ইব পাবকঃ ॥৪৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

স ইতি। স শঙ্খঃ। বিদ্রুতো গতঃ সন্। বীভৎসোরর্জ্জুনস্য ॥৪০॥
তত ইতি। উৎপতন্তি উড্ডয়ন্তে স্ম, পতত্রিণো বাণাঃ। সমবস্তৃতা ব্যাপ্তা ॥৪১॥
পাঞ্চালানিতি। প্রহরতাং যোদ্ধৃণাম্। পত্রিভির্বাণৈঃ ॥৪২॥
উদিতি। অভ্যদ্রবত অভ্যধাবৎ। প্রিয়সম্বন্ধিনং দ্রৌপদ্যাঃ পিতৃত্বাৎ। বিকিরন্ নিক্ষিপন্। শিশিরাত্যয়ে শীতাপগমে। অত্যতিষ্ঠৎ অতিশয়েন স্থিতঃ ॥৪৩—৪৫॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর শল্য গদা ধারণ করিয়া রথ হইতে নামিয়া যাইয়া শঙ্খের চারিটা অশ্বকেই বধ করিলেন ॥৩৯॥

তখন শঙ্খ তরবারি ধারণ করিয়া হতাশ্ব রথ হইতে সত্বর যাইয়া অর্জ্জুনের রথে উঠিয়া পুনরায় শান্তি লাভ করিলেন ॥৪০॥

তাহার পর ভীষ্মের রথ হইতে সত্বর সত্বর বাণ সকল উড়িতে লাগিল; যে বাণগুলি যাইয়া আকাশ ও পৃথিবীকে সকল দিকে ব্যাপ্ত করিয়াছিল ॥৪১॥

তদনন্তর যোদ্ধৃশ্রেষ্ঠ ভীষ্ম বাণদ্বারা পাঞ্চাল, মৎস্য, কেকয় ও প্রভদ্রকদেশীয় সৈন্যগণকে নিপাত করিতে লাগিলেন ॥৪২॥

রাজা! তখন তিনি যুদ্ধে পাণ্ডুনন্দন অর্জ্জুনকে পরিত্যাগ করিয়া বহুতর বাণ নিক্ষেপ করিতে থাকিয়া সৈন্যে পরিবেষ্টিত প্রিয়সম্বন্ধী পাঞ্চালরাজ

(৪০) স হতাশ্বো রথাৎ...ততঃ শান্তিম্—পি বা। (৪৪) প্রিয়ং সম্বন্ধিনং রাজন্! শরানবকিরন্ বহূন্—রা নিং।

মধ্যন্দিনে যথাদিত্যং তপন্তমিব তেজসা।
ন শেকুঃ পাণ্ডবেয়স্য যোধা ভীষ্মং নিরীক্ষিতুম্ ॥৪৬॥
বীক্ষাঞ্চক্রুঃ সমন্তাত্তে পাণ্ডবা ভয়পীড়িতাঃ।
ত্রাতারং নাভ্যপদ্যন্ত গাবঃ শীতার্দ্দিতা ইব ॥৪৭॥
সা তু যৌধিষ্ঠিরী সেনা গাঙ্গেয়শরপীড়িতা।
সিংহেনেব বিনির্ভিন্না শুক্লা গৌরিব গোপতে! ॥৪৮॥
হতে বিপ্রদ্রুতে সৈন্যে নিরুৎসাহে বিমর্দ্দিতে।
হাহাকারো মহানাসীৎ পাণ্ডুসৈন্যেষু ভারত! ॥৪৯॥
ততো ভীষ্মঃ শান্তনবো নিত্যং মণ্ডলকার্ম্মুকঃ।
মুমোচ বাণান্ দীপ্তাগ্রানহীনাশীবিষানিব ॥৫০॥

ভারতকৌমুদী

মধ্যন্দিন ইতি। ইবশব্দঃ সম্ভাবনায়াম্। পাণ্ডবেয়স্য যুধিষ্ঠিরস্য ॥৪৬॥

বীক্ষামিতি। বীক্ষাঞ্চক্রুর্দদৃশুঃ, সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু। ত্রাতারং রক্ষকম্ ॥৪৭॥

সেতি। বিনির্ভিন্না সংঘাদ্বিশ্লেষিতা, শুক্লেত্যনেন তস্যাঃ সেনায়া অপি শুক্লপরিচ্ছদাদিমত্ত্বং সূচিতম্, একেবশব্দঃ সম্ভাবনয়াম্, হে গোপতে! পৃথিবীপতে! ॥৪৮॥

হত ইতি। বিপ্রদ্রুতে পলায়িতে, সৈন্যে পাণ্ডবসেনায়াম্ ॥৪৯॥

দ্রুপদের দিকে ধাবিত হইলেন। রাজা! ক্রমশঃ বসন্তকালে অগ্নিদগ্ধ বনের ন্যায় দ্রুপদের সৈন্যগণকে ভীষ্মের বাণে দগ্ধ হইতে দেখা গেল। পরে ধূমশূন্য অগ্নির ন্যায় ভীষ্ম সমরাঙ্গনে দৃঢ়ভাবে অবস্থান করিতে লাগিলেন ॥৪৩—৪৫॥

ক্রমশঃ পাণ্ডবসৈন্যেরা মধ্যাহ্নকালীন তেজোদীপ্ত সূর্য্যের ন্যায় ভীষ্মের প্রতি দৃষ্টিপাতও করিতে পারিল না ॥৪৬॥

তৎকালে ভয়পীড়িত সেই পাণ্ডবসৈন্যেরা সকল দিকে দৃষ্টিপাত করিতে লাগিল; কিন্তু শীতার্ত্ত গোগণের ন্যায় কাহাকেও রক্ষক পাইল না ॥৪৭॥

রাজা! সিংহ যেমন শুভ্রবর্ণ গোসমূহকে যূথচ্যুত করে, সেইরূপ ভীষ্মের শর সকল যুধিষ্ঠিরের সেই সৈন্যকে পীড়িত করিয়া সংঘচ্যুত করিল ॥৪৮॥

ভরতনন্দন! অনেক সৈন্য নিহত, পলায়িত, নিরুৎসাহ ও বিমর্দ্দিত হইলে, পাণ্ডবসেনার মধ্যে গুরুতর হাহাকার উত্থিত হইল ॥৪৯॥

তাহার পর শান্তনুনন্দন ভীষ্ম সর্ব্বদা ধনুখানাকে মণ্ডলাকার করিয়া তীক্ষ্ণবিষ সর্পের তুল্য উজ্জ্বলমুখ বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥৫০॥

(৪৭)…ত্রাতারং নাধ্যগচ্ছন্ত—বা নি। (৪৮) অয়ং শ্লোকঃ পি নাস্তি। (৪৯) হতবিপ্রদ্রুতে—পি।

শরৈরেকায়নীকুর্ব্বন্ দিশঃ সর্ব্বা যতব্রতঃ।
জঘান পাণ্ডবরথানাদিশ্যাদিশ্য ভারত ! ॥৫১॥
ততঃ সৈন্যেষু ভগ্নেষু মথিতেষু চ সর্ব্বশঃ।
প্রাপ্তে চাস্তং দিনকরে ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৫২॥
ভীষ্মঞ্চ সমুদীর্য্যন্তং দৃষ্ট্বা পার্থা মহাহবে।
অবহারমকুর্ব্বংস্ত সৈন্যানাং ভরতর্ষভ ! ॥৫৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে শঙ্খযুদ্ধে প্রথমদিবসাবহারে ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতকৌমুদী

তত ইতি। মণ্ডলং গোলাকারং কার্ম্মুকং যস্য সঃ। আশীবিষান্ তীক্ষ্ণবিষান্ ॥৫০॥

শরৈরিতি। একায়নীকুর্ব্বন্ একমাত্রপথীকুর্ব্বন্। যতব্রতশ্চিরব্রহ্মচর্য্যব্রতো ভীষ্মঃ। আদিশ্য আদিশ্য 'যমালয়ং যাহি' ইত্যেবমাজ্ঞাপ্যাজ্ঞাপ্য ॥৫১॥

তত ইতি। ভগ্নেষু সংঘবিচ্যুতেষু। কিঞ্চন ন প্রাজ্ঞায়ত অন্ধকারাবরণাৎ ॥৫২॥

ভীষ্মমিতি। সমুদীর্য্যন্তং শত্রুবিনাশায়োত্তন্তম্। অবহারং যুদ্ধবিরামম্ ॥৫৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

শ্বেত ইতি ॥১—৫০॥ একায়নীকুর্ব্বন্ একমার্গাঃ কুর্ব্বন্ ॥৫১—৫৩॥

ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৪৯॥

—:*:—

ভরতনন্দন ! চিরসংযমী ভীষ্ম সমস্ত দিঙ্মণ্ডলকেই নিজবাণের একমাত্র পথ করিয়া আদেশ দিয়া দিয়া পাণ্ডবপক্ষের রথিগণকে বধ করিতে লাগিলেন ॥৫১॥

তৎপরে সমগ্র পাণ্ডবসৈন্য সংঘচ্যুত ও আলোড়িত হইলে এবং সূর্য্য অস্ত গেলে, অন্ধকার উপস্থিত হওয়ায় কিছুই জানা গেল না ॥৫২॥

ভরতশ্রেষ্ঠ ! তখন পাণ্ডবগণ ভীষ্মকে মহাযুদ্ধে স্বপক্ষবিনাশে সমুদ্যত দেখিয়া আপন সৈন্যদিগকে যুদ্ধ হইতে বিরত করিলেন" ॥৫৩॥

—:*:—

(৫২)···মথিতেষু চ ভারত !—পি।